২০১৮-১৯ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় বিভাগ ভিত্তিক/ সারসংক্ষেপ-

ক্রঃ নং	মন্ত্রণালয় বিভাগের / নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১.	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	০৯	০৯	--	--	৫টি	৬টি	৩৩% হতে ৩০০%	৫টি	২.৫৬% হতে ২৫৭%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ৯টির মধ্যে ৭টি পরিদর্শন করা হয়েছে।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১)ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) ভূমি উন্নয়ন ও আনুষঙ্গিক অবকাঠামো নির্মাণ কাজে সময়ক্ষেপণ; (৩) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৪) প্রকল্প গ্রহণের সময় সুদুঢ় প্রসারী পরিকল্পনা না করে এবং ভবিষ্যৎ প্রেক্ষাপট বিবেচনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.১	প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে অধিক সময় অতিবাহিত হয়েছে। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে ৩৬ মাস (৩০০%) সময় বেশি লেগেছে। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৬৮৩.৭২ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ৭০১.২২ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৭০১.২২ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১৭.৫০ লক্ষ টাকা (২.৫৬%) বৃদ্ধি পেয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।	৩.১	প্রকল্পটি মূল নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে প্রকৃত পক্ষে ১৭.৫০ লক্ষ টাকা বা ২.৫৬% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩৬ মাস বা ৩০০%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়;
৩.২	প্রকল্পের পরিদর্শন তারিখ পর্যন্ত প্লট বরাদ্দ দেওয়া হয়নি। আলোচ্য প্রকল্পের ডিপিপিতে এবং পিসিআর এ ১৪৪ টি প্লট ডিমারকেশন পিলার নির্মাণের বিষয়ে উল্লেখ রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, প্লট ডিমারকেশন পিলার স্থাপন করা হয়নি। প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, প্লট ডিমারকেশন পিলার গুলো ক্রয় করা হয়েছে এবং প্লট বরাদ্দ দেয়ার পর	৩.২	আগ্রহী ব্যক্তিদের প্লট বরাদ্দ ও দখল বুঝিয়ে দেওয়া হলে এবং ডিমারকেশন পিলার অঙ্গের কাজ সম্পাদন করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে;

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেওয়ার সময় প্লট ডিমারকেশন পিলার সমূহ স্থাপন করা হবে। যেহেতু প্লট বরাদ্দ দেওয়া ও পরবর্তীতে প্লট ডিমারকেশন পিলার সুবিধাভোগীদের প্লট দখল বুঝিয়ে দেয়ার জন্য অতিগুরুত্বপূর্ণ তাই প্লট বরাদ্দ দেওয়া এবং ডিমারকেশন পিলার স্থাপন করে সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেওয়া হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে।		
৩.৩	প্রকল্পসমূহে অডিট যথাসময়ে সম্পন্ন হয় না। অডিট কার্যক্রম সম্পাদনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করে অডিট প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া,সমাপ্ত প্রকল্পটির অডিট না হওয়ার কারণ জরুরিভিত্তিতে আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন।	৩.৩	অডিট কার্যক্রম সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করে অডিট প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে;
৩.৪	জাপানিজ প্রযুক্তির মাধ্যমে প্রস্তুতকৃত নন ফায়ার-ব্রিকস বা ব্লক পরিবেশ বান্ধব এবং অর্থনীতিকভাবে টেকসই। কিন্তু এ প্রযুক্তি বিষয়ে উদ্যোক্তা এবং ব্যবহারকারীদের মধ্যে ব্যাপক সাড়া জাগানোর জন্য তেমন কোন প্রচার হচ্ছে না। নন ফায়ার ব্রিকস উৎপাদন ও ব্যবহার বিষয়ে ব্যাপক প্রচার চালানো প্রয়োজন।	৩.৪	জাপানিজ প্রযুক্তির মাধ্যমে প্রস্তুতকৃত নন-ফায়ার্ড ব্রিকস বা ব্লক পরিবেশ বান্ধব এবং অর্থনৈতিকভাবে টেকসই। এ প্রযুক্তি বিস্তারে উদ্যোক্তা এবং ব্যবহারকারীদের মধ্যে ব্যাপক সাড়া জাগানো তথা জনসচেতনতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা সমীচীন হবে;
৩.৫	প্রকল্প এলাকায় স্থাপিত ২ টি বৈদ্যুতিক ট্রান্সফরমারের মধ্যে ১টি ট্রান্সফরমার চুরি হয়েছে। প্রকল্প এলাকায় স্থাপনাসহ বৈদ্যুতিক যন্ত্রপাতির নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।	৩.৫	প্রকল্প এলাকায় স্থাপনাসহ বৈদ্যুতিক যন্ত্রপাতির নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খুলনা জেলার ফুলতলা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) শীর্ষক

প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: "খুলনা জেলার ফুলতলা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)"।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য স্ব-অর্থায়ন		ব্যয় (%)	মেয়াদ
মূল	২৮৯৯.০৪	--	--	২৮৯৯.০৪	জুলাই ২০১৩ হতে জুন ২০১৫		
১ম সংশোধিত	২৮১৫.১০	--	--	২৮১৫.১০	জুলাই ২০১৩ হতে জুন ২০১৮	-৮৩.৯৪ (-২.৮৯%)	৩৬ মাস (১৫০%)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	২৮১৫.১০	--	--	২৮১৫.১০	জুলাই ২০১৩ হতে জুন ২০১৯	-	৪৮মাস (২০০%)
প্রকৃত ব্যয়	২৬৪১.৯৩	--	--	২৬৪১.৯৩	জুলাই ২০১৩ হতে জুন ২০১৯	-২৫৭.১১ (-৮.৮৬%)	৪৮মাস (২০০%)

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় পরিবর্তনের হার: ৮.৮৬% কম (২৫৭.১১ লক্ষ টাকা)
(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ২০০% (৪৮ মাস)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
০১	সরবরাহ ও সেবা	থোক	৫.০০	-	১.০০	-
০২	রক্ষণাবেক্ষণ ও পি,ও,এল	থোক	৩.০০	থোক	১.০০	থোক

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০৩	রিমুনারেশন	থোক	২.৫৬	-	০.৮৮	
০৪	সার্ভে	থোক	২.০০	-	০.৭৬	
	(ক) উপ-মোট :	-	১২.৫৬	-	৩.৬৪	
	(খ) মূলধন:					
০১	যানবাহন: (মোটরসাইকেল)	সংখ্যা	২.০০	-	-	-
০৩	ফার্নিচার	থোক	৫.০০	থোক	০.৫০	থোক
০৪	ভূমি অধিগ্রহণ	একর	১৯৩১.৭৩	১৬.৪৮	১৯৩১.৭৩	১৬.৪৮
০৫	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৩৭৪.৭৯	১,৪৯,৪৯৯	৩৬৬.০৪	১,৩৯,১৬২.৯৪
০৬	রাস্তা নির্মাণ	বঃ মিঃ	১৪৩.৮২	১১,৪০৩.৭৫	১০০.৫৮	৯,৯৩৫.৩৮
০৭	আরসিসি কালভার্ট	আরএম	১৫০.১৪	৩৮৫১	১৩৭.৭৮	--
০৮	প্যালাসাইডিং কাজ	বঃ মিঃ	৮.১৫	১৯৩.৫৩	৫.৬৫	১৯৩.৫৩
০৯	বহিঃ পানি সরবরাহ লাইন ও ডিপ টিউবওয়েল	-	১৭.৬৬	০১টি	---	--
১০	আন্তঃ পানি সরবরাহ লাইন স্থাপন	থোক	২৭.৪৫	২৬৫৪.৭০	---	---
১১	বিদ্যুৎ সরবরাহ লাইন স্থাপন	জব	১১৭.৭০	---	৯৪.৩০	---
১২	বাউন্ডারী ও প্লট ডিমার্কেইশন পিলার	সংখ্যা	৩.৪৮	২০ এবং ৫৬০	১.৭১	
১৩	বৃক্ষরোপন	সংখ্যা	৩.৫৫	৮০০	---	---
	(খ) উপ-মোট:	-	২৭৮৫.৪৭	-	২৬৩৮.২৯	-
	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি :	-	৮.৫৪	-	০.০০	-
	(ঘ) প্রাইস কন্টিনজেন্সি :	-	৮.৫৪	-	০.০০	-
	সর্বমোট (ক+খ+গ+ঘ) :	-	২৮১৫.১০	-	২৬৪১.৯৩	-

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** আলোচ্য প্রকল্পের ডিপিপিতে বহিঃ পানি সরবরাহ এবং আন্তঃ পানি সরবরাহসহ ডিপ টিউবওয়েল স্থাপনের কাজ অনুমোদিত ছিল কিন্তু কাজটি করা হয় নাই। প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছেন যে, পূর্বে অন্যান্য প্রকল্পে পানির লাইনের কাজ সম্পন্ন করা হলেও বরাদ্দ গ্রহীতাগণ বাড়ির কাজ দেরিতে শুরু করায় লাইন নষ্টসহ অন্যান্য সমস্যা দেখা গেছে। কাজেই বর্তমান প্রকল্পটি খুলনা সিটি কর্পোরেশনের আওতায় হওয়ায় বসবাস শুরু হলে পানি সরবরাহের কাজ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সম্পন্ন হবে বিধায় উক্ত খাতে কোন কাজ করা হয় নাই।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

- ❖ তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা।
- ❖ নাগরিক সুবিধা প্রদান এবং সকল প্রকার প্রয়োজনীয় সুযোগ-সুবিধার সাথে পরিকল্পিতভাবে মানব বসতি গড়ে তোলা
- ❖ আগ্রহী ব্যক্তিদের সুলভ মূল্যে স্থায়ীভাবে তাদের নিজস্ব আবাসিক প্লট ক্রয়ের সুযোগের ক্ষেত্র তৈরি করা।

১০। **প্রকল্পের পটভূমি:** গ্রামীণ জনপদের জীবন ব্যবস্থাকে উন্নত করার প্রয়াসে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন গড়ে তোলার প্রয়োজন। সেজন্য কম পরিমাণ জমি ব্যবহার করে প্লট সৃষ্টি করে সুন্দর পরিকল্পিত আবাসের ব্যবস্থা করা আবশ্যক। সে লক্ষ্যে খুলনা জেলার ফুলতলা উপজেলায় ১৬.৪৮ একর জমিতে প্রকল্পের অভ্যন্তরে স্কুলসহ খেলার মাঠ এবং বিভিন্ন নাগরিক সুবিধা সম্বলিত আবাসস্থল গড়ে তোলার জন্য "খুলনা জেলার ফুলতলা উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প " শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়েছে।

১১। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ২৮৯৯.০৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৫ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৭/১১/২০১৩ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ২৮১৫.১০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৮ মেয়াদে ০৫/০৩/২০১৭ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। প্রকল্পটি ১ম বার সংশোধনের ফলে ৮৩.৯৪ লক্ষ টাকা বা ২.৮৯% ব্যয় হ্রাস পায়। প্রকল্পটি ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৯ পর্যন্ত করা হয়। মেয়াদ বৃদ্ধির ফলে প্রকল্পটির মেয়াদ মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় ৪৮ মাস বা ২০০% বৃদ্ধি পায়।

১২। **প্রকল্প এলাকা পরিদর্শন:** প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের-৭ নং সেক্টরের সহকারী পরিচালক জনাব মোঃ পূবন আখতার গত ২০/০১/২০২১ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২.১।**<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**



চিত্র নং-১: প্রকল্পের অধীনে নির্মিত ড্রেন



চিত্র নং-২: প্রকল্পের অধীনে নির্মিত রাস্তা এবং বৈদ্যুতিক পোল



চিত্র নং-৩: প্রকল্প স্থানে ভূমি উন্নয়ন



চিত্র নং-৪: প্যালাসাইডিং কাজ



চিত্র নং-৫: প্রকল্প এলাকায় পরিদর্শক ও প্রকল্প কর্তৃপক্ষ



চিত্র নং-৬: চুরি হওয়া ট্রান্সফরমারের স্থান

১৩। **প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:**

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র পরিচালক (উপ সচিব) জনাব মোঃ রফিকুল আলম গত ১৯/১২/২০১৭ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেন।

১৪। **প্রকল্পের জনবল নিয়োগ:** প্রকল্পের ডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের সকল জনবল জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জনবল হবে। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মো: সাইদ রেজা	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	০২/০৯/২০১০ থেকে ১৮/০১/২০১৫ পর্যন্ত
২	কাজী ফজলুল করিম	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	১৯/০১/২০১৫ থেকে ৩০/০৬/২০১৫ পর্যন্ত
৩।	মো: মঈনুল হক মোতাইদ	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	০১/০৭/২০১৫ থেকে ০২/০৪/২০১৮ পর্যন্ত
৪।	মো: আবু হোরায়রা	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	০২/০৪/২০১৮ থেকে ১৪/০১/২০১৯ পর্যন্ত
৫।	পরিমল কুমার কুরী	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	১৫/০১/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত

১৬| প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: **১৫**(পনেরো) টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

খ. ১. কার্য ক্রয় সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয় পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তিমূল্য		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
		ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধি সংক্রান্ত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
পূর্ত কাজ-১, ২, ৩, ৪ ও ৮	মাটি ভরাট, প্যালাসাইডিং কাজ, হেরিং বোন রাস্তা নির্মাণ, ড্রেন ও কালভার্ট নির্মাণ, ডিপ টিউব ওয়েল, পানির লাইন, বাউন্ডারী পিলার	অক্টোবর-১৩ ও ৭২৫.৪৯ লক্ষ টাকা	২৭/০৯/২০১৬ও৭২৫.৪৯ লক্ষ টাকা	ওটিএম	ওটিএম	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ার ম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	২০১৭ ও ৭২৫.৪৯ **লক্ষ টাকা**	১৬/০১/১৭ ও ৭০০.৯০	১৬/০৭/১৮	৩০/০৬/১৯	১১ মাস	মূল ভূমি হতে প্রকল্পটি একটু উচুতে হওয়ায় বারবার সাইট ভেঙ্গে যাওয়ায় সময় লেগেছে।
পূর্ত কাজ-৯ ও ১০	ইলেক্ট্রিফিকেশন কাজ (২৫০ কেভিএ ট্রান্সফরমার, এলটি লাইন, স্ট্রিট লাইট, অভার হেড লাইন)	২০১৩ ও ৯৭.৭২ লক্ষ টাকা	৩০/০৮/১৭ ও ৯৭.৭২ লক্ষ টাকা	**ওটিএম**	ওটিএম	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ার ম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	মে ২০১৮ ও ৯৭.৭২ লক্ষ টাকা	৯৪.২৯ **লক্ষ টাকা**	২৫/১০/১৭	২৫/০৬/১৮	৮ মাস	

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা।	প্রকল্পের মাধ্যমে ৫ কাঠার ৩২টি এবং ৩ কাঠার ১২৮ টি সহ মোট ১৬০টি আবাসিক প্লট তৈরী করা হয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে মোট ১৬০টি আবাসিক প্লটের ব্যবস্থা করা হয়েছে। ৯.৯৩৫ বর্গফুট হেরিং বোন রাস্তা নির্মাণ, ৫টি ১১৫ ফুটের আসসিসি বক্স কালভার্ট, ১১৯৯০ ফুট ড্রেন এবং ৭০০ ফুট আসসিসি ড্রেন স্ল্যাব নির্মাণ করা হয়েছে। এছাড়া ৬৬টি ইলেক্ট্রিক পোল ও বিদ্যুৎ লাইন স্থাপন করা হয়েছে । উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের ডিজাইন অনুযায়ী আবাসিক প্লট তৈরী করা হয়েছে। যেখানে পরিকল্পিতভাবে আবাস গড়ে তুলে প্রায় ৫০০০ লোকের বসবাস সম্ভব। প্রকল্পের অভ্যন্তরে বাণিজ্যিক প্লট, স্কুলসহ খেলার মাঠ, মসজিদ নির্মাণ করার জন্য জমির সংস্থান রয়েছে।।ফলে প্রকল্প এলাকায় বসবাসকারীদের নাগরিক সুযোগ-সুবিধা প্রদান করা সম্ভব।
(খ) নাগরিক সুবিধা প্রদান এবং সকল প্রকার প্রয়োজনীয় সুযোগ-সুবিধার সাথে পরিকল্পিতভাবে মানব বসতি গড়ে তোলা।	আলোচ্য প্রকল্পের আওতায় ১,৩৯,১৬২ ঘণফুট মাটি ভরাট, ৯.৯৩৫ বর্গফুট হেরিং বোন রাস্তা নির্মাণ, ৫টি ১১৫ ফুটের আসসিসি বক্স কালভার্ট, ১১,৯৯০ ফুট ড্রেন এবং ৭০০ ফুট আসসিসি ড্রেন স্ল্যাব নির্মাণ করা হয়েছে। এছাড়া ৬৬টি	

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
	ইলেক্ট্রিক পোল ও বিদ্যুৎ লাইন স্থাপন করা হয়েছে। প্রকল্পের এলাকার ডিজাইনে বাণিজ্যিক প্লট, স্কুল, খেলার মাঠ ও মসজিদ এর জন্য জমির সংস্থান রয়েছে।	প্রকল্পের অভ্যন্তরে ১৬০টি প্লট সৃষ্টি করা হয়েছে তার মধ্যে ৭৪টি প্লট বরাদ্দ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট প্লটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়েছে যার বরাদ্দ প্রক্রিয়াধীন আছে। বরাদ্দকৃত প্লটগুলির মধ্যে প্রায় ২০ জনকে প্লট হস্তান্তর করা হয়েছে। প্রায় ১০ জনের প্লট রেজিস্ট্রেশন করা হয়েছে। প্রকল্প এলাকায় অবশিষ্ট প্লট সমূহ বরাদ্দ দেয়া হলে আগ্রহী ব্যক্তিদের সংখা বৃদ্ধি পাবে এবং অধিক সংখ্যক জনগণকে নাগরিক সুবিধার সাথে সম্পৃক্ত করা যাবে। এজন্য অবশিষ্ট প্লট সমূহ বরাদ্দ, প্লট হস্তান্তর ও প্লট রেজিস্ট্রেশনের কাজ শেষ করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে মর্মে প্রতীয়মান হয়।
(গ) আগ্রহী ব্যক্তিদের সুলভ মূল্যে স্থায়ীভাবে তাদের নিজস্ব আবাসিক প্লট ক্রয়ের সুযোগের ক্ষেত্র তৈরি করা।	বিভিন্ন আয়তনের ১৬০টি আবাসিক প্লট উন্নয়ন করা হয়েছে।	

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পের অভ্যন্তরে ১৬০টি প্লট সৃষ্টি করা হয়েছে তার মধ্যে ৭৪টি প্লট বরাদ্দ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট প্লটের জন্য আবেদনপত্র গ্রহণ করা হয়েছে যার বরাদ্দ প্রক্রিয়াধীন আছে। বরাদ্দকৃত প্লটগুলির মধ্যে প্রায় ২০ জনকে প্লট হস্তান্তর করা হয়েছে। প্রায় ১০ জনের প্লট রেজিস্ট্রেশন করা হয়েছে। প্রকল্প এলাকায় অবশিষ্ট প্লট সমূহ বরাদ্দ দেয়া হলে সুবিধাভোগীদের সংখা বৃদ্ধি পাবে এবং অধিক সংখক জনগণকে নাগরিক সুবিধার সাথে সম্পৃক্ত করা যাবে মর্মে প্রতীয়মান হয়। এজন্য অবশিষ্ট প্লট সমূহ বরাদ্দ, প্লট হস্তান্তর ও প্লট রেজিস্ট্রেশনের কাজ শেষ করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে মর্মে প্রতীয়মান হয়।

১৯। **অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:**

আলোচ্য প্রকল্পের পিসিআর এর মনিটরিং এন্ড অডিটিং অংশের ২.১ অনুচ্ছেদে ইন্টার্নাল অডিট শিরোনামে উল্লেখ করা হয়েছে যে, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে ইন্টার্নাল অডিট হয়েছে তবে অডিট আপত্তি নেই। ইন্টার্নাল অডিট আপত্তি নেই এ সংক্রান্ত প্রমাণক পরিদর্শনকালে চেয়ে পাওয়া যায়নি। ইন্টার্নাল অডিট সংক্রান্ত প্রমাণক আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন। পিসিআর এর মনিটরিং এন্ড অডিটিং অংশের ২.২ শিরোনামে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের ২০১৬-২০১৮ অর্থবছরে এক্সটার্নাল অডিট হয়েছে তবে অডিট আপত্তি নেই। তবে, পরিদর্শনকালে অডিট সংক্রান্ত তথ্য চাওয়া হলে নিম্নবর্ণিত তথ্য পাওয়া যায়ঃ

অডিটের ধরন	অডিটের অর্থবছর	অডিট আপত্তি সংখ্যা	অডিট আপত্তির শিরোনাম ও অর্থের পরিমাণ	আপত্তি নিষ্পত্তির সংখ্যা	নিষ্পত্তির পর্যায়
এক্স টার্নাল	২০১৬-২০১৮	০১টি	ঠিকাদারের নিকট হতে ভ্যাট বাবদ ৪,৬৪,১৩১/- টাকা কম কর্তন করা হয়েছে যা আদায়যোগ্য।	অনিষ্পন্ন	ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে।

এ প্রকল্পে ১ টি এক্সটার্নাল অডিটে ০১ টি আপত্তি উত্থাপিত হয়েছে। ০১টি আপত্তির সাথে ৪,৬৪,১৩১/- টাকার সম্পৃক্ততা রয়েছে। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২০। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

২০.১। **মেয়াদ বৃদ্ধি ও ব্যয় হ্রাস সংক্রান্ত:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৪৮ মাস (২০০%) সময় বেশি লেগেছে। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় হ্রাস পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৮৯৯.০৪ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২৮১৫.৯০ লক্ষ টাকা।

আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৬৪১.৯৩ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ২৫৭.১১ লক্ষ টাকা (-৮.৮৬%) হ্রাস পেয়েছে।

২০.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ১৮ টি অংগ ছিল। পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের যথাযথ ব্যয় হয়েছে। কোন অংগের ব্যয় ডিপিপি সংস্থানের চেয়ে বেশী হয়নি। আরডিপিপিতে প্রকল্পে সকল অংগের জন্য মোট ২৮১৫.৯০ লক্ষ টাকা সংস্থান ছিল। এ পরিমাণ অর্থ সংস্থান হতে ২৬৪১.৯৩ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে এবং ব্যয় হয়েছে ২৬৪১.৯৩ লক্ষ টাকা, যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৯৩.৮৪%।

২০.৩। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত**: প্রকল্পের জন্য ১৯৩১.৭৩ লক্ষ টাকায় ১৬.৪৮ একর জমি ক্রয় করা হয়েছে। প্রকল্পের অধীনে ১,৩৯,১৬২ ঘণমিটার মাটি ভরাট করা হয়েছে, ৯,৯৩৫ বর্গমিটার হেরিং বোন রাস্তা নির্মাণ করা হয়েছে, ১৯৩.৫৩ বঃমিঃ প্যালাসাইডিং কাজ সম্পন্ন করা হয়েছে। ৫টি ১১৫ ফুট আসসিসি বক্স কালভার্ট, ১১,৯৯০ ফুট ড্রেন এবং ৭০০ ফুট ড্রেন স্ল্যাব এর কাজ সম্পাদন করা হয়েছে। এছাড়া, ৬৬টি ইলেক্ট্রিক পোল ও বিদ্যুৎ লাইন স্থাপন করা হয়েছে।

২০.৪। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান যাচাই এর জন্য ল্যাবরেটরিতে টেস্ট করা হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ জানিয়েছে। তবে এ সংক্রান্ত প্রমাণক পরিদর্শনকালে চেয়ে পাওয়া যায়নি।

২০.৫। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের ০৩ টি উদ্দেশ্য ছিলঃ (ক) তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা, (খ) নাগরিক সুবিধা প্রদান এবং সকল প্রকার প্রয়োজনীয় সুযোগ-সুবিধার সাথে পরিকল্পিতভাবে মানব বসতি গড়ে তোলা এবং (গ) আগ্রহী ব্যক্তিদের সুলভ মূল্যে স্থায়ীভাবে তাদের নিজস্ব আবাসিক প্লট ক্রয়ের সুযোগের ক্ষেত্র তৈরি করা। উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে ডিজাইন অনুযায়ী ৫ কাঠার ৩২টি এবং ৩ কাঠার ১২৮ টি সহ মোট ১৬০টি আবাসিক প্লটের ব্যবস্থা করা হয়েছে। যেখানে পরিকল্পিতভাবে আবাস গড়ে তুলে প্রায় ৫০০০ লোকের বসবাস সম্ভব। আলোচ্য প্রকল্পের আওতায় মাটি ভরাট, রাস্তা নির্মাণ, ড্রেন, কালভার্ট, ইলেক্ট্রিক লাইন স্থাপন করা হয়েছে। প্রকল্পের অভ্যন্তরে বাণিজ্যিক প্লট, স্কুলসহ খেলার মাঠ, মসজিদ নির্মাণ করার জন্য জমির সংস্থান রয়েছে। ফলে প্রকল্প এলাকায় বসবাসকারীদের নাগরিক সুযোগ-সুবিধা প্রদান করা সম্ভব। এছাড়া, প্রাইভেট প্রতিষ্ঠানের তুলনায় কম মূল্যে স্থায়ীভাবে আবাসিক প্লট ক্রয়ের সুযোগ রয়েছে মর্মে প্রতীয়মান হয়। প্রকল্পের অভ্যন্তরে ১৬০টি প্লট সৃষ্টি করা হয়েছে তার মধ্যে ৭৪টি প্লট বরাদ্দ সম্পন্ন করা হয়েছে। অবশিষ্ট প্লট সমূহ বরাদ্দ, প্লট হস্তান্তর ও প্লট রেজিস্ট্রেশনের কাজ শেষ করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে মর্মে প্রতীয়মান হয়।

২০.৬। **প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা**: প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ০৩ টি প্যাকেজ, পূর্ত কাজের জন্য ১১ টি এবং সেবার জন্য ০১ টি সহ মোট (০৩+১১+১)=১৫ টি প্যাকেজ রয়েছে। ১৫ টি প্যাকেজের মধ্যে ডিপিপিতে পূর্ত কাজের জন্য ১১টি প্যাকেজ উল্লেখ রয়েছে। ১১টি প্যাকেজের মধ্যে ৭টি প্যাকেজের কাজ সম্পন্ন হয়েছে। ডিপিপিতে উল্লিখিত পূর্ত কাজ-১ (ভূমি উন্নয়ন), পূর্ত কাজ-২ (রাস্তা নির্মাণ), পূর্ত কাজ-৩ (প্যালাসাইডিং কাজ), পূর্ত কাজ-৪ (কালভার্ট) ও পূর্ত কাজ-৮ (ডিমারকেশন পিলার) এর ক্ষেত্রে ৫ টি প্যাকেজকে বাস্তবে ১ টি প্যাকেজ করা হয়েছে এবং 'এমএস কেটিএ-এমসি (জেভি)' ঠিকাদারী প্রতিষ্ঠানের দ্বারা কাজ সম্পন্ন করা হয়েছে। ডিপিপিতে উল্লিখিত পূর্ত কাজ-৯ (২৫০ কেভিএ ট্রান্সফরমার, এলটি লাইন, স্ট্রিট লাইট) ও পূর্ত কাজ-১০ (অভার হেড লাইন) এর ক্ষেত্রে ২ টি প্যাকেজকে বাস্তবে ১ টি প্যাকেজ করা হয়েছে এবং 'এমএস খোকন ট্রেডিং এজেন্সি' ঠিকাদারী প্রতিষ্ঠানের দ্বারা কাজ সম্পন্ন করা হয়েছে। পূর্ত মোট ১১টি প্যাকেজের মধ্যে অবশিষ্ট ৪টি প্যাকেজের কাজ করা হয়নি। পণ্য প্যাকেজ ৩টির কাজ করা হয়নি এবং সেবার জন্য ০১ টি প্যাকেজের কাজ করা হয়েছে।

২০.৭। সুবিধাভোগীর মতামতঃ প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা করে জানা যায় যে, প্রকল্প এলাকায় খেলার মাঠসহ বিনোদনের এবং বসবাসের জন্য ভালো পরিবেশ রয়েছে। কিস্তির মাধ্যমে ফ্ল্যাটের টাকা পরিশোধ করার সুযোগ থাকায় তাদের জন্য সুবিধা হয়েছে। প্রকল্প সংলগ্ন এলাকায় প্রাইভেট প্রতিষ্ঠানের সাথে তুলনামূলকভাবে কম খরচে তারা বরাদ্দ পেয়েছেন এবং জমি প্রাপ্তির নিশ্চয়তা রয়েছে। তবে প্রকল্পের মেয়াদ বিভিন্ন সময় বৃদ্ধির ফলে প্লট পেতে বিলম্ব হয়েছে। প্রকল্পের অবশিষ্ট প্লটগুলো দ্রুত বরাদ্দ দেওয়ার জন্য তারা অনুরোধ জানান।

২০.৮। **ট্রান্সফরমার চুরি সংক্রান্তঃ** পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্প এলাকায় স্থাপিত ২ টি বৈদ্যুতিক ট্রান্সফরমারের মধ্যে ১টি ট্রান্সফরমার চুরি হয়েছে (চিত্র নং-১২.১ এর ৬)। ট্রান্সফরমার চুরির বিষয়ে খান জাহান আলী থানা, খুলনায় সাধারণ ডায়রী করা হয়েছে (কপি সংযুক্ত) । প্রকল্প এলাকায় স্থাপনাসহ বৈদ্যুতিক যন্ত্রপাতির নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

২০.৯।**প্রকল্পের ক্রয়কৃত যানবাহন**: এ প্রকল্পের ডিপিপিতে একটি মোটর সাইকেল ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়নি।

২১। মতামত/সুপারিশ :

২১.১ প্রকল্পটি মূল নির্ধারিত মেয়াদে শেষ হয়নি। প্রকৃত পক্ষে মেয়াদ বৃদ্ধি পেয়েছে **৪৮** মাস বা ২০০% এবং প্রাক্কলন কমেছে ২৫৭.১১ লক্ষ টাকা বা ৮.৮৬%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ বৃদ্ধি করতে না হয়;

২১.২ আগ্রহী ব্যক্তিদের অবশিষ্ট প্লট সমূহ বরাদ্দ, প্লট হস্তান্তর ও প্লট রেজিষ্ট্রেশনের কাজ শেষ করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে;

২১.৩ এ প্রকল্পে ১ টি এক্সটার্নাল অডিটে ০১ টি আপত্তি উত্থাপিত হয়েছে। ০১টি আপত্তির সাথে ৪,৬৪,১৩১/- টাকার সম্পৃক্ততা রয়েছে। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া, ইন্টার্নাল অডিট আপত্তি নেই এ সংক্রান্ত প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে;

২১.৪ প্রকল্প এলাকায় স্থাপনাসহ বৈদ্যুতিক যন্ত্রপাতির নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২১.৫ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত) **প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প (১ম সংশোধিত)

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য (স্ব-অর্থায়ন)		ব্যয় (%)	মেয়াদ
মূল	৬৮৩.৭২	--	--	৬৮৩.৭২	জুলাই ২০১৫ হতে জুন ২০১৬		
১ম সংশোধিত	৭০১.২২	--	--	৭০১.২২	জুলাই ২০১৫ হতে জুন ২০১৯	১৭.৫০ (২.৫৬%)	৩৬ মাস (৩০০%)
প্রকৃত ব্যয়	৭০১.২২	--	--	৭০১.২২	জুলাই ১৫ হতে জুন ২০১৯	১৭.৫০ (২.৫৬%)	৩৬ মাস (৩০০%)

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ২.৫৬% (১৭.৫০ লক্ষ টাকা)

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৩০০% (৩৬ মাস)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
০১।	সরবরাহ ও সেবা	-	১.০০	-	১.০০	-
০২।	সার্ভে		০.৭০		০.৭০	
	(ক) উপ-মোট :		১.৭০		১.৭০	
০৩।	জমির মূল্য	একর	৪৬৭.৬২	২.৯০	৪৬৭.৬২	২.৯০

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০৪।	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৭৭.২৪	২৪৬১৪.৫১	৭৭.২৪	২৪৬১৪.৫১
০৫।	রাস্তা নির্মাণ	বর্গ মি.	৪৭.৭৭	১৭৫১.০০	৪৭.৭৭	১৭৫১.০০
০৬।	আরসিসি বক্স কালভার্ট নির্মাণ	মিটার	৩.২১	০৫	৩.২১	০৫
০৭।	সারফেস ড্রেন	মিটার	২৩.২৯	৯৭০.০০	২৩.২৯	৯৭০.০০
০৮।	পানি সরবরাহ লাইন	মিটার	৩.৯৫	৫০০.০০	৩.৯৫	৫০০.০০
০৯।	সীমানা প্রাচীর	মিটার	৬০.১৬	৭৩৩.০০	৬০.১৬	৭৩৩.০০
১০।	বাউন্ডারী ও প্লট ডিমারকেশন পিলার নির্মাণ	সংখ্যা	০.৩৭	১৪৪	০.৩৭	১৪৪
১১।	বৃক্ষরোপন	-	১.০০	--	১.০০	--
১২।	প্যালাসাইডিং	মিটার	১৪.৯১	১৮৯১.৮১	১৪.৯১	১৮৯১.৮১
	(খ) উপ-মোট:	-	৬৯৯.৫২	-	৬৯৯.৫২	-
	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি :	-	০.০০	-	০.০০	-
	(ঘ) প্রাইস কন্টিনজেন্সি :	-	০.০০	-	০.০০	-
	সর্বমোট (ক+খ+গ+ঘ) :	-	৭০১.২২	-	৭০১.২২	-

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** আলোচ্য প্রকল্পের ডিপিপিতে ১৪৪ টি প্লট ডিমারকেশন পিলার নির্মাণের বিষয়ে উল্লেখ রয়েছে। প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, প্লট ডিমারকেশন পিলার গুলো ক্রয় করা হয়েছে এবং প্লট বরাদ্দ দেয়ার পর সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেওয়ার সময় প্লট ডিমারকেশন পিলার সমূহ স্থাপন করা হবে ।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের পিসিআর পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

- ❖ তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা।
- ❖ শহরে সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জন বসতি গড়ে তোলা।
- ❖ আগ্রহী ব্যক্তিদের যুক্তিসঙ্গত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক প্লট ক্রয়ের ক্ষেত্র তৈরি করা।
- ❖ আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করা।

১০। **প্রকল্পের পটভূমি:** জনসংখ্যা বৃদ্ধির ফলে চট্টগ্রাম শহরের উপর আবাসনের চাপ বাড়ছে। চট্টগ্রাম শহর থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরে চট্টগ্রাম-রাঙ্গামাটি আঞ্চলিক মহাসড়কের পাশে রাউজান উপজেলা। দ্রুত ও অপরিকল্পিত নগরায়নের ফলে শহরে জনসাধারণের জীবনধারা যেমন ব্যহত হচ্ছে তেমনিভাবে পরিবেশের ভারসাম্যও নষ্ট হচ্ছে। সাধারণ জনগণের দৈনন্দিন জীবনের সুবিধার কথা বিবেচনা করে এবং শহরে মানুষের চাপ কমাতে জেলা শহরগুলোকে আধুনিক ও বসবাসযোগ্য করার প্রয়োজনীয়তা অপরিসীম। তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা এবং শহরে সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জন বসতি গড়ে তোলার লক্ষ্যেই "চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়েছে।

১১। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৬৮৩.৭২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৫ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২০/১২/২০১৫ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

পরবর্তীতে ৭০১.২২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৫ থেকে জুন ২০১৯ মেয়াদে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত **হয়।** প্রকল্পটি ১ম বার সংশোধনের ফলে ১৭.৫০ লক্ষ টাকা বা ২.৫৬% ব্যয় বৃদ্ধি পা**য়।** মেয়াদ বৃদ্ধির ফলে প্রকল্পটির মেয়াদ মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় ৩৬ মাস বা ৩০০% বৃদ্ধি পায়।

১২। **প্রকল্প এলাকা পরিদর্শন:** প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের-৭ নং সেক্টরের সহকারী পরিচালক জনাব মোঃ পূবন আখতার গত ২৩/১২/২০২০ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২.১।**<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**



চিত্র নং-১: প্রকল্প এলাকায় পরিদর্শক ও প্রকল্প কর্তৃপক্ষ



চিত্র নং-২: সীমানা প্রাচীর



চিত্র নং-৩: প্রকল্প এলাকার রাস্তা



চিত্র নং-৪: প্রকল্পের অধীনে নির্মিত ড্রেন

১৩। **প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:** সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র পরিচালক জনাব মোঃ রফিকুল আলম গত ১৫/০৫/২০১৮ তারিখে এবং আইএমইডি'র সহকারী পরিচালক জনাব মোঃ পূবন আখতার গত ১৭/০৪/২০১৯ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেন।

১৪। **প্রকল্পের জনবল নিয়োগ:** প্রকল্পের ডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের সকল জনবল জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জনবল হবে। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মো: শামসুল আলম	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	জুলাই ২০১৫ হতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত
১।	মো: গিয়াস উদ্দিন চৌধুরী	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	জানুয়ারি ২০১৬ হতে ফেব্রুয়ারি ২০১৭ পর্যন্ত
১।	মো: কাওসার মোর্শেদ	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	খন্ডকালীন	মার্চ ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত

১৬| প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ০**১ (এক)** টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

খ. **১. কার্য ক্রয় সংক্রান্ত তথ্য:**

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয়পদ্ধতি		অনুমোদকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তিমূল্য		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
		ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধি সংক্রান্ত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
পূর্ত-১	ভূমি উন্নয়ন, রাস্তা নির্মাণ, ড্রেন, কালভার্ট নির্মাণ, প্যালাসাইডিং, ইউপিভিসি পানির লাইন	১৭০.৩৭ লক্ষ টাকা	২৩/১০/২০১৭ ও ১৬০.৩০ লক্ষ টাকা	উন্মুক্ত দরপত্র	উন্মুক্ত দরপত্র	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ার ম্যান,জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	১৭০.৩৭	১৯/০২/২০১৮ ও ১৭০.৩৭	১৫/০২/২০১৮	১৪/১১/২০১৮		
	সীমানা প্রাচীর, প্লট ডিমারকেশন পিলার, বৃক্ষরোপন	৬১.৫৩ লক্ষ টাকা	০৮/১১/২০১৮ ও ৬১.২২ লক্ষ টাকা	উন্মুক্ত দরপত্র	উন্মুক্ত দরপত্র	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ার ম্যান,জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ	৬১.৫৩	১৩/০১/২০১৯ও ৬১.২১	১৩/০১/২০১৯	২৩/০৬/২০১৯		

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা।	প্রকল্পের আওতায় বিভিন্ন আয়তনের ৩৬ টি আবাসিক প্লট উন্নয়ন করা হয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের আওতায় বিভিন্ন আয়তনের ৩৬ টি (৪.৫ কাঠা ৬ টি, ৪ কাঠা ৬টি, ৩.৫ কাঠা ৪ টি, ৩ কাঠা ১৮ টি এবং ২.৫ কাঠা ২ টি) আবাসিক প্লটের সংস্থান রেখে ভূমি উন্নয়ন করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় ১৭৫১.০০ মিটার অভ্যন্তরীণ রাস্তা, ০৫টি কালভার্ট, রাস্তার দুই পাশে ৯৭০ মিটার ড্রেন, ৫০০মিটার পানি সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে। উল্লেখ, আলোচ্য প্রকল্পের পরিদর্শন তারিখ পর্যন্ত প্লট বরাদ্দ দেওয়া হয়নি। আলোচ্য প্রকল্পের ডিপিপিতে এবং পিসিআর এ ১৪৪ টি প্লট ডিমারকেশন পিলার নির্মাণের বিষয়ে উল্লেখ রয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, প্লট ডিমারকেশন পিলার স্থাপন করা হয়নি। প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, প্লট ডিমারকেশন পিলার গুলো ক্রয় করা হয়েছে এবং প্লট বরাদ্দ দেয়ার পর সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেওয়ার সময় প্লট ডিমারকেশন পিলার সমূহ স্থাপন করা হবে। যেহেতু প্লট বরাদ্দ দেওয়া ও পরবর্তীতে প্লট ডিমারকেশন পিলার সুবিধাভোগীদের প্লট দখল বুঝিয়ে দেয়ার জন্য অতিগুরুত্বপূর্ণ তাই প্লট বরাদ্দ দেওয়া এবং ডিমারকেশন পিলার স্থাপন করে সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেওয়া হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে।
(খ) শহরে সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জন বসতি গড়ে তোলা।	আলোচ্য প্রকল্পের আওতায় ১৭৫১.০০ মিটার অভ্যন্তরীণ রাস্তা, ০৫টি কালভার্ট, রাস্তার দুই পাশে ৯৭০ মিটার ড্রেন, ৫০০মিটার পানি সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে।	
(গ) আগ্রহী ব্যক্তিদের যুক্তিসঙ্গত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক প্লট ক্রয়ের ক্ষেত্র তৈরি করা।	বিভিন্ন আয়তনের ৩৬ টি আবাসিক প্লট উন্নয়ন করা হয়েছে।	
(ঘ) আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করা।	প্রকল্পের কারণে স্থানীয় জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।	

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** পরিদর্শনকালে দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের প্লট বরাদ্দ দেওয়া হয়নি। এছাড়া, ১৪৪ টি প্লট ডিমারকেশন পিলার স্থাপনের কাজ বাকী রয়েছে যা সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেয়ার জন্য আবশ্যক মর্মে প্রতীয়মান হয়। প্লট বরাদ্দ দেওয়া হলে এবং প্লট ডিমারকেশন পিলার স্থাপন করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে।

১৯। **অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:** আলোচ্য প্রকল্পের পিসিআর এর মনিটরিং এন্ড অডিটিং অংশের ২.১ অনুচ্ছেদে ইন্টার্নাল অডিট শিরোনামে উল্লেখ করা হয়েছে যে, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ও ২০১৮-২০১৯ অর্থ বছরে অডিট আপত্তি নেই (No Findings)। ইন্টার্নাল অডিট আপত্তি নেই এ সংক্রান্ত প্রমাণক পরিদর্শনকালে চেয়ে পাওয়া যায়নি। ইন্টার্নাল অডিট সংক্রান্ত প্রমাণক আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন। মনিটরিং এন্ড অডিটিং অংশের ২.২ শিরোনামে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের এক্সটার্নাল অডিট হয়নি। অডিট সম্পাদন ও আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক আইএমইডিতে প্রেরণ করা আবশ্যক।

২০। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

২০.১। **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে অধিক সময় অতিবাহিত হয়েছে। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে ৩৬ মাস (৩০০%) সময় বেশি লেগেছে। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৬৮৩.৭২ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ৭০১.২২ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৭০১.২২ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১৭.৫০ লক্ষ টাকা (২.৫৬%) বৃদ্ধি পেয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

২০.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ১২ টি অংগ ছিল। পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের যথাযথ ব্যয় হয়েছে। কোন অংগের ব্যয় ডিপিপি সংস্থানের চেয়ে বেশী হয়নি। আরডিপিপিতে প্রকল্পে সকল অংগের জন্য মোট ৭০১.২২ লক্ষ টাকা সংস্থান ছিল। এ পরিমাণ অর্থ সংস্থান হতে ৭০১.২২ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে এবং ব্যয় হয়েছে ৭০১.২২ লক্ষ টাকা, যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের সমান।

২০.৩। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত**: প্রকল্পের ডিপিপিতে চট্টগ্রাম জেলার রাউজান উপজেলায় ২.৯০ একর জমিতে ৩৬ টি আবাসিক প্লট উন্নয়নের বিষয়ে উল্লেখ করা হয়েছে। প্রকল্প পরিদর্শন কালে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে জমি অধিগ্রহণ করে প্লট সৃষ্টির উদ্দেশ্যে ২.৯০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। আলোচ্য প্রকল্পের আওতায় ১৭৫১ মিটার অভ্যন্তরীণ রাস্তা, ০৫টি কালভার্ট, রাস্তার দুই পাশে ৯৭০ মিটার আরসিসি ড্রেন, ৫০০মিটার পানি সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে।

২০.৪। **অসম্পূর্ণ কাজ:** আলোচ্য প্রকল্পের ডিপিপিতে ১৪৪ টি প্লট ডিমারকেশন পিলার নির্মাণের জন্য ০.৩৭ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে এবং গৃহায়ন ও গণপূর্ত হতে প্রেরিত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এ ০.৩৭ লক্ষ টাকা ব্যয়ে ১৪৪ টি প্লট ডিমারকেশন পিলার নির্মাণের বিষয়ে উল্লেখ রয়েছে। সরেজমিনে প্রকল্প পরিদর্শন কালে দেখা যায়, প্লট ডিমারকেশন পিলার স্থাপন করা হয়নি। প্রকল্প কর্তৃপক্ষ জানান যে, প্লট ডিমারকেশন পিলার গুলো ক্রয় করা হয়েছে এবং সুবিধাভোগীদের প্লটের দখল বুঝিয়ে দেওয়ার সময় স্থাপন করা হবে।

২০.৫। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান যাচাই এর জন্য ল্যাবরেটরীতে টেস্ট করা হয়নি।

২০.৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের ০৪ টি উদ্দেশ্য ছিলঃ (ক) তীব্র আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা, (খ) শহরে সুযোগ-সুবিধা সম্বলিত আধুনিক জন বসতি গড়ে তোলা, (গ) আগ্রহী ব্যক্তিদের যুক্তিসঙ্গত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক প্লট ক্রয়ের ক্ষেত্র তৈরি করা এবং (ঘ) আবাসিক সুবিধার পাশাপাশি অস্থায়ী কর্মসংস্থানের ব্যবস্থা করা। উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে বিভিন্ন আয়তনের ৩৬ টি আবাসিক প্লট উন্নয়ন করা হয়েছে। ফলে পরিকল্পিতভাবে অল্প জমির উপর সর্বাধিক আবাসনের ব্যবস্থা করা সম্ভব হয়েছে মর্মে প্রতীয়মান হয়। আলোচ্য প্রকল্পের আওতায় অভ্যন্তরীণ রাস্তা, কালভার্ট, ড্রেন, পানি সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে। এজন্য আধুনিক নাগরিক সুবিধা সম্বলিত জন বসতি গড়ে তোলা সম্ভব। প্রকল্প এলাকায় প্রকল্প চলমান থাকাকালীন সময়ে স্থানীয় জনগণের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ফলে অর্থনৈতিক উন্নয়ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। পরবর্তীতে প্রকল্প এলাকায় জনবসতি গড়ে উঠলে এলাকার আর্থ-সামাজিক উন্নয়ন হবে বলে আশা করা যায়। তবে যেহেতু সাধারণত সময় বৃদ্ধির সাথে সাথে প্লটের মূল্য বৃদ্ধি পায় সেহেতু আগ্রহী ব্যক্তিদের প্লট বরাদ্দ জরুরী ভিত্তিতে দেয়া প্রয়োজন এবং এর ফলে আগ্রহী ব্যক্তিদের যুক্তিসঙ্গত মূল্যে তাদের নিজস্ব একটি আবাসিক প্লট ক্রয়ের ক্ষেত্র তৈরি সৃষ্টি হবে মর্মে আশা করা যায়।

২০.৭। প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা:

প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ০০ টি প্যাকেজ, পূর্ত কাজের জন্য ০১ টি এবং সেবার জন্য ০০ টি সহ মোট (০০+০১+০০)=০১ টি প্যাকেজ রয়েছে। এই প্রকল্পের কার্য ক্রয় সংক্রান্ত প্যাকেজ পূর্ত-১ এর ক্ষেত্রে ডিপিপিতে চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তের তারিখ ৩০/০৬/২০১৯ এবং বাস্তবে কাজ নির্ধারিত তারিখে সমাপ্ত হয়। পূর্ত-১ প্যাকেজের জন্য 'মেসার্স বোস্তামী এন্টারপ্রাইজ' ঠিকাদারী প্রতিষ্ঠানকে নিয়োগ করা হয়।

২০.৮। সুবিধাভোগীর মতামত: আলোচ্য প্রকল্পের প্লট বরাদ্দ হয়নি তাই সুবিধাভোগীর মতামত নেয়ার সুযোগ সৃষ্টি হয়নি।

২০.৯। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের আওতায় কোন যানবাহন ক্রয় করা হয়নি।

২০.১০। **পিসিআর মূল্যায়ন সংক্রান্ত সভা:** বিবেচ্য প্রকল্পের কার্যক্রমের বিষয়ে গত ২৮/০৩/২০২১ তারিখে আইএমই বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় জানানো হয়, প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৭০১.২২ লক্ষ টাকা এবং পিসিআর'এ প্রকৃত ব্যয়ও দেখানো হয়েছে ৭০১.২২ লক্ষ টাকা। সভায় উপস্থিত প্রকল্প কর্তৃপক্ষের প্রতিনিধি এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রতিনিধি জানান যে, ভুলক্রমে এরূপ হয়েছে এবং প্রকৃত ব্যয়ের সঠিক পরিমাণ হবে ৬৯৪.৮৭ লক্ষ টাকা। পিসিআর এ মোট ১২ টি অঙ্গের বরাদ্দ এবং ব্যয় একই দেখানো হয়েছে। এছাড়া প্রাক্কলিত ব্যয়

(৭০১.২২লক্ষ টাকা) এবং প্রকৃত ব্যয় (৭০১.২২লক্ষ টাকা) সমান। এমতাবস্থায়, প্রকল্পের ১২ টি অঙ্গের বরাদ্দ এবং ব্যয় ও প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় সমান হওয়ার বিষয়ে ব্যাখ্যা চাওয়া যেতে পারে। ২৮/৩/২০২১ তারিখের সভার সিদ্ধান্তের আলোকে বিবেচ্য পিসিআর পরীক্ষান্তে সঠিক তথ্যাদি সন্নিবেশিত করে ব্যয় সংক্রান্ত বিল/ভাউচার এবং অডিট রিপোর্ট সহযোগে পিসিআর প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।

২১। মতামত/সুপারিশ :

ক। প্রকল্পটি মূল নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে প্রকৃত পক্ষে ১৭.৫০ লক্ষ টাকা বা ২.৫৬% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩৬ মাস বা ৩০০%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়;

খ। আগ্রহী ব্যক্তিদের প্লট বরাদ্দ ও দখল বুঝিয়ে দেওয়া হলে এবং ডিমারকেশন পিলার অঙ্গের কাজ সম্পাদন করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে;

গ। অডিট সম্পাদন ও আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক আইএমইডিতে প্রেরণ করতে হবে;

ঘ। পিসিআর এ মোট ১২ টি অঙ্গের বরাদ্দ এবং ব্যয় একই দেখানো হয়েছে। এছাড়া প্রাক্কলিত ব্যয় (৭০১.২২ লক্ষ টাকা) এবং প্রকৃত ব্যয় (৭০১.২২ লক্ষ টাকা) সমান। এমতাবস্থায়, প্রকল্পের ১২ টি অঙ্গের বরাদ্দ এবং ব্যয় ও প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় এবং প্রকৃত ব্যয় সমান হওয়ার বিষয়ে ব্যাখ্যা প্রদান করতে হবে;

ঙ। পিসিআর পরীক্ষান্তে সঠিক তথ্যাদি সন্নিবেশিত করে ব্যয় সংক্রান্ত বিল/ভাউচার এবং অডিট রিপোর্ট সহযোগে পিসিআর প্রেরণ করতে হবে;

চ। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ (১ম সংশোধিত) শীর্ষক **প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: "কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ (১ম সংশোধিত)"।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য		ব্যয় (%)	মেয়াদ
মূল	৭৪৩১.৪৪	৭৪৩১.৪৪	--	--	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৬		
১ম সংশোধিত	১০৬৫৮.৩৩	১০৬৫৮.৩৩	--	--	জানুয়ারি ২০১৩ হতে ডিসেম্বর ২০১৭	৩২২৬.৮৯ (৪৩.৪২%)	১৮ মাস (৪২.৮৫%
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	১০৬৫৮.৩৩	১০৬৫৮.৩৩	--	--	জানুয়ারি ২০১৩ হতে ডিসেম্বর ২০১৮		৩০মাস (৭১.৪২%)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার)	১০৬৫৮.৩৩	১০৬৫৮.৩৩	--	--	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৯		৩৬মাস (৮৫.৭১%)
প্রকৃত ব্যয়	১০০৫৭.৮২	১০০৫৭.৮২	--	--	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৯	২৬২৬.৩৮ (৩৫.৩৪%)	৩৬মাস (৮৫.৭১%)

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ৪৩.৪২% (৩২২৬.৮৯ লক্ষ টাকা)

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৮৫.৭১% (৩৬ মাস)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(ক) রাজস্ব:					
০১	সরবরাহ ও সেবা	-	১৩.০০	-	১৩.০০	-
	(ক) উপ-মোট :	-	১৩.০০	-	১৩.০০	-

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	(খ) মূলধন:					
০১	যানবাহন: (মোটরসাইকেল)	সংখ্যা	৩.৪৭	০২	৩.৪৭	০২
০২	ইকুইপমেন্ট: (এক্সক্যাভেটর)	সংখ্যা	১৩৬.৩০	০১	১৩৬.৩০	০১
০৩	ফার্নিচার	থোক	২.০০	থোক	২.০০	থোক
০৪	ভূমি অধিগ্রহণ	হেক্টর	২১৯৬.৪৯	১.৮২	২০৪৯.৬৩	১.৮২
০৫	স্থাপনার ক্ষতিপূরণ	সংখ্যা	৩৫০৪.৪৯	১৫৪	৩৫০৪.৪৯	১৫৪
০৬	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৮৮.৭৬	২৮৭২৫.০৫	৭৯.৩৬	২৮৫৪২.৭৯
০৭	রাস্তা নির্মাণ	মিটার	১৯৩২.৫১	২২৫০.০০	১৭৪১.০২	২০৫৮.০০
০৮	আরসিসি কালভার্ট নির্মাণ	সংখ্যা	৮৫.১৯	০৮	৮৪.৯১	০৮
০৯	আরসিসি ড্রেন কাম ইউটিলিটি সার্ভিস চ্যানেল নির্মাণ	মিটার	১৮৫৩.৪০	৩০১০.০০	১৬০৭.২০	২৪২৫.০৬
১০	পানি সরবরাহ লাইন উত্তোলন ও পুন: স্থাপন	মিটার	১২৪.৯২	৪৫০০.০০	১২৪.৯২	৪৫০০.০০
১১	টেলিফোন লাইন উত্তোলন ও পুন: স্থাপন	মিটার	৩৬.২৩	২২৫০.০০	২৯.৯৪	২২৫০.০০
১২	বিদ্যুৎ সরবরাহ লাইন উত্তোলন ও পুন: স্থাপন	মিটার	২৫১.০৯	৪৫০০.০০	২৫১.০৯	৪৫০০.০০
১৩	রেলওয়ে লেভেল ক্রসিং নির্মাণ	সংখ্যা	৯৪.৯৫	০১	৯৪.৯৫	০১
১৪	গ্যাস সরবরাহ লাইন উত্তোলন ও পুন: স্থাপন	মিটার	৩৩৫.৫৩	৪৫০০.০০	৩৩৫.৫৩	৪৫০০.০০
	(খ) উপ-মোট:	-	১০৬৪৫.৩৩	-	১০০৫৭.৮২	-
	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সি :	-	০.০০	-	০.০০	-
	(ঘ) প্রাইস কন্টিনজেন্সি :	-	০.০০	-	০.০০	-
	সর্বমোট (ক+খ+গ+ঘ) :	-	১০৬৫৮.৩৩	-	১০০৫৭.৮২	-

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** আলোচ্য প্রকল্পের ডিপিপিতে একটি রেলওয়ে লেভেল ক্রসিং নির্মাণের বিষয়ে উল্লেখ রয়েছে। রেলওয়ে লেভেল ক্রসিং নির্মাণের জন্য ডিপজিটরী ওয়ার্ক হিসাবে বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) কর্তৃক কাজটি সম্পাদনের জন্য উক্ত অংগের বিপরীতে নির্ধারিত ৯৪.৯৫ লক্ষ টাকা প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক প্রদান করা হয়। পরিদর্শন তারিখ পর্যন্ত রেলওয়ে লেভেল ক্রসিং এর ঘন্টিঘর নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। লেভেল ক্রসিং এর আর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে।

৮। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। **প্রকল্পের মূল উদ্দেশ্য:**


- ❖ রাজশাহী নগরীতে যানজট হ্রাস করা;
- ❖ রাজশাহী নগরী এবং আশেপাশের এলাকায় ভৌত ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন;
- ❖ রাজশাহী নগরীর জনসাধারণের অর্থনৈতিক ও জীবন যাত্রার মান উন্নয়ন।

১০। **প্রকল্পের পটভূমি:** রাজশাহী একটি বিভাগীয় শহর হওয়া সত্ত্বেও উন্নয়নের ক্ষেত্রে অন্যান্য বিভাগীয় শহর থেকে অনেক পিছিয়ে আছে। রাস্তা ও অন্যান্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা রাজশাহী শহরে খুব একটা গড়ে উঠেনি। বর্তমানে ব্যবসা ও বাণিজ্যের প্রসার ঘটলেও ব্যাপকভিত্তিতে শিল্প কারখানা এবং বাণিজ্যিক এলাকা তেমনভাবে প্রতিষ্ঠিত হয়নি। নাটোর-নওয়াবগঞ্জ সড়কটি রাজশাহী শহরের কেন্দ্র দিয়ে অতিক্রম করায় সর্বদাই এ শহরে যানজটের সৃষ্টি হয়। এ নাটোর-নওয়াবগঞ্জ সড়ক এবং রাজশাহী বাইপাস সড়ক, শহরের মধ্য দিয়ে পূর্ব হতে পশ্চিম দিকে অতিক্রম করেছে। কিন্তু একমাত্র রাজশাহী-নওগাঁ সড়কটি এ শহরের দক্ষিণ হতে উত্তর দিকে অতিক্রম করেছে। বিভিন্ন ধরণের যানবাহন যেমন: আন্ত:জেলা বাস, ট্রাক, কার, ভ্যান এবং রিক্সা ইত্যাদি এ সড়ক দিয়ে রাজশাহী শহরে প্রবেশ করায় দিন-রাত এ সড়কে যানজট লেগেই থাকে। প্রস্তাবিত সড়কটি কোর্ট বাজার, কোর্ট স্টেশন, হড়গ্রাম এবং মোল্লাপাড়া দিয়ে রাজশাহী সিটি অতিক্রম করে রাজশাহী বাইপাস সড়ককে সংযুক্ত করায় যানজট নিরসনে সহযোগিতা করবে। উল্লিখিত বিষয়সমূহ বিবেচনাপূর্বক উন্নয়নের লক্ষ্য নিয়ে "কোর্ট হতে রাজশাহী বাইপাস রোড পর্যন্ত সড়ক প্রশস্তকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়েছে।

১১। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৭৪৩১.৪৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৩ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৩/০৪/২০১৩ তারিখে 'একনেক' কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ১০৬৫৮.৩৩ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৭ মেয়াদে একনেক সভায় ৩১/১২/২০১৬ তারিখে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত **হয়।** প্রকল্পটি প্রথম বার সংশোধনের ফলে ৩২২৬.৮৯ লক্ষ টাকা বা ৪৩.৪২% ব্যয় বৃদ্ধি পা**য়।** প্রকল্পটি ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করে জানুয়ারি ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত করা হয় এবং ২য় বার জানুয়ারি ২০১৩ থেকে জুন ২০১৯ পর্যন্ত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করা হয়। বিভিন্ন সময়ে মেয়াদ বৃদ্ধির ফলে প্রকল্পটির মেয়াদ মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় ৩৬ মাস বা ৮৫.৭১% বৃদ্ধি পায়।

১২। **প্রকল্প এলাকা পরিদর্শন:** প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের-৭ নং সেক্টরের সহকারী পরিচালক জনাব মোঃ পূবন আখতার গত ২৮/১০/২০২০ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১২.১।**<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**



চিত্র নং-১: কোর্ট হতে রাজশাহী বাইপাসের দিকে রাস্তা



চিত্র নং-২: রাজশাহী বাইপাসে রাস্তার অংশ



চিত্র নং-৩: প্রকল্পের অধীনে নির্মিত কালভার্ট



চিত্র নং-৪: রাস্তার পাশে নির্মিত ড্রেন



চিত্র নং-৫: প্রকল্পের অধীনে ক্রয়কৃত এক্সক্যাভেটর



চিত্র নং-৬: প্রকল্পের অধীনে ক্রয় কৃত মোটর সাইকেল



চিত্র নং-৭: রেলওয়ে লেভেল ক্রসিং **এর** আর্ম সহ আনুষঙ্গিক অসমাপ্ত কাজ



চিত্র নং-৮: প্রকল্প এলাকায় পরিদর্শক ও প্রকল্প কর্তৃপক্ষ

১৩। **প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:**

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র সহকারী পরিচালক আবদুল্লাহ-আল-মাসুদ গত ০৫/০৫/২০১৫ তারিখে, আইএমইডির উপ পরিচালক জনাব মশিউর রহমান গত ২৯/০১/২০১৮ তারিখে ও ০৯/০৮/২০১৮ তারিখে এবং আইএমইডির সহকারী পরিচালক জনাব মোঃ পূবন আখতার গত ২১/১১/২০১৮ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেন।

১৪। **প্রকল্পের জনবল নিয়োগ:** প্রকল্পের ডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের সকল জনবল রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিজস্ব জনবল হবে। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৫। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মো: আব্দুল্লাহ আল তারিক	নির্বাহী প্রকৌশলী রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	পূর্ণকালীন	জানুয়ারি ২০১৩ হতে জুন ২০১৯ পর্যন্ত

১৬। প্রকল্পের ক্রয় কার্যক্রম:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করা হয়। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ০**৫ (পাঁচ)** টি।

খ. পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

খ. ১. **পণ্য ক্রয় সংক্রান্ত** তথ্য:

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয়পদ্ধতি		অনুমোদনকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তিমূল্য		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
		ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধি সংক্রান্ত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
জিডি-০১	যানবাহন: মোটরসাইকেল	২৭/০১/২০১৪ ও ৩.৪৭	২৭/০১/২০১৪ ৩.৪৭	পিপিআর ২০০৮ অনুযায়ী	আরএফকিউ	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ারম্যান,রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	০৩/০৬/২০১৪ ও ৩.৪৭	০৩/০৬/১৪ ও ৩.৪৭	১৫/১১/১৪	১৫/১১/১৪	-	
জিডি-০২	ইকুইপমেন্ট: এক্সক্যাভেটর	২৭/০১/২০১৪ ও ১৩৬.৩০	২৭/০১/২০১৪ ও ১৩৬.৩০	পিপিআর ২০০৮ অনুযায়ী	উন্মুক্ত দরপত্র পদ্ধতি	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ারম্যান,রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	০৩/০৬/২০১৪ ও ১৩৬.৩০	০৩/০৬/১৪ ও ১৩৬.৩০	০২/১০/২০১৪	২৮/১২/২০১৪	১ মাস ২৬ দিন	প্রিশিপম্যান্ট ফরমালিটিস এর কারণে বিলম্ব হয়।
জিডি-০৩	ফার্নিচার	০১/০১/২০১৬ ও ২.০০	১৮/০৫/২০১৭ ও ২.০০	পিপিআর ২০০৮ অনুযায়ী	আরএফকিউ	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	চেয়ারম্যান,রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ	-	-	২৯/০৫/২০১৭	২৯/০৫/২০১৭	-	

খ. ২. **কার্য ক্রয় সংক্রান্ত তথ্য:**

(লক্ষ টাকায়)

প্যাকেজ নং	প্যাকেজের বিবরণ	দরপত্র আহবানের তারিখ ও প্রাক্কলিত মূল্য		ক্রয়পদ্ধতি		অনুমোদকারী কর্তৃপক্ষ		চুক্তির তারিখ ও চুক্তিমূল্য		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
		ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	চুক্তি অনুযায়ী	প্রকৃত	সময় বৃদ্ধি সংক্রান্ত	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
ডাব্লিউ ডি-১	রাস্তা নির্মাণ (ভূমি উন্নয়ন, আরসিসি ড্রেন কাম ইউটিলিটি সার্ভিস চ্যানেল নির্মাণ, আরসিসি কালভার্ট নির্মাণ, বিটুমিনাস কার্পেটিং রাস্তা নির্মাণ ইত্যাদি)।	জানুয়ারি,২০১৬ ও ৩৯৫৯.৮৬ লক্ষ টাকা	০২/০৫/২০১৭ ও ৩৯৫৯.৮৬	পিপিআর ২০০৮ অনুযায়ী	ওটিএম	আর্থিক ক্ষমতা অর্পণ অনুযায়ী	মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	ফেব্রুয়ারি ২০১৬ ও ৩৯৫৯.৮৬	০১/১১/১৭ ও ৩৫৬৭.২৩	৩১/১০/১৮	৩০/০৬/১৯	০৮ মাস	রাস্তার এ্যালাইনমেন্টের মধ্যে কিছু সংখ্যক গাছপালা এবং বাড়ীঘর অপসারণে সময় লেগেছে।

১৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) রাজশাহী নগরীতে যানজট হ্রাস করা।	প্রকল্পের মাধ্যমে কোর্ট রাজশাহী হতে বাইপাস রোড পর্যন্ত গড়ে ১৪.৬৩ মিটার সড়ক প্রশস্ত করে ২২৫০ মিটার দীর্ঘ সড়ক ও ০৮টি কালভার্ট নির্মাণ করা হয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্প এলাকায় ২২৫০ মিটার ফোরলেন রাস্তা নির্মাণ করা হয়েছে। ফলে কোর্ট হতে রাজশাহী বাইপাস পর্যন্ত দ্রুত যানবাহন করতে পারে। যা রাজশাহী নগরীর যানজট হ্রাসের ক্ষেত্রে ভূমিকা রেখেছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে রাস্তার পাশে ব্যবসা প্রতিষ্ঠানসমূহ বৃদ্ধির ফলে রাস্তার পার্শ্ববর্তী এলাকায় অর্থনৈতিক উন্নতি ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং জনসাধারণের জীবন যাত্রার মানের উন্নয়ন হচ্ছে মর্মে প্রতীয়মান হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, রেলওয়ে লেভেল ক্রসিং এর ঘন্টিঘর নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। তবে লেভেল ক্রসিং এর আর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে। রেলওয়ে লেভেল ক্রসিংটির অবশিষ্ট আর্মসহ অন্যান্য অংশ নির্মাণের কাজ সমাপ্ত করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে।
(খ) রাজশাহী নগরী এবং আশেপাশের এলাকায় ভৌত ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন।	আলোচ্য প্রকল্পের আওতায় ২২৫০ মিটার ফোরলেন রাস্তা, ০৮টি কালভার্ট, রাস্তার দুই পাশে ২৪২৫ মিটার আরসিসি ড্রেন এর পাশে আলাদা কমন ডাক্ট চ্যানেল করে ৪৫০০মিটার পানি সরবরাহ লাইন, ২২৫০ মিটার টেলিফোন লাইন, ৪৫০০ মিটার বিদ্যুৎ লাইন ও ৪৫০০ মিটার গ্যাস সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে।	
(গ) রাজশাহী নগরীর জনসাধারণের অর্থনৈতিক ও জীবন যাত্রার মান উন্নয়ন।	২২৫০ মিটার ফোরলেন রাস্তা নির্মাণের ফলে রাস্তার দুই ধারে বিভিন্ন বাণিজ্যিক স্থাপনা গড়ে উঠেছে।	

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** পরিদর্শনকালে দেখা যায় যে, রেলওয়ে লেভেল ক্রসিং এর ঘন্টিঘর নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। তবে লেভেল ক্রসিং এর আর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে। রেলওয়ে লেভেল ক্রসিংটির অবশিষ্ট আর্মসহ অন্যান্য অংশ নির্মাণের কাজ সমাপ্ত করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে।

১৯। **অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:** পরিদর্শনকাল পর্যন্ত অডিট হয়নি।

২০। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

২০.১। **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৩৬ মাস (৮৫.৭১%) সময় বেশি লেগেছে । প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৭৪৩১.৪৪ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ১০৬৫৮.৩৩ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১০০৫৭.৮২ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ২৬২৬.৩৮ লক্ষ টাকা (৩৫.৩৪%) বৃদ্ধি পেয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

২০.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ১৫ টি অংগ ছিল। পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের যথাযথ ব্যয় হয়েছে । কোন অংগের ব্যয় ডিপিপি সংস্থানের চেয়ে বেশী হয়নি। আরডিপিপিতে প্রকল্পে সকল অংগের জন্য মোট ১০৬৫৮.৩৩ লক্ষ টাকা সংস্থান ছিল। এ পরিমান অর্থ সংস্থান হতে ১০৩৬৪.২৫ লক্ষ টাকা অর্থ ছাড় করা হয়েছে এবং ব্যয় হয়েছে ১০০৫৭.৮২ লক্ষ টাকা, যা প্রকল্পের মোট প্রাকলিত ব্যয়ের ৯৪.৩৭%। অব্যায়িত ৩০৬.৪৩ লক্ষ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

২০.৩। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত**: প্রকল্পের ডিপিপিতে রাজশাহী জেলার বোয়ালিয়া থানায় ২২৫০ মিটার সড়ক নির্মাণ ও প্রশস্তকরণের জন্য প্রাক্কলন করা হয়। প্রকল্প পরিদর্শন কালে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে সড়ক প্রশস্তকরণের উদ্দেশ্য ১.৮২ হেক্টর জমি অধিগ্রহণ করা হয়েছে। প্রকল্প এলাকায় ২২৫০ মিটার সড়ক নির্মাণ ও ১৪.৬৩ মিটার রাস্তা প্রশস্ত করা হয়েছে। রাস্তার বিভিন্ন জায়গায় ডিজাইন অনুযায়ী ৮ টি আরসিসি কালভার্ট নির্মাণ করা হয়েছে। রাস্তার দুই পাশে ২৪২৫ মিটার আরসিসি ড্রেন এর পাশে আলাদা কমন ডাক্ট চ্যানেল করে ৪৫০০মিটার পানি সরবরাহ

লাইন, ২২৫০ মিটার টেলিফোন লাইন, ৪৫০০ মিটার বিদ্যুৎ লাইন ও ৪৫০০ মিটার গ্যাস সরবরাহ লাইন স্থাপন করা হয়েছে। রেলওয়ে লেভেল ক্রসিং এর ঘন্টিঘর নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও প্রকল্পের অধীনে দুইটি মোটর সাইকেল ও একটি এক্সক্যাভেটর ক্রয় করা হয়েছে।

২০.৪। **অডিট সম্পাদন সংক্রান্ত:** এ প্রকল্পে এখনও কোন অডিট হয় নাই মর্মে জানা যায়। তবে পূর্ত অডিট অধিদপ্তরকে অডিট করার জন্য গত ১৩/০৮/২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। অডিট কার্যক্রম সম্পাদনের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করে অডিট প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া,সমাপ্ত প্রকল্পটির অডিট না হওয়ার কারণ জরুরিভিত্তিতে আইএমইডিতে প্রেরণ করা প্রয়োজন।

২০.৫। **অসম্পূর্ণ কাজ:** প্রকল্পের অধীনে একটি রেলওয়ে লেভেল ক্রসিং নির্মাণ করার বিষয়ে ডিপিপিতে ৯৪.৯৫ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। প্রকল্প পরিচালকের দপ্তর হতে রেলওয়ে লেভেল ক্রসিং নির্মাণের জন্য বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) এর অনুকূলে ডিপজিটরি ওয়ার্ক হিসাবে ৯৪.৯৫ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। কাজটি সম্পাদনের জন্য রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ গত ২৬/০২/২০২০ এবং ০৬/১০/২০২০ তারিখে বাংলাদেশ রেলওয়ে (পশ্চিমাঞ্চল) বরাবর পত্র প্রেরণ প্রদান করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় যে, রেলওয়ে লেভেল ক্রসিং এর ঘন্টিঘর নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে এবং লেভেল ক্রসিং এর আর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে। লেভেল ক্রসিং এর স্থানে পুরোনো একটি লেভেল ক্রসিং রয়েছে। আলোচ্য প্রকল্পের মাধ্যমে পূর্বের ৩.৬৫ মিটার সড়ক প্রশস্ত করে ১৪.৬৩ মিটার করা হয়েছে। ফলে পুরোনো লেভেল ক্রসিংটি দিয়ে রাস্তার অবশিষ্ট অংশে যানবাহন নিয়ন্ত্রণ করা সম্ভব হয় না। এছাড়া সড়কের একপাশে লেভেল ক্রসিং না থাকার কারণে দুর্ঘটনা এড়ানোর জন্য সাময়িকভাবে সড়কের উপর রেললাইনের কাছে ছোট ব্যারিকেড দেওয়ার জন্য রাস্তার যানবাহন চলাচলের ক্ষেত্রে কিছুটা অসুবিধার সৃষ্টি হচ্ছে। নতুন লেভেল ক্রসিং এর আর্ম সহ আনুষঙ্গিক কাজ সমাপ্ত না হওয়ার ফলে রেললাইনে চলমান ট্রেনের সাথে চলমান যানবাহন ও পথচারীদের দুর্ঘটনায় পরার সম্ভবনা রয়েছে বলে প্রতীয়মান হয় (চিত্র নং-৭:) । এজন্য নির্বিঘ্নে যানবাহন চলাচল করার জন্য এবং দুর্ঘটনা এড়ানোর জন্য সড়কের উপরে ডিপিপি অনুযায়ী লেভেল ক্রসিংটির কাজ জরুরি ভিত্তিতে সমাপ্ত করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২০.৬। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মিত রাস্তা ও কালভার্ট সরেজমিন পরিদর্শন করে নির্মাণকালীন ব্যবহৃত নির্মাণ সামগ্রীর গুনগতমান যাচায়ের জন্য বিভিন্ন টেস্ট রিপোর্ট পর্যবেক্ষণ করা হয়। নির্মাণ সামগ্রী রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে। টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। টেস্ট রিপোর্ট হতে দেখা যায়, নির্মাণ কাজের ব্যবহৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, এম এস রড, কমপ্রিহেনসিভ স্ট্রেন্থ অব কংক্রিট) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে।

২০.৭। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের ০৩ টি উদ্দেশ্য ছিলঃ (ক) রাজশাহী নগরীতে যানজট হ্রাস করা, (খ) রাজশাহী নগরী এবং আশেপাশের এলাকায় ভৌত ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন এবং (গ) রাজশাহী নগরীর জনসাধারণের অর্থনৈতিক ও জীবন যাত্রার মান উন্নয়ন। উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে কোর্ট রাজশাহী হতে বাইপাস রোড পর্যন্ত ২২৫০ মিটার ফোরলেন রাস্তা ও কালভার্ট নির্মাণ করা হয়েছে। সড়ক নির্মাণ ও প্রশস্তকরণের ফলে প্রকল্প এলাকায় যানজট কমেছে মর্মে প্রতীয়মান হয়। এছাড়া সড়কের পাশে আরসিসি ড্রেন, পানি সরবরাহ লাইন, টেলিফোন লাইন,বিদ্যুৎ সরবরাহ লাইন,গ্যাস সরবরাহ লাইন স্থাপন করার ফলে রাস্তার দুই পাশে বাণিজ্যিক অবকাঠামোগত উন্নয়ন লক্ষ্য করা গেছে। যার জন্য প্রকল্প এলাকার জনগণের ব্যবসা-বাণিজ্য বৃদ্ধির ফলে আর্থ-সামাজিক উন্নয়ন হয়েছে এবং ভবিষ্যতে উন্নয়ন অব্যাহত থাকবে বলে আশা করা যায়। পরিদর্শনকালে দেখা যায় যে, রেলওয়ে লেভেল ক্রসিং এর ঘন্টিঘর নির্মাণের কাজ সম্পন্ন করা হয়েছে। তবে লেভেল ক্রসিং এর আর্ম নির্মাণের কাজ চলমান রয়েছে। রেলওয়ে লেভেল ক্রসিংটির অবশিষ্ট আর্মসহ অন্যান্য অংশ নির্মাণের কাজ সমাপ্ত করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে।

২০.৮। প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা:

প্রকল্পের ডিপিপি/আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ০৩ টি প্যাকেজ, পূর্ত কাজের জন্য ০১ টি এবং সেবার জন্য ০১ টি সহ মোট (০৩+০১+০১)=০৫ টি প্যাকেজ রয়েছে। সেবা ব্যতীত সকল প্যাকেজের কাজ সমাপ্ত

হয়েছে। এই প্রকল্পের কার্য ক্রয় সংক্রান্ত প্যাকেজ ডাব্লিউ ডি-১ এর ক্ষেত্রে ডিপিপিতে দরপত্র আহবানের তারিখ ছিল জানুয়ারি ২০১৬ কিন্তু বাস্তবে দরপত্র আহবান করা হয় ০২/০৫/২০১৭ তারিখে অর্থাৎ দরপত্র আহবানের ক্ষেত্রে ডিপিপির সাথে তুলনায় ০১ বছর ০৫ মাস সময় অতিরিক্ত ব্যয় হয়েছে। ডাব্লিউ ডি-১ প্যাকেজের জন্য মেসার্স শামীম এন্টারপ্রাইজ ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়োগ করা হয়। ডিপিপি অনুযায়ী কাজ সমাপ্তের তারিখ ডিসেম্বর ২০১৭ কিন্তু চুক্তি অনুযায়ী বাস্তবে কাজ সমাপ্ত হয় ৩০/০৬/২০১৯ তারিখে অর্থাৎ প্যাকেজটির সম্পাদনের মেয়াদ ডিপিপির সাথে তুলনায় ০১ বছর ০৭ মাস অতিরিক্ত সময় লেগেছে। সড়ক প্রশস্তকরণের ফলে সড়কের পাশে বাড়ি ঘর, গাছ পালা অপসারণের জন্য অতিরিক্ত সময় ব্যয় হয়েছে ।

২০.৯। সুবিধাভোগীর মতামত: প্রকল্পের সুবিধাভোগীদের সাথে আলোচনা করে জানা যায় যে, সড়ক প্রশস্তকরণের ফলে অতি সহজে রাজশাহী কোর্ট হতে বাইপাসে অল্প সময়ে যাওয়া যায়। স্থানীয় গাড়ি চালকেরা জানিয়েছেন, রাস্তায় স্বাচ্ছন্দ্যে গাড়ি চালানো যায়।

২০.১০। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে দুইটি মোটর সাইকেল ও একটি এক্সক্যাভেটর ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়েছে। প্রকল্পের ডিপিপিতে উল্লেখ করা হয়েছে যে, এক্সক্যাভেটরটি রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের স্থায়ী সম্পদ হিসেবে বিবেচিত হবে। আলোচ্য প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত মোটরসাইকেল দুইটি সরকারি যানবাহন অধিদপ্তরের কেন্দ্রীয় পরিবহন পুলে জমা দেওয়া যেতে পারে।

২১। মতামত/ সুপারিশ :

ক) প্রকল্পটি মূল নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে প্রকৃত পক্ষে ২৬২৬.৩৮ লক্ষ টাকা বা ৩৫.৩৪% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩৬ মাস বা ৮৫.৭১%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়;

খ) নির্বিঘ্নে যানবাহন চলাচল করার জন্য এবং দুর্ঘটনা এড়ানোর জন্য সড়কের উপরে জরুরি ভিত্তিতে রেলওয়ে লেভেল ক্রসিংটির কাজ সমাপ্ত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এই অঙ্গের কাজ সম্পাদন করা হলে প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জিত হবে;

গ) অডিট কার্যক্রম সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করে অডিট প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে;

ঘ) মোটরসাইকেল দুইটি সরকারি যানবাহন অধিদপ্তরের কেন্দ্রীয় পরিবহন পুলে জমা দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঙ) সমাপ্ত প্রকল্পটির অডিট না হওয়ার কারণ জরুরিভিত্তিতে আইএমইডিতে প্রেরণ করতে হবে;

চ) উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

চট্টগ্রাম বায়েজিদ এলাকায় আধুনিক সুযোগ সুবিধা বিশিষ্ট সবুজ উদ্যান স্থাপন **শীর্ষক প্রকল্প পরিদর্শন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর**, ২০১৮)**

১। প্রকল্পের নাম: "চট্টগ্রাম বায়েজিদ এলাকায় আধুনিক সুযোগ সুবিধা বিশিষ্ট সবুজ উদ্যান স্থাপন"।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরিসহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্পসাহায্য/জেডিসিএফ/স্বঅর্থায়ন/অন্যান্য): স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১।বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর।

৫। (ক) প্রকল্পব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদনসংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১২৭৪.৮১	-	-	-	সেপ্টেম্বর, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৮	১০/০৯/২০১৭		
প্রকৃত ব্যয়	৮২৩.৯৬							

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় হ্রাসের হার: অনুমোদিত প্রাক্কলনের চেয়ে কম টাকায় বাস্তবায়িত হয়েছে।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: অনুমোদিত মেয়াদের মধ্যে সমাপ্ত হয়েছে।

৬। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম		বায়েজিদ, চট্টগ্রাম	

(৭) প্রকল্পের উদ্দেশ্য:

- শিশু কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার ব্যবস্থা করা;
- স্বাস্থ্যকর ও নির্মুল পরিবেশ সৃষ্টি করা;
- পর্যটনকে সমৃদ্ধ করা;
- উন্মুক্ত স্থানের সুষ্ঠু ব্যবহার; এবং
- অবৈধ দখল থেকে রক্ষা করা ইত্যাদি

৮। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্র: নং:	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
a.						
1	Soil Investigation		1.00	100%	1.00	100%
2	Digital Survey		1.00	100%	0.79	100%
3	Fuel		1.00	100%	1.00	100%
4	Tender Document		1.00	100%	1.00	100%
5	Architectural Drawing		6.20	100%	6.20	100%
	Structural Drawing		1.00	100%	1.00	100%
6	Advertisement		1.00	100%	1.00	100%
7	Honorium		1.00	100%	1.00	100%
b.						
1	Boundary Wall		364.28	100%	196.20	100%
2	Entry Gate		59.74	100%	47.10	100%
3	Walk way		110.15	100%	92.10	100%
4	Management office		49.22	---	--	---
5	Toilet zone		106.44	100%	90.15	100%
6	Children amusement area		20.00	100%	8.00	100%
7	RCC seat		30.91	100%	19.86	100%
8	Site Development		49.17	100%	45.60	100%
9	Under ground & surface drain		130.07	100%	109.93	100%
10	Decorative item		20.00	100%	19.70	100%
11	Coffee corner		40.00	--	--	--
12	External water supply & sanitary works		50.00	100%	35.65	100%
13	External Electrical works		93.00	100%	70.00	100%
c.						
1	Arboriculture & Landscape		80.00	100%	72.00	100%
2	Play instrument establishment		15.00	100%	2.21	100%
3	Furniture		1.00	100%	0.50	100%
4	Motor bike		2.00	100%	1.97	100%
	Total=		**1234.18**		**823.96**	

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

১০। **মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১। প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ৩০/১১/২০১৯ তারিখে প্রকল্পটির প্রকল্প স্থান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১২। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**



চিত্র: প্রকল্প এলাকার ফটকের দৃশ্য



প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথের দৃশ্য



বায়েজিদ সবুজ উদ্যানের মূল গেটের দৃশ্য



প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথের দৃশ্য

১৩। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র কর্মকর্তা জনাব রফিকুল ইসলাম, মহাপরিচালক ০৮/০৪/২০১৮ তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৪.০ প্রকল্পের জনবল নিয়োগ:

এ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৫.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
মি. মিহির চক্রবর্তী	তত্ত্বাবধায় প্রকৌশলী	০১/০৯/১৭ থেকে ২৬/১০/১৭	অতিরিক্ত দায়িত্ব	না	
মি. বিজয় কুমার মন্ডল	তত্ত্বাবধায় প্রকৌশলী	২৬/১০/১৭ থেকে ০৮/০২/১৮	অতিরিক্ত দায়িত্ব	না	
মি. মোহাম্মদ মনিরুল ইসলাম	তত্ত্বাবধায় প্রকৌশলী	০৮/০২/১৮ থেকে ২৯/০৮/১৮	অতিরিক্ত দায়িত্ব	না	
মি. মোঃ উজির আলী	তত্ত্বাবধায় প্রকৌশলী	২৯/০৮/১৮ থেকে ৩১/১২/১৮	অতিরিক্ত দায়িত্ব	না	

১৬। **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

(ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৬ টি।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য: এ প্রকল্পে পণ্যের জন্য ২টি এবং কার্যের জন্য ৪ টি মোট ৬ টি প্যাকেজ নির্ধারিত সময়ে দরপত্র আহ্বান করে কাজ সমাপ্ত করা হয়েছে।

১৭। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

উদ্দেশ্য	অর্জন	মন্তব্য
(ক) শিশু কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার	(ক) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সুন্দর সবুজ উদ্যান সৃষ্টি করা হয়েছে এবং	(ক) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে এবং সবুজ

উদ্দেশ্য	অর্জন	মন্তব্য
ব্যবস্থা করা;	খেলাধুলা জন্য প্রয়োজনীয় খেলার সামগ্রী স্থাপিত হয়েছে।	উদ্যান সৃষ্টি হয়েছে। খেলাধুলা জন্য প্রয়োজনীয় খেলার সামগ্রী স্থাপন করা হয়েছে।
স্বাস্থ্যকর ও নির্মুল পরিবেশ সৃষ্টি করা;	(খ) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে স্বাস্থ্যকর ও নির্মুল পরিবেশ সৃষ্টি করা	(খ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সুন্দর পরিবেশ সৃষ্টি হয়েছে।
পর্যটনকে সমৃদ্ধ করা;	(গ) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সুন্দর সবুজ উদ্যান সৃষ্টি করা হয়েছে যা পর্যটনকে সমৃদ্ধ করবে।	(গ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে সুন্দর সবুজ উদ্যান সৃষ্টি করা হয়েছে যা পর্যটনকে সমৃদ্ধ করবে।
উন্মুক্ত স্থানের সুষ্ঠু ব্যবহার; এবং	প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে পরিত্যাক্ত স্থানের ব্যবহার নিশ্চিত হয়েছে।	ঘ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে পরিত্যাক্ত স্থানের ব্যবহার নিশ্চিত হয়েছে।
অবৈধ দখল থেকে রক্ষা করা ইত্যাদি	প্রকল্পটি বাস্তবায়ন হওয়ায় অবৈধ দখল হওয়ার আর সুযোগ নেই।	ঙ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটি বাস্তবায়ন হওয়ায় অবৈধ দখল হওয়ার আর সুযোগ নেই।

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৯। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৯.১। Time & cost over run: প্রকল্পটির ডিপিপি ১২৭৪.৮১ লক্ষ টাকার প্রাক্কলনে সেপ্টেম্বর, ২০১৭ থেকে ডিসেম্বর, ২০১৮ মেয়াদে গত ০৮/০৮/২০১৭ তারিখে অনুমোদিত হয়েছিল। প্রকল্পটি নির্ধারিত মেয়াদ এবং প্রাক্কলনের চেয়ে কম বাজেটে সম্পন্ন হয়েছে, অর্থাৎ এ প্রকল্পে কোন Time & Cost over run হয়নি। এছাড়া এ প্রকল্পের পিসিআর প্রকল্প মেয়াদ শেষ হওয়ার ৩ মাসের মধ্যেই এসেছে।

১৯.২। **প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা:** প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, এ প্রকল্পে মোট ৬ টি প্যাকেজ রয়েছে। ৬ টি প্যাকেজেরই কাজ সমাপ্ত হয়েছে।

১৯.৩। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত:** পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের একটি ইন্টার্নাল অডিট হয়েছে, কোন আপত্তি নেই।

১৯.৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল শিশু কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য খেলাধুলার ব্যবস্থা করা, স্বাস্থ্যকর ও নির্মুল পরিবেশ সৃষ্টি করা, পর্যটনকে সমৃদ্ধ করা, উন্মুক্ত স্থানের সুষ্ঠু ব্যবহার এবং অবৈধ দখল থেকে রক্ষা করা ইত্যাদি। প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উদ্দেশ্যগুলো বাস্তবায়িত হয়েছে।

২০। **সুপারিশ/মতামত:**

২০.১। প্রকল্পটি Time & Cost over run না করে সমাপ্ত হয়েছে এবং প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যেই পিসিআর প্রেরণ করেছেন, যা খুবই ভাল।

২০.২। এ প্রকল্পের ইন্টার্নাল একটি অডিট হয়েছে, কোন এক্সটার্নাল অডিট হয়নি। আইন ও বিধি অনুযায়ী এক্সটার্নাল অডিট করানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২০.৩। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে চমৎকার একটি সবুজ উদ্যান নির্মাণ করা হয়েছে। কিন্তু উদ্যানটি রক্ষনাবেক্ষন ও পরিচ্ছন্ন রাখার জন্য প্রয়োজনীয় অর্থ এবং জনবল নেই। উদ্যানটি রক্ষনাবেক্ষন ও পরিচ্ছন্ন রাখার জন্য রাজস্বখাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং জনবলের ব্যবস্থা করতে হবে।

২০.৪। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

মুরাদপুর ২নং গেইট এবং জিইসি মোড় জংশনে ফ্লাইওভার নির্মাণ শীর্ষক **প্রকল্প পরিদর্শন প্রতিবেদন**
(সমাপ্ত:ডিসেম্বর, ২০১৮)

১। প্রকল্পের নাম: "মুরাদপুর ২নং গেইট এবং জিইসি মোড় জংশনে ফ্লাইওভার নির্মাণ" ।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): উন্নয়ন প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব-অর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি		অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৫০৭০.৫৭	১৩২৬২ ১০.		১৮০৮৪. ৭	জুলাই' ২০১০ থেকে জুন'২০১২	১৮/০৭/২০১০	-	-
১ম সংশোধিত ডিপিপি (আরডিপিপি)	৪৬২২৯.৬ ৯	৪৩৭২৯ ৫৯.		২৫০০ ০০.	জুলাই' ২০১০থেকেজুন'২০১ ৬	০১/১০/২০১৩	৩১১৫৯.১২ বা ২০৬.৭৫%	৪ বছর বা ২০০%
২য় সংশোধিত ডিপিপি (আরডিপিপি)	৬৯৬৩৪.৪ ৪	৬৭১৩৪ ৪৪.		২৫০০০.	জুলাই' ২০১০থেকেজুন'২০১ ৮ (জুলাই' ২০১০ থেকে ডিসেম্বর '২০১৮ ব্যয়বৃদ্ধি ব্যতীরেকে সময় বৃদ্ধি)	২২/১২/২০১৬	২৩৪০৪.৭৫ বা ৫০.৬২%	২ বছর ৬ মাস বা ৬২.৫%
প্রকৃত ব্যয়	৬৭৩৫৪.৭ ৫							

(খ) মূলপ্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ২৫৭.৩৭%।

(গ) মূলপ্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ২৬২.৫%।

৬। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম	কোতোয়ালী	সিটি কর্পোরেশন	

(৭) প্রকল্পের উদ্দেশ্য:

(ক) টাইগার পাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত সৃষ্ট তীব্র যানজট নিরসন।

(খ) চট্টগ্রাম শহরের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।

(গ) যাতায়াতের জ্বালানী ও কর্মঘন্টার সাশ্রয়।

৮।প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতিনিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	Gas & fuel	L.S.	L.S.	23.500	L.S.	17.25
	Petrol & Lubricant	L.S.	L.S.	10.000	L.S.	2.50
	Stationary, Seal & Stamp	L.S.	L.S.	10.00	L.S.	5.00
	Publishing & Advertisement	L.S.	L.S.	15.00	L.S.	15.00
	Temporary labour	L.S.	L.S.	10.00	L.S.	5.00
	Legal expenditure	L.S.	L.S.	10.00	L.S.	3.00
	Honourium	L.S.	L.S.	6.50	L.S.	3.00
	Survey work	L.S.	L.S.	1.25	L.S.	1.25
	Consultancy	L.S.	L.S.	1,200.00	L.S.	1139.25
	Maintenance of vehicle	L.S.	L.S.	10.00	L.S.	4.00
	Double-Cabin Pick Up	Nos	1	30.00	1	25.00
	Computer & Comp. acessrs	Nos	5	05.00	5	4.00
	Land Acquisition & Structural Compensation	Khata	22.23	912.75		837.75
	Construction of Flyover	Sqm	78500	55,477.48	77337	61777.49
	Re Construction of Road and Maintenance	Sqm	128500	1,757.20	128500	
	Road Maintenance during Construction Period	Sqm	135000	6,240.50	135000	
	Shifting of Electric poles	Nos	650 nos Pole,	400.00	650 nos Pole,	400.00

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
			Over hanging line-10 nos		Over hanging line-15 nos	
	Providing of LED light	Nos	1109	2615.26	3462	2615.26
	Shifting of T&T poles	Nos	300	150.00	300	150.00
	Shifting under ground lines of WASA & Gas and	Rm	Wasa-1500 Gas-2500	550.00	Wasa-1500 Gas-2500	600.00
	Beautification under the Flyover	Km	5	200.00	5	150.00
	Total			69634.44		67354.75

৯। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:**ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

১০।**মূল্যায়ন পদ্ধতিঃ**প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তবঅগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ২৫/০৬/২০১৯ তারিখে প্রকল্পটির প্রকল্প স্থান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন।পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১২। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**



চিত্র: নির্মিত ফ্লাইওভারের দৃশ্য



চিত্র: নির্মিত ফ্লাইওভারের দৃশ্য



চিত্র: নির্মিত ফ্লাইওভারের দৃশ্য



চিত্র: নির্মিত ফ্লাইওভারের দৃশ্য

১৩.০ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটিতে মন্ত্রণালয়, আইএমইডি সহ নিম্নোক্ত কর্মকর্তাগণ পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

Name & designation of the Inspecting official	Date of Inspection	Identified Problems	Recommendations
1	2	3	4
জনাব এম বজলুল করিম চৌধুরী অতিরিক্ত সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	১৪/০৬/২০১৫ ও ১৫/০৬/২০১৫		সরেজমিন পরিদর্শন পূর্বক সন্তোষ প্রকাশ করেন।
জনাব এস. এম. আরিফ-উর-রহমান অতিরিক্ত সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	২৬/০৫/২০১৬		

Name & designation of the Inspecting official	Date of Inspection	Identified Problems	Recommendations
1	2	3	4
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।			
জনাব মো: শহীদউল্লাহ খন্দকার সচিব গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।	১১/০১/২০১৮		

(a) IMED:

Name & designation of the Inspecting official	Date of Inspection	Identified Problems	Recommendations
1	2	3	4
জনাব মশিউর রহমান উপ- পরিচালক বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ শের-ই-বাংলানগর, ঢাকা।	০৬/০৪/২০১৮ ও ০৭/০৪/২০১৮		সরেজমিন পরিদর্শন পূর্বক সন্তোষ প্রকাশ করেন।
জনাব মো: মফিজুল ইসলাম সচিব বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭ শের-ই-বাংলানগর, ঢাকা।	২১/১১/২০১৮		
জনাব আবদুল্লাহ-আল মাসুদ সিনিয়র সহকারী পরিচালক বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ শের-ই-বাংলানগর, ঢাকা।	৩০/০৬/২০১৫		

(b) Others: (Please specify)

Name & designation of the Inspecting official	Date of Inspection	Identified Problems	Recommendations
1	2	3	4
জনাব শেখ আব্দুর রউফ যুগ্ম -সচিব পরিকল্পনাবিভাগ এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ সমন্বয় শাখা-২, ঢাকা।	২২/০২/২০১৭ ও ২৩/০২/২০১৭		সরেজমিন পরিদর্শন পূর্বক সন্তোষ প্রকাশ করেন।
জনাব মো: মতিউর রহমান যুগ্মপ্রধান পরিকল্পনা কমিশন ভৌত অবকাঠামো বিভাগ ভৌত পরিকল্পনা, পানি সরবরাহ ও গৃহায়ন উইং-১ শের-ই-বাংলানগর, ঢাকা।	০৬/০৩/২০১৭ হতে ০৮/০৩/২০১৭		
জনাব খন্দকার আনোয়ারুল ইসলাম ভারপ্রাপ্ত সচিব যোগাযোগ মন্তণালয়, সেতু বিভাগ, সেতু ভবন,বনানী, ঢাকা।	০৮/০৩/২০১২		
জনাব মোহাম্মদ মাসুদ রানা চৌধুরী উপ-প্রধান	০২/০২/২০১৭ হতে		

Name & designation of the Inspecting official	Date of Inspection	Identified Problems	Recommendations
1	2	3	4
পরিকল্পনা মন্ত্রণালয় মন্ত্রীর দপ্তর শের-ই-বাংলানগর, ঢাকা।	০৫/০২/২০১৭		

১৪.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাবমো: মাহফুজুর রহমান, নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), জনাব আসাদ বিন আনোয়ার, সহকারী প্রকৌশলী, জনাব মোর্শেদুল হক চৌধুরী, উপ-সহকারী প্রকৌশলী চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নিজস্ব জনবল।

১৫.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব মো: মাহফুজুর রহমান,	নির্বাহী প্রকৌশলী (প্রকল্প)	২৬/০৯/২০১০	নিয়মিত	হ্যাঁ	০২টি

১৬.০ **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরূপ:

(ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ১৪টি।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তিমূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী		
মুরাদপুর, ২নং গেইট ও জিইসি জংশনে ফ্লাইওভার নির্মাণ (WD1)	ডিসেম্বর'২০১৩ টা. ৪৬২,২৯,৫৯,০০০.০০	২৩/১০/২০১৪ টা.৪৩১,৫০,৬২,০০০.০০	৩০/০৬/২০১৬		নির্মাণ সামগ্রীর মূল্য বৃদ্ধি ও ঠিকাদারকে যথাসময়ে সাইট হস্তান্তর করতে না পারাতে বাস্তবায়নে বিলম্ব হয়েছে।

Consultancy for design & supervision (1st part) (SD1)	ডিসেম্বর'২০১০ টা. ৫,৬০,৪১,২২০.০০	১০/০১/২০১১ টা. ৫,১০,৯৯,০৬০.০০	৩০/০৬/২০১৬		

১৭.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পর্যবেক্ষণ
(ক) টাইগারপাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত সৃষ্ট তীব্র যানজট নিরসন।	টাইগারপাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত যানজট হ্রাস পেয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়,প্রকল্পের লালখান বাজার হতে মুরাদপুর পর্যন্ত মূল ফ্লাইওভারের নির্মান কাজ সম্পন্ন হয়েছে। এর ফলে টাইগারপাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত যানজট হ্রাস পেয়েছে।
(খ) চট্টগ্রাম শহরের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।	চট্টগ্রাম শহর এলাকা ও এর দক্ষিণাঞ্চলের মধ্যে উন্নত যোগাযোগ ব্যবস্থা গড়ে উঠেছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়,প্রকল্পের লালখান বাজার হতে মুরাদপুর পর্যন্ত মূল ফ্লাইওভারের নির্মান কাজ সম্পন্ন হওয়ায় যানযটকমে এসেছে এবং সড়ক যোগাযোগ উন্নত হয়েছে।
(গ) যাতায়াতের জ্বালানী ও কর্মঘন্টার সাশ্রয়।	যাতায়াতের জ্বালানী ও কর্মঘন্টার সাশ্রয় হয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, ফ্লাইওভার নির্মানের ফলে যানযট কমে এসেছে, ফলে যানবাহনের যাতায়াত সময় কম লাগছে এবং জ্বালানী ও কর্মঘন্টা সাশ্রয়ী হচ্ছে।

১৮ .০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৯.০ **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৯.১ **Time & cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ১৫০৭০.৫৭ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই, ২০১০ হতে জুন,২০১২ মেয়াদের জন্য গত ১৮/০৭/২০১০ তারিখে অনুমোদিত হয়েছিল। ১মসংশোধনীর মাধ্যমে ৪৬২২৯.৬৯ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই, ২০১০ হতে জুন, ২০১৬ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়।অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ৪ (চার) বৎসরবা২০০%এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৩১১৫৯.১২ লক্ষ টাকা বা ২০৬.৭৫%। ২য় সংশোধনীর মাধ্যমে ৬৯৬৩৪.৪৪ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই, ২০১০ হতে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত মেয়াদের জন্য গত ২২/১২/২০১৬ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ২ (দুই) বৎসর ৬ মাস বা ৬২.৫% এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ২৩৪০৪.৭৫ লক্ষ টাকা বা ৫০.৬২%। প্রকল্পটির ডিপিপি ২ বার সংশোধনীর মাধ্যমে মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৬ বছর ৬ মাস বা ২৬২.৫% এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে ৫৪৫৬৩.৮৭ লক্ষ টাকা বা ২৫৭.৩৭%। প্রকল্পটি মূল ডিপিপির প্রাক্কলিত অর্থ ও নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি। প্রকল্প পরিচালকের বক্তব্য হল প্রকল্প বাস্তবায়নকালীন কয়েকবার ফ্লাইওভারের ডিজাইন পরিবর্তন করতে হয়েছে এবং Traffic Survey পর্যালোচনা করে ফ্লাইওভারের দৈর্ঘ ও Exit/ Entry Ramp বৃদ্ধি পেয়েছে। প্রকল্পের অঙ্গের পরিমান বৃদ্ধি পাওয়ায় অতিরিক্ত অর্থ ও সময় বৃদ্ধি পেয়েছে এবং প্রকল্পের ডিপিপি সংশোধন প্রয়োজন হয়েছে।

১৯.২। **প্রকল্পের বিবরণ:** প্রকল্পের মাধ্যমে নির্মাণকৃত ফ্লাইওভারটি ৪ লেইন বিশিষ্ট এবং নামকরণ করা হয়েছে আখতারুজ্জামান ফ্লাইওভার। ফ্লাইওভারটি বহদ্দারহাট এন. মোহাম্মদ কনভেনশন সেন্টার থেকে শুরু হয়ে লালখান

বাজারে শেষ হয়েছে। যার দৈর্ঘ ৩.৬৫ কি:মি:, প্রস্থ্য ১৬.৫ মি:। ফ্লাইওভারটিতে ২ নং গেইট হতে বায়েজিদ মুখী Upward ওDownward Ramp / Loop এর ব্যবস্থা রাখা হয়েছে যাতে Upward Ramp (Loop)/Entry এর দৈর্ঘ ৯৫০ মি: ও প্রস্থ ৬.৫ মি: এবং Downward Ramp (Loop)/Exit এর দৈর্ঘ ৭৫০ মি: ও প্রস্থ ৫.৫ মি:। এছাড়া জিইসি জংশনে ২ টি Exit /Entry Ramp এর ব্যবস্থা রাখা হয়েছে যার দৈর্ঘ ০.৮৩ কি:মি: ও প্রস্থ ৫.৫ মি:। সামগ্রিকভাবে ফ্লাইওভারটির দৈর্ঘ ৬.২ কি:মি:।

১৯.৩। **প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা:** প্রকল্পের আরডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্যের জন্য ৪টি, কার্যের জন্য ৬টি এবং সেবার জন্য ৪টিসহ মোট (৪+৬+৪)=১৪ টি প্যাকেজ রয়েছে। ১৪টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজেরইদরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র আহ্বানকৃত প্যাকেজের মধ্যে প্রধান২ টি প্যাকেজের ক্রয়কার্যক্রম নিম্মের স্বারনীর মাধ্যমে দেখানো হল:

ক্র: নং	প্যাকেজের বর্ণনা	দরপত্র আহবানের তারিখ		চুক্তির তারিখ		কাজ সমাপ্তির তারিখ			বাস্তবায়ন বিলম্বের কারণ
		ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	আরডিপিপি অনুযায়ী	চুক্তি অনুযায়ী	প্রকৃত	
১	Wd-1	ডিসে. ১৩	ডিসে. ১৩	মার্চ, ১৪	২৩/১০/১৪	জুন, ১৮	৩০/৬/১৬	৩১/১২/১৮	
২	Sd-1	আগষ্ট, ১০	ডিসে. ১০	জানু. ১১	১০/১/১১	জুন, ১৮	৩০/৬/১৬	৩১/১২/১৮	

উপরের ছক হতে দেখা যায়, ১৪টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। প্যাকেজগুলো আরডিপিপি'র সিডিউলের কাছাকাছি সময়ে দরপত্র আহ্বান করা হয়েছে।

১৯.৪। **প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান :** প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। বুয়েট ও চুয়েট কর্তৃক নির্মাণ সামগ্রীগুলো পরীক্ষা করা হয়েছে। সর্বোপরি, বাহ্যিকভাবে প্রকল্পের নির্মাণ কাজের গুণগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৯.৫। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত:** পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের অভ্যন্তরীন এবং এক্সটার্নাল কোন অডিট হয়নি। প্রতি অর্থবছর শেষে ৯ মাসের মধ্যে অডিট সম্পাদন করার বিধান রয়েছে। কিন্তু এ প্রকল্পে এখন পর্যন্ত কোন অডিট সম্পাদন করা হয়নি। প্রকল্পের বাস্তবায়িত ব্যয়ের দ্রুত অডিট সম্পাদন করা প্রয়োজন।

১৯.৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ৩ টি, (১) টাইগারপাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত সৃষ্ট তীব্র যানজট নিরসন, (২) চট্টগ্রাম শহরের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং (৩) যাতায়াতের জ্বালানী ও কর্মঘন্টার সাশ্রয়। প্রকল্পের মাধ্যমে লালখান বাজার হতে মুরাদপুর পর্যন্ত ৩.৬৫ কি:মি: মূল ফ্লাইওভারের এবং সামগ্রিকভাবে ফ্লাইওভারটির দৈর্ঘ ৬.২ কি:মি: নির্মান কাজ সম্পন্ন হয়েছে। এর ফলে টাইগারপাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত যানজট হ্রাস পেয়েছে এবং সড়ক যোগাযোগ উন্নত হয়েছে। ফ্লাইওভার নির্মানের ফলে যানযট কমে এসেছে, ফলে যানবাহনের যাতায়াত সময় কম লাগছে এবং জ্বালানী ও কর্মঘন্টা সাশ্রয়ী হচ্ছে বলে পিসিআর এবং সরেজমিন পরিদর্শণে দেখা যায়। আলোচ্য প্রকল্পটি বহদ্দারহাট ফ্লাইওভারের সাথে সরাসরি যুক্ত হওয়ায় চট্টগ্রাম দক্ষিণাঞ্চলের সাথে চট্টগ্রাম শহরের উন্নত যোগাযোগ ব্যবস্থা বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। প্রকল্পটির সাথে চট্টগ্রামের রাউজান, রাঙ্গুনিয়া, চুয়েট, চাঁন্দগাও আবাসিক এলাকা, কালুরঘাট শিল্প এলাকা এর সরাসরি যোগাযোগ স্থাপিত হয়েছে। প্রকল্পটির মাধ্যমে বায়েজিদ শিল্পাঞ্চল, হাটহাজারী, রাঙ্গামাটি, খাগড়াছড়ির জনসাধারণ উপকৃত হচ্ছে। এছাড়া প্রকল্পটি নির্মাণাধীন ১৬.৫ কি:মি: দৈর্ঘের চার লাইন বিশিষ্ট "চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ" প্রকল্পের সাথে কানেক্টিভিটি স্থাপন করবে। এছাড়া চট্টগ্রাম শহরের টাইগারপাস থেকে শুরু করে বহদ্দারহাট জংশন পর্যন্ত সৃষ্ট তীব্র যানজট নিরসনে, চট্টগ্রাম শহরের সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, যাতায়াতের জ্বালানী ও কর্মঘন্টার সাশ্রয়ে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। চট্টগ্রামের কর্ণফুলীর পাড় থেকে টেকনাফ পর্যন্ত বিস্তৃত বিশাল সম্ভাবনা ও গভীর সমূদ্র বন্দরের সাথে সারা বাংলাদেশের সুফল পেতে আলোচ্য প্রকল্পটি কানেক্টিভিটির একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।ট্রাফিক সার্ভে রিপোর্ট হতে দেখা যায়, প্রকল্পটি Exit /Entry Ramp সহ যান চলাচলের জন্য উন্মুক্ত করার পর ২৪ ঘন্টা সময় ধরে Detailed Traffic Survey করা হয়। উক্ত সার্ভে পর্যালোচনা করে দেখা

যায়, সিএনজি, কার, মাইক্রো বাস, মোটরসাইকেল, পিকআপ, মিনিবাস, বাস, মিনি কার্ভাড ভ্যান, কার্ভাড ভ্যান, ট্রেইলর, ট্রাক, মিনি ট্রাক ও অন্যান্য যানবাহনসহ সর্বমোট ৫৮৩৪৯ টি যানবাহন দৈনিক ফ্লাইওভারে উঠা-নামা করে। এসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন হয়েছে।

১৯.৭। **ফ্লাইওভারের ব্যবস্থাপনা:** ডিপিপির ১৩ নং অনুচ্ছেদে উল্লেখ রয়েছে, প্রকল্পটি বাস্তবায়ন হবার পর নির্মিত ফ্লাইওভারটি চট্রগ্রাম সিটিকর্পোরেশনের নিকট ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য হস্তান্তর করা হবে। এখন পর্যন্ত ফ্লাইওভারটি সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হয়নি। প্রকল্প পরিচালক জানিয়েছেন, ডিপিপি'র সিদ্ধান্ত অনুযায়ী ফ্লাইওভারটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তরের কার্যক্রম চলমান আছে, দ্রুতই সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হবে।

১৯.৮। **প্রকল্পের ক্রয়কৃত যানবাহন:** প্রকল্পের ডিপিপিতে একটি পিকআপ ক্রয়ের সংস্থান ছিল। সংস্থান অনুযায়ী একটি ডাবল কেবিন পিকআপ ক্রয় করা হয়েছে।পিসিআর দৃষ্টে দেখা যায়, যানবাহনটি পরিবহণ পুলে জমা দেয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে এবং প্রকল্প পরিচালক জানিয়েছেন, যানবাহনটি ইতোমধ্যেই পরিবহণ পুলে জমা দেয়া হয়েছে।

২০.০ সুপারিশ/মতামত:

২০.১। প্রকল্পটি মূল প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত অর্থে সমাপ্ত হয়নি, ৬ (ছয়) বৎসর ৬ মাস বা ২৬২.৫% সময় এবং প্রাক্কলন ৫৪৫৬৩.৮৭ লক্ষ টাকা বা ২৫৭.৩৭% অতিরিক্ত লেগেছে। মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের প্রাক্কলন ও বাস্তবায়ন মেয়াদ সঠিকভাবে করতে হবে যাতে প্রকল্পের প্রাক্কলন ও মেয়াদ বৃদ্ধি করতে না হয়।

২০.২। এ প্রকল্পের অভ্যন্তরীন এবংএক্সটার্নাল কোন অডিট সম্পাদন করা হয়নি।প্রকল্পের কার্যক্রমের দ্রুত অডিট সম্পাদন করাতে হবে।

২০.৩। বাস্তবায়িত ফ্লাইওভারটি এখনো চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হয়নি। ডিপিপি'র নির্দেশনা অনুযায়ী ফ্লাইওভারটি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট দ্রুত হস্তান্তর করতে হবে।

২০.৫। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

Verification Survey with the Private Sector for Disseminating Japanese Technologies for Non-Fired Solidification Brick Manufacturing Process শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন ২০১৯)

১।	**প্রকল্পের নাম**	:	Verification Survey with the Private Sector for Disseminating Japanese Technologies for Non-Fired Solidification Brick Manufacturing Process.
২।	**উদ্যোগী মন্ত্রণালয়**	:	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট (HBRI)
৩.১	**প্রকল্পের অবস্থান**	:	HBRI কার্যালয়, দারুস সালাম, মিরপুর, ঢাকা।

৪। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:**

৪.১	**মূল:**	**:**	৯০৩.৬৫ লক্ষ টাকা
৪.২	১ম সংশোধিত	**:**	১১২৯.৩৪ লক্ষ টাকা
৪.৩	**প্রকল্পের বাস্তবায়নকাল**	**:**	জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮
৪.৪	১ম সংশোধিত	**:**	জুলাই ২০১৭ হতে জুন ২০১৯।

৫.১। প্রকল্পের পটভূমি ও বর্ণনাঃ

বাংলাদেশ নির্মাণ কাজের একটি গুরুত্বপূর্ণ উপাদান হল ইট। ভবন নির্মাণে ইটের চাহিদা পুরণের জন্য বাংলাদেশের শহরগুলোর ভিতরে এবং চারপাশে বিপুল সংখ্যক ইটের ভাটা গড়ে উঠেছে যা পরিবেশ ও কৃষি জমির উপর মারাত্মক প্রভাব ফেলছে। ইট ভাটার মালিকরা ভালো মানের ইট তৈরির জন্য সাধারণত কৃষি জমির উপরের অংশ (টপ সয়েল) ব্যবহার করেন। ইটের ভাটায় প্রতি বছর প্রায় ৪৫ মিলিয়ন টন কৃষি জমির টপ সয়েল ব্যবহৃত হয়। যার ফলে প্রতি বছর আনুমানিক ৮০,০০০ হেক্টর উর্বর জমি উৎপাদনশীলতা হারায়। বর্তমানে বাংলাদেশে প্রতি বছর প্রায় ১৭.২ মিলিয়ন ইট তৈরি করা হয়, যা পরবর্তী ১০ বছরে আরও ২-৩% বৃদ্ধি পাবে।

ইটের ভাটা গ্রিন হাউজ গ্যাস নির্গমণের অন্যতম প্রধান উৎস। বাংলাদেশে 'ফিক্সড চিমনী ক্লিন' পদ্ধতিতে ইট উৎপাদন করা হয় যা একটি প্রাচীন পদ্ধতি। এই পদ্ধতিতে প্রতি এক মিলিয়ন ইট তৈরি করতে প্রায় ২৪০ টন নিম্নমানের কয়লা পোড়ানো হয়। ফলে প্রতি বছর এ সমস্ত ইটের ভাটা হতে প্রায় ৯.৮ মিলিয়ন টন Co2 গ্যাস নির্গমন হয়। Co2 বিশ্বব্যাপী গ্লোবাল ওয়ার্মিং এর জন্য প্রধানত দায়ী। Co2 ছাড়াও এ সমস্ত ইটের ভাটা হতে আরও অনেক ক্ষতিকর রাসায়নিক গ্যাস যেমন Co, So2, No2, No ইত্যাদি নির্গমণ হয় যা পরিবেশ দূষণ এবং স্বাস্থ্যঝুঁকি সৃষ্টি করে।

ইটের এসব ক্ষতিকর দিক বিবেচনায় নিয়ে বাংলাদেশ সরকার পোড়ানো ইটের বিকল্প প্রযুক্তি উদ্ভাবনের প্রতি জোর দেন। বাংলাদেশ সরকারের সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনাতে ইট উৎপাদনে কৃষি জমির টপ সয়েল ব্যবহার শূন্যের কোটায় নামিয়ে আনতে 'হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট 'কে নতুন নির্মাণ উপকরণ উদ্ভাবনের প্রতি জোর দিতে বলা হয়েছে। বাংলাদেশ সরকারের পরিকল্পনার সাথে সামাঞ্জস্য রেখে এবং পরিবেশ দূষণ প্রতিরোধের জন্য 'হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এ প্রকল্পটি গ্রহণ করে।

৫.২। প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) গ্রিন হাউজ গাসের নির্গমণ হ্রাস করা;
(খ) পরিবেশ দূষণ ও গ্লোবাল ওয়ার্মিং রোধ করা;
(গ) ইট উৎপাদনে কৃষি জমির টপ সয়েল ব্যবহার বন্ধ করা;
(ঘ) পোড়ানো ইটের বিকল্প হিসেবে Non-fired Solidification Brick উৎপাদন করা;

(ঙ) ইটের উৎপাদন খরচ এবং দাম কমানো, এবং

(চ) ভবন নির্মাণ খরচ কমান।

৬। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের (%)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৯০৩.৬৫	১১২৯.৩৪	**১১২৯.৩৪**	জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮	জুলাই ২০১৭ হতে জুন ২০১৯	জুলাই ২০১৭ হতে জুন ২০১৯	**২২৫.৬৯ (২৫%)**	**৬ মাস (৩৩%)**

৭.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
১.	Charge Allowance (4737)	1 job	৮.০০	১০০%	৮.০০	১০০%
২.	Conveyance Allowance (4765)	1 job	১.০০	১০০%	১.০০	১০০%
৩.	Fixed Travel Allowance (4761)	1 job	৩০.৮০	১০০%	৩০.৮০	১০০%
৪.	Honorarium/Fees/Remuneration (4883)	1 job	২.০০	১০০%	২.০০	১০০%
৪.	Other Allowances (4795)	1 job	৯.২০	১০০%	৯.২০	১০০%
৫.	Compensation	1 job	১৫১.০০	১০০%	১৫১.০০	১০০%
৬.	Labor Wages	1 job	৪.০০	১০০%	৪.০০	১০০%
	Seminar, Conference Expenses (4842)		৬.০০	১০০%	৬.০০	১০০%
৭.	Electricity	1 job	৪.০০	১০০%	৪.০০	১০০%
৮.	Publications (4835)	1 job	১.০০	১০০%	১.০০	১০০%
	Testing Fee	1 job	২.০০	১০০%	২.০০	১০০%
৯.	Freight and Transport Charges (4846)	1 job	৭.০০	১০০%	৭.০০	১০০%

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১০.	Printing and Binding (4827)	1 job	৩.০০	১০০%	৩.০০	১০০%
১১.	Chemicals (4852)	1 job	৫.০০	১০০%	৫.০০	১০০%
১২.	Raw Materials and Spares (4856)	1 job	১৫.০০	১০০%	১৫.০০	১০০%
১৩.	Consultancy	1 job	৮.০০	১০০%	৮.০০	১০০%
১৪.	Machineries & Equipment (4916)	1(One)	৫.০০	১০০%	৫.০০	১০০%
১৫.	Non-Residential	1 job	৮১.৭৩	১০০%	৮১.৭৩	১০০%
১৬.	Motor Vehicles	1 job	১৫.৭৭	১০০%	১৫.৭৭	১০০%
১৭.	Computer & Accessories (6815)	1 job	১৫.০০	১০০%	১৫.০০	১০০%
১৮.	Cost of Electrification	1 job	৮৯.২৩	১০০%	৮৯.২৩	১০০%
১৯.	Engineering and other Equipment	-	৬৩.০০	১০০%	৬৩.০০	১০০%
২০.	Office Equipment (6819)	1 job	৩.০০	১০০%	৩.০০	১০০%
২১.	Furniture and Fixtures (6821)	1 job	২.০০	১০০%	২.০০	১০০%
২২.	C D / VAT (7901)	1 job	১৫০.০০	১০০%	১৫০.০০	১০০%
	মোট =		১১২৯.৩৪	১০০%	১১২৯.৩৪	১০০%

৮। **<u>প্রকল্পের মূল কার্যক্রম</u> :**

ক) মেশিনারিজ এন্ড ইকুইপমেন্ট;
খ) কম্পিউটার ও এক্সেসরিজ;
গ) অফিস ইকুইপমেন্ট;
ঘ) ফার্নিচার ও ফিক্সার।

৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি:**

প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ৯০৩.৬৫ লক্ষ টাকা এবং ১ম সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় **১১২৯.৩৪** লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে **১১২৯.৩৪** লক্ষ টাকা যা ১ম সংশোধিত অনুমোদিত

প্রাক্কলিত ব্যয়ের সমান মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে। পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমূদয় কাজ সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য :

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
রাজিয়া বেগম প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার	-	খন্ডকালীন	০১/১১/২০১৭	০৮/০১/২০১৯
মো: আখতার হোসেন সরকার প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার	-	খন্ডকালীন	০৮/০১/২০১৯	৩০/০৬/২০১৯

১১। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

ঢাকার মিরপুরে HBRI কার্যালয়ের আলোচ্য প্রকল্পটি বিগত ১২/১১/২০২০ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক (উপসচিব) জনাব মশিউর রহমান, কর্তৃক পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন। প্রকল্পের মাধ্যমে মেশিনারিজ এন্ড ইকুইপমেন্ট, কম্পিউটার ও এক্সেসরিজ, অফিস ইকুইপমেন্ট ও ফার্নিচার ও ফিক্সার ক্রয় করা হয়েছে।

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
(ক) গ্রিন হাউজ গাসের নির্গমন হ্রাস করা;	(ক) গ্রিন হাউজ গাসের নির্গমন হ্রাস করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে ;
(খ) পরিবেশ দূষণ ও গ্লোবাল ওয়ার্মিং রোধ করা;	(খ) পরিবেশ দূষণ ও গ্লোবাল ওয়ার্মিং রোধ করা সম্ভব হবে মর্মে আশা করা যায়;
(গ) ইট উৎপাদনে কৃষি জমির টপ সয়েল ব্যবহার বন্ধ করা;	(গ) ইট উৎপাদনে কৃষি জমির টপ সয়েল ব্যবহার বন্ধ করার প্রচেষ্টা অব্যাহত আছে;
(ঘ) পোড়ানো ইটের বিকল্প হিসেবে Non-fired Solidification Brick-উৎপাদন করা;	(ঘ) পোড়ানো ইটের বিকল্প হিসেবে Non-fired Solidification Brick-উৎপাদন বৃদ্ধি পেয়েছে;
(ঙ) ইটের উৎপাদন খরচ এবং দাম কমানো এবং	(ঙ) ইটের উৎপাদন খরচ এবং দাম কমানো সম্ভব হচ্ছে এবং
(চ) নির্মাণ খরচ কমান।	(চ) নির্মাণ খরচ কমান সম্ভব হয়েছে।

১৩। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

১। প্রকল্পের মাধ্যমে তৈরিকৃত 'Non-fired Solidification Brick' ইট উৎপাদনে কৃষি জমির টপ সয়েল এর ব্যবহার বন্ধ করবে।'Non-fired Solidification Brick' উৎপাদনে কয়লা বা কাঠ জ্বালানি হিসেবে ব্যবহার হয়না, ফলে দেশের বনজ সম্পদ রক্ষা করবে। প্রকল্প চলাকালিন সময়ে বিভিন্ন সেমিনার ওয়ার্কশপ এর আয়োজন করা হয় ফলে 'Non-fired Solidification Brick' উৎপাদনের প্রযুক্তি এই খাতে উদ্যোক্তাদের মাধ্যমে সারা দেশে ছড়িয়ে পড়বে।'Non-fired Solidification Brick' গতানুগতিক পোড়ানো ইটের চেয়ে গুণগতভাবে উন্নত হওয়ায় নির্মাণ কাজ উন্নত ও টেকসই হবে; এই প্রযুক্তির মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে; প্রকল্পটি পরিবেশ-বান্ধব প্রযুক্তিনির্ভর, ফলে পরিবেশের উপর কোন ক্ষতিকর প্রভাব ফেলবে না; প্রকল্পটিতে কোন জীবাশ্ম জ্বালানি পোড়ানো হয়না, ফলে এই প্রকল্প গ্লোবাল ওয়ার্মিং রোধ করতে সহায়ক ভূমিকা পালন করবে; গতানুগতিক ইটের ভাটার বিকল্প হিসেবে এই প্রকল্প স্বাস্থ্যঝুঁকি হ্রাস করবে এবং প্রকল্পটির মাধ্যমে নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে, যা দারিদ্র হ্রাসে সহায়ক হবে।

১৪। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এর Sustainability:**

প্রকল্পটির মাধ্যমে 'Non-fired Solidification Brick' প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত নির্মাণ সামগ্রী থেকে ব্যয় সাশ্রয়ী, পরিবেশ বান্ধব, টেকসই এবং গুণগতভাবে উন্নতমানের ইট উৎপাদন করা সম্ভব হয়েছে। সুতরাং এটি বলা যেতে পারে যে প্রকল্পটি গ্রামীণ ও শহরের গৃহায়নেও সুফল বয়ে এনেছে।

১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে এবং

১৬। **পর্যবেক্ষণ:** প্রকল্পটি একটি গবেষণাধর্মী প্রকল্প। প্রকল্পের মাধ্যমে মেশিনারিজ এন্ড ইকুইপমেন্ট,কম্পিউটার ও এক্সেসরিজ, অফিস ইকুইপমেন্ট ও ফার্নিচার ও ফিক্সার ক্রয় করা হয়েছে। সরেজমিন পরিদর্শনের আলোকে আইএমডি'র পর্যবেক্ষণ নিম্নরূপ:

১৬.১ Time & cost over run: প্রকল্পটির মূল ডিপিপি ৯০৩.৬৫ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীর মাধ্যমে ১১২৯.৩৪ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১৭ হতে জুন ২০১৯ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ২২৫.৬৯ লক্ষ টাকা (২৫%) এবং মেয়াদ বৃদ্ধি পায় ০৬ মাস (৩৩.৩৩%)।

১৬.২ জাপানিজ প্রযুক্তির মাধ্যমে প্রস্তুতকৃত নন ফায়ার-ব্রিকস বা ব্লক পরিবেশ বান্ধব এবং অর্থনীতিকভাবে টেকসই। কিন্তু এ প্রযুক্তি বিষয়ে উদ্যোক্তা এবং ব্যবহারকারীদের মধ্যে ব্যাপক সাড়া জাগানোর জন্য তেমন কোন প্রচার হচ্ছে না। নন ফায়ার ব্রিকস উৎপাদন ও ব্যবহার বিষয়ে ব্যাপক প্রচার চালানো প্রয়োজন।

১৬.৩ নন ফায়ারড ব্রিক প্রযুক্তিতে ভবন নির্মাণ বিষয়ে মতামত চাওয়া হলে সুবিধাভোগী একজন উদ্যোক্তা জানান যে, এ প্রযুক্তি ব্যয় সাশ্রয়ী, কম শ্রমসাধ্য ও টেকসই। এ প্রযুক্তিতে ভবন নির্মাণের কোন সমস্যা আছে কিনা জানতে চাওয়া হলে প্রকল্প পরিচালক জানান যে, এ প্রযুক্তিতে ভবন নির্মাণে কোন অসুবিধা নেই, বরঞ্চ এ প্রযুক্তিতে নির্মিত ভবনের ওজন তুলনামূলকভাবে কম হওয়ায় ভূমিকম্পনে এসব ভবনের ক্ষতি সাধারণত হয় না।

১৬.৪ অডিট প্রতিবেদন: প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন মেয়াদে ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট সম্পাদিত হয়েছে তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৬.৫ পিসিআর প্রেরণে বিলম্ব: প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৯ সালে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ০৩ মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বিলম্বে (১৭ মাস পর) প্রেরণ করা হয়।

১৭। প্রকল্প বাস্তবায়নের কতিপয় চিত্র:



চিত্র (১) নন ফায়ার ব্রিকস তৈরির যন্ত্রপাতি।



চিত্র (২) মহাপরিচালকের সাথে বৈঠকের দৃশ্য।



চিত্র (৩) নন ফায়ার ব্রিকস দ্বারা নির্মিত দেয়াল।



চিত্র (৪) নন ফায়ার ব্রিকস এর দৃশ্য।

১৮। <u>সুপারিশ/ মতামত:</u>

১৮.১ মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে অতিক্রান্ত ব্যয় ২২৫.৬৯ লক্ষ টাকা (২৫%) এবং অতিক্রান্ত সময় ৬ মাস (৩৩%)। ভবিষ্যতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে ও এ বিষয়ে সংস্থার সক্ষমতা বৃদ্ধি করতে হবে;

১৮.২ জাপানিজ প্রযুক্তির মাধ্যমে প্রস্তুতকৃত নন-ফায়ার্ড ব্রিকস বা ব্লক পরিবেশ বান্ধব এবং অর্থনৈতিকভাবে টেকসই। এ প্রযুক্তি বিস্তারে উদ্যোক্তা এবং ব্যবহারকারীদের মধ্যে ব্যাপক সাড়া জাগানো তথা জনসচেতনতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা সমীচীন হবে;

১৮.৩ নন-ফায়ার্ড ব্রিকস উৎপাদন ও ব্যবহার বিষয়ে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে PWD কর্তৃক ডিডিসি সভায় প্রস্তাবনা উপস্থাপন; তথ্য অফিসের মাধ্যমে প্রচারণা চালানো এবং বিশ্ব পরিবেশ দিবসে এ সংক্রান্তে বিশেষ আয়োজনের মাধ্যমে জনসাধারণকে আরও উদ্বুদ্ধ করা যেতে পারে। সে লক্ষ্যে HBRI এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে;

১৮.৪ এ প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত নির্মাণ সামগ্রী থেকে ব্যয় সাশ্রয়ী, পরিবেশ বান্ধব, টেকসই এবং গুণগতভাবে উন্নতমানের ইট উৎপাদন করা সম্ভব হচ্ছে। এর ফলে নির্মিত ভবনের ওজন তুলনামূলকভাবে কম হয় এবং ভূমিকম্পেও ক্ষয়ক্ষতি অপেক্ষাকৃত কম হয় মর্মে প্রকল্প পরিচালক জানান। তাই এ প্রযুক্তিকে টেকসই করার জন্য কৃষি উপযোগী মাটির ব্যবহার হ্রাস ও ভবন নির্মাণে এ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মন্ত্রণালয় প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে;

১৮.৫ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্প সংশ্লিষ্ট অডিট আপত্তি (যদি থাকে) দ্রুত নিস্পত্তিপূর্বক অডিট প্রতিবেদনেরি একটি কপি আইএমইডি'তে প্রেরণ করবে

১৮.৬ অনুচ্ছেদ ১৮.১ হতে ১৮.৫ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প (৪র্থ সংশোধিত) **প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন প্রকল্প (৪র্থ সংশোধিত) ।

২। প্রকল্পের ধরন: বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি ও জেডিসিএফ এর অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: জাপান সরকার (জেডিসিএফ)।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা ওয়াসা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বুয়েট ও এসডব্লিউও (স্পেশাল ওয়ার্কস অরগানাইজেশন), বাংলাদেশ সেনাবাহিনী।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১৪৭৩৫৮.৬২	১৩২৩৫৮.৬২	১৫০০০.০০	জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১০	৮/১০/২০০৭	৭৬২৪৩.৭১৫ লক্ষ বা ৫১.৭৪%	৯ বছর বা ৩০০%
১ম সংশোধিত	১৪৮০৯৮.৭৪	১৩৩০৯৮.৭৪	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১০	২৮/১২/২০০৮		
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	১৪৮০৯৮.৭৪	১৩৩০৯৮.৭৪	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১১			
২য় সংশোধনের সাথে মেয়াদ বৃদ্ধি	১৯৭১৩০.৪৮৫	১৮২১৩০.৪৮৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-ডিসেম্বর, ২০১২	৪/১০/২০১১		
৩য় বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	১৯৭১৩০.৪৮৫	১৮২১৩০.৪৮৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১৪			
৩য় সংশোধিত	২২৩৬০২.৩৩৫	২০৮৬০২.৩৩৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১৪	১৩/১১/২০১৩		
৪র্থ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২২৩৬০২.৩৩৫	২০৮৬০২.৩৩৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১৫			
৪র্থ সংশোধিত	২২৩৬০২.৩৩৫	২০৮৬০২.৩৩৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-ডিসেম্বর, ২০১৬	২৫/০৮/২০১৫		
৫ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২২৩৬০২.৩৩৫	২০৮৬০২.৩৩৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১৮	৩/৫/২০১৭		
৬ষ্ঠ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	২২৩৬০২.৩৩৫	২০৮৬০২.৩৩৫	১৫০০০.০০	জুলাই, ২০০৭-জুন, ২০১৯	৮/৪/২০১৮		

বিষয়	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
প্রকৃত ব্যয়	২২৩৩৯০.৮৭	--	--	জুলাই, ২০০৭-জুন, ২০১৯			

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ৭৬২৪৩.৭১৫ লক্ষ টাকা (৫১.৭৪%)।
(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৯ বছর (৩০০%)।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	পরিমাণ	একক	আনুমানিক মূল্য	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
					আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
রাজস্ব ব্যয়:								
পার্ট-এ (বুয়েট)								
১.	প্রজেক্ট স্টাডি এন্ড টপ সুপারভিশন	এক্সপার্ট ১৫ স্টাফ, ১৪ জন সুপারভিশন	সংখ্যা	৪৬১.৯৬	৪৬১.৯৬	১০০	৪৬১.৬৯	১০০%
পার্ট-বি (রাজউক)								
২.	কম্পিউটার ও অফিস ইকুইপমেন্ট	কম্পিউটার, ল্যাপটপ ৩টি, ফ্যাক্স ও ফটোকপিয়ার ২টি, আসবাবপত্র ও অন্যান্য	সংখ্যা	২৬.০০	২৬.০০	১০০	২৩.৭৫	৯১.৩৪%
৩.	অফিস কন্টিনজেন্সি, ফুয়েল, ইভিকশন এন্ড অন্যান্য			১৯৫.০৮	১৯৫.০৮	১০০	১৪১.৯৬	৭২.৭৭%
৪.	লিগাল এ্যালাউন্স	এল.এস	এল.এস	৮০.০০	৮০.০০	১০০	৩৭.৯৫	৪৭.৪৩%
৫.	আরবিটেশন	এল.এস	এল.এস	২০.০০	২০.০০	১০০	০.০০	০.০০%
৬.	সিকিউরিটি	৫৮	সংখ্যা	৮৭১.৭৬	৮৭১.৭৬	১০০	৮৭১.৭৬	১০০%
৭.	ট্রাফিক কন্ট্রোল	৫৩	সংখ্যা	৪৫৪.৬৬	৪৫৪.৬৬	১০০	৪৫৪.৬৬	১০০%
৮.	প্রাইভেট ক্লিনার	৪১	সংখ্যা	২৩১.৫৭	২৩১.৫৭	১০০	২৩১.৫৭	১০০%
৯.	গার্ডেনিং সার্ভিস	১৫	সংখ্যা	১২৭.০০	১২৭.০০	১০০	১২৭.০০	১০০%
১০.	ইলেক্ট্রিক বিল	এল.এস	এল.এস	৪৫০.০০	৪৫০.০০	১০০	৩৭৭.৩৮	৮৩.৮৬%
১১.	ডেমোলিশিং অফ আনঅথরাইজড স্ট্রাকচার			৪.০০	৪.০০	১০০	৩.৩৯	৮৪.৭৫%
১২.	ট্রেনিং এন্ড স্টাডি ট্যুর	এল.এস	এল.এস	১৫০.০০	১৫০.০০	১০০	১৫০.০০	১০০%

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	পরিমাণ	একক	আনুমানিক মূল্য	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
					আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১৩.	কন্সালটেন্সি ও অন্যান্য	এল.এস	এল.এস	৩০০.০০	৩০০.০০	১০০	২৭৯.১৭	৯৩.০৫%
পার্ট-সি (ঢাকা ওয়াসা)								
১৪.	কন্সালটেন্সি	এল.এস	এল.এস	২০০.০০	২০০.০০	১০০	২০০.০০	১০০%
১৫.	কন্টিনজেন্সি	এল.এস	এল.এস	১০০.০০	১০০.০০	১০০	১০০.০০	১০০%
১৬.	অপারেশন এন্ড মেনটেনেন্স			৫০০.০০	৫০০.০০	১০০	৫০০.০০	১০০%
পার্ট-ডি (এলজিইডি)								
১৭.	কন্সালটেন্সি ইন ডিটেইলড ডিজাইন, চেকিং অফ ডিজাইন, টপ সুপারভিশন এন্ড কোয়ালিটি	এল.এস	এল.এস	৬৭৫.১৮	৬৭৫.১৮	১০০	৬৭৫.১৮	১০০%
১৮.	অফিস কন্টিনজেন্সি	এল.এস	এল.এস	৮০.০০	৮০.০০	১০০	৮০.০০	১০০%
১৯.	স্যালারি অফ অফিস স্টাফ	১৮	১৮	১৬৫.০০	১৬৫.০০	১০০	১৬৫.০০	১০০%
পার্ট-ই (এসডব্লিউও)								
২০.	কন্টিনজেন্সি (এসডব্লিউও)	এল.এস	এল.এস	২৯৯.০০	২৯৯.০০	১০০	২৯৯.০০	১০০%
২১.	প্রজেক্ট এ্যালোন্স	৬৬৫	সংখ্যা	৫৬০.৯৮	৫৬০.৯৮	১০০	৫৬০.৯৮	১০০%
	মোট রাজস্ব ব্যয় (ক)=			**৫৯৫২.১৯**	**৫৯৫২.১৯**	**১০০**	**৫৭৪০.৭১**	**৯৬.৪৪**
পার্ট-এ (রাজউক)								
২২.	একুয়িজেশন অফ ল্যান্ড	৩১১.৭৯	একর	১১১৫৭২.১৩	১১১৫৭২.১৩	১০০	১১১৫৭২.১৩	১০০%
২৩.	কম্পেনসেশন অফ স্ট্রাকচার			৭৩১১.২৭	৭৩১১.২৭	১০০	৭৩১১.২৭	১০০%
২৪.	কম্পেনসেশন অফ ট্রিস			৭.৭৫	৭.৭৫	১০০	৭.৭৫	১০০%
২৫.	এ্যাডমিনিসট্রেটিভ কস্ট (৭.৫%)			৮৬৬৯.৪৭	৮৬৬৯.৪৭	১০০	৮৬৬৯.৪৭	১০০%
২৬.	ল্যাগ এক্সক্যাভেশন	১০০০৭৭২.৬৪		২৮৫৩.২৯	২৮৫৩.২৯	১০০	২৮৫৩.২৯	১০০%
২৭.	স্লাজ রিমোভাল/ডিসপোসাল	১৯৮৬১২৭.৭২		৮৯২৯.৭৮	৮৯২৯.৭৮	১০০	৮৯২৯.৭৮	১০০%
২৮.	সাইট প্রটেকশন	২৯৪০০০.০০		২৮০০.৩৬	২৮০০.৩৬	১০০	২৮০০.৩৬	১০০%
২৯.	ট্রান্সপোর্ট এন্ড ভ্যাহিকলস	১ জিপ, ১ পিকআপ		৭৪.৬০	৭৪.৬০	১০০	৭৪.৬০	১০০%
৩০.	আর.সি.সি ডিমারকেশন পিলার	৫০০	সংখ্যা	২৫.৮৭	২৫.৮৭	১০০	২৫.৮৭	১০০%
৩১.	প্রিসারভিশন এন্ড ম্যানেজমেন্ট ইউনিট বিল্ডিং	১	সংখ্যা	৬১৮৪.০০	৬১৮৪.০০	১০০	৬১৮৪.০০	১০০%
৩২.	শিফটিং অফ ইউনিট	এল.এস	এল.এস	১১১১.৭৩	১১১১.৭৩	১০০	১১১১.৭৩	১০০%
৩৩.	কন্সট্রাকশন অফ টেমপোরারি ডেক ইমব্যাংকমেন্ট	১৮৮৬০৭.৬০		৩৬৮.১৯	৩৬৮.১৯	১০০	৩৬৮.১৯	১০০%
৩৪.	কন্সট্রাকশন অফ ২× গ্রেড সেপারেটেড ইউলুপ		এল.এস	৭৫১৯.৯৯	৭৫১৯.৯৯	১০০	৭৫১৯.৯৯	১০০%
৩৫.	বাউন্ডারী ওয়াল	৪.০০	কিমি	৩৫৭.৪৮	৩৫৭.৪৮	১০০	৩৫৭.৪৮	১০০%
৩৬.	বাউন্ডারী ওয়াল ফর বারবেড ওয়্যার ফেনসিং	৪.০০	কিমি	১৩৫.৪০	১৩৫.৪০	১০০	১৩৫.৪০	১০০%
৩৭.	এম.এস গেট ফর বাউন্ডারী ওয়াল	০.১২২	কিমি	৩০.৫০	৩০.৫০	১০০	৩০.৫০	১০০%

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	পরিমাণ	একক	আনুমানিক মূল্য	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
					আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
পার্ট-বি (ঢাকা ওয়াসা)								
৩৮.	মেইন ডাইভারশন স্যুয়ার	১০.৪০	কিমি	১১৮১৮.৮৫	১১৮১৮.৮৫	১০০	১১৮১৮.৮৫	১০০%
	ফিজিক্যাল ওয়ার্ক ও অন্যান্য			৪০০০.০০	৪০০০.০০	১০০	৪০০০.০০	১০০%
৩৯	কন্সট্রাকশন অফ স্পেসাল ডাইভারশন স্ট্রাকচার	১১	সংখ্যা	২১১৬.০০	২১১৬.০০	১০০	২১১৬.০০	১০০%
৪০.	ইমপ্রুভমেন্ট অফ ওয়াটার কোয়ালিটি	৪	সংখ্যা	৫১০.০০	৫১০.০০	১০০	৫১০.০০	১০০%
৪১.	লোকাল ডাইভারশন স্যুয়ার	৭.০০	কিমি	১৫৭৩.৫০	১৫৭৩.৫০	১০০	১৫৭৩.৫০	১০০%
৪২.	ওয়াটার সাপ্লাই			৭২৯.০০	৭২৯.০০	১০০	৭২৯.০০	১০০%
৪৩.	ট্রান্সপোর্ট এন্ড ভেহিকলস	১ পিকআপ, ৩ মোটর সাইকেল	সংখ্যা	২২.৫০	২২.৫০	১০০	২২.৫০	১০০%
৪৪.	ফানুটেইন	২০	সংখ্যা	১৫০০.০০	১৫০০.০০	১০০	১৫০০.০০	১০০%
৪৫.	এ্যাড়েটর	৪	সংখ্যা	৪১০.০০	৪১০.০০	১০০	৪১০.০০	১০০%
পার্ট-সি (এলজিইডি)								
৪৬.	কন্সট্রাকশন অফ রোড	৮.৮	কিমি	১১৯২০.০০	১১৯২০.০০	১০০	১১৯২০.০০	১০০%
৪৭.	আনফরসিন আইটেম ডিউরিং কন্সট্রাকশন	এল.এস	এল.এস	২২০.০০	২২০.০০	১০০	২২০.০০	১০০%
৪৮.	কন্সট্রাকশন অফ ব্রীজ	৪৭৭.২৫	এম	৭০০০.০০	৭০০০.০০	১০০	৭০০০.০০	১০০%
৪৯.	ফুটপাথ	৮.৮	কিমি	৩৩৯.৩৩	৩৩৯.৩৩	১০০	৩৩৯.৩৩	১০০%
৫০.	ওভারপাস এট মেইন রোড ক্রসিং	৪০০	এম	৪৩৫৬.৪১	৪৩৫৬.৪১	১০০	৪৩৫৬.৪১	১০০%
৫১.	রোড ইন্টারসেকশন এন্ড রাউন্ড এবাউট ডেভলপমেন্ট			৬১২.০০	৬১২.০০	১০০	৬১২.০০	১০০%
৫২.	ভায়াডাক্ট	২৬০	এম	২৮০৮.০০	২৮০৮.০০	১০০	২৮০৮.০০	১০০%
৫৩.	লাইটিং, রোড মার্কিং এন্ড রোড সাইন এন্ড সিগনাল			৩০৫৯.০০	৩০৫৯.০০	১০০	৩০৫৯.০০	১০০%
৫৪.	ওয়াক ওয়ে	৯.৮০	কিমি	৪৩২.৪৯	৪৩২.৪৯	১০০	৪৩২.৪৯	১০০%
৫৫.	ল্যান্ডস্ক্যাপিং, গার্ডেনিং, পার্ক/সেন্ট্রাল আইল্যান্ড এন্ড স্ট্রিট ফার্নিচার			২১৮৫.৬০	২১৮৫.৬০	১০০	২১৮৫.৬০	১০০%
৫৬.	ট্রি প্লানটেশন এন্ড গার্ডেনিং			৩৭২.৫৩	৩৭২.৫৩	১০০	৩৭২.৫৩	১০০%
৫৭.	অন্যান্য			৩০৮৯.৮৫	৩০৮৯.৮৫	১০০	৩০৮৯.৮৫	১০০%
পার্ট-ই (এসডব্লিউও)								
৫৮.	কন্সট্রাকশন অফ ব্যায়াক	এল.এস	এল.এস	২০০.০০	২০০.০০	১০০	২০০.০০	১০০%
৫৯.	ভেহিকলস	২ পিকআপ+২ পিকআর রেন্ট	সংখ্যা	১২৯.২০	১২৯.২০	১০০	১২৯.২০	১০০%
৬০.	প্লান্ট এন্ড ইকুইপমেন্ট			২৯৪.০৮	২৯৪.০৮	১০০	২৯৪.০৮	১০০%
	উপমোট=			**২১৭৬৫০.১৫**	**২১৭৬৫০.১৫**		**২১৭৬৫০.১৬**	
	সর্বমোট (রাজস্ব+মূলধন)=			**২২৩৬০২.৩৩**	**২২৩৬০২.৩৩**		**২২৩৩৯০.৮৭**	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে। তবে ১০ম তলা পার্কিং ভবনের অভ্যন্তরীণ ফিনিশিং কাজ ও সংলগ্ন ফুট ওভারব্রীজের কাজ চলমান রয়েছে, যা শীঘ্রই সম্পন্ন করা হবে বলে জানানো হয়েছে।

৮। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের সংশোধিত ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরজমিনে পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ প্রকল্পের নিকটবর্তী এলাকার স্টর্ম ওয়াটার রিটেনশন ও বন্যা প্রতিরোধকল্পে ঢাকার বেগুনবাড়ি খাল এবং হাতিরঝিল এলাকার মধ্যবর্তী নিম্ন এলাকা খনন ও উন্নয়ন;
- ❖ ওয়েষ্ট ওয়াটার ডিসপোজাল ইস্যু বিবেচনায় ড্রেনেজ ও স্যুয়ারেজ ব্যবস্থার উন্নয়নপূর্বক সমগ্র এলাকার পরিবেশ উন্নয়ন; এবং
- ❖ প্রকল্প এলাকার অবৈধ দখল থেকে রক্ষা করা এবং প্রকল্প সংশ্লিষ্ট এলাকার যানজট নিরসনকল্পে হাতিরঝিল এলাকার চারিদিকে সড়ক, সেতুসহ ওয়াকওয়ে, ইত্যাদি নির্মাণ।

৯.১। **প্রকল্পের পটভূমি:** ঢাকা শহরের বিরাট একটি অংশের স্টর্ম ওয়াটার রিটেনশন এবং হাইড্রোলজিক্যাল ফাংশনের জন্য হাতিরঝিল গুরুত্বপূর্ণ। রাজউক ২০০৪ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়(বুয়েট)-কে এই এলাকার উন্নয়নের জন্য এলাকার প্রাথমিক পর্যালোচনা করার কাজে নিয়োজিত করে। বুয়েটের পর্যালোচনায় উল্লেখ করা হয়, হাতিরিঝিল এলাকায় যে কোন প্রকার মাটি ভরাটের কাজ ঢাকা শহরের ড্রেনেজ ব্যবস্থার উপর ক্ষতিকর প্রভাব ফেলবে এবং এবং জলাবদ্ধতা প্রকটভাবে দেখা দেয়ার নিকটবর্তী এলাকাসমূহে বন্যার সৃষ্টি হবে। পর্যবেক্ষণে আরও উল্লেখ করা হয় যে, ঢাকা শহরের বৃষ্টির পানি সরে যাওয়ার জন্য এ এলাকাটি অবশ্যই সংরক্ষণ করতে হবে। এ প্রেক্ষিতে বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার উন্নয়নের জন্য একটি সমন্বিত প্রকল্প গ্রহণ করা হয়। এর ধারাবাহিকতায় হাতিরঝিলের চারপাশে গড়ে তোলা হয়েছে রোড নেটওয়ার্ক ।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** মূল প্রকল্পটি ১৪৭৩৫৮.৬২ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ৮/১০/২০০৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ৪র্থ সংশোধনী ও সর্বশেষ ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রাক্কলন নির্ধারণ করা হয় ২২৩৬০২.৩৩৫ লক্ষ টাকা ও মেয়াদ নির্ধারণ করা হয় জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৯ পর্যন্ত। ৪র্থ সংশোধনী ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করার ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ৭৬২৪৩.৭১৫ লক্ষ টাকা বা (৫১.৭৪%) এবং মেয়াদ বৃদ্ধি পায় ৯ বছর (৩০০%)।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন: প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক আবদুল্লাহ আল মামুন ও উপ পরিচালক জনাব মশিউর রহমান গত ০২/০১/২০২১ তারিখে প্রকল্প সম্পাদিত কার্যক্রম সরজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১১.১। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**



প্রকল্পে নির্মিত এ্যাম্ফিথিয়েটার



প্রকল্পের মাধ্যমে নির্মিত সেতু



প্রকল্পের উদ্বোধনী ফলক



প্রকল্প পরিচালকের সাথে মতবিনিময়

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে ইত:পূর্বে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে আইএমইডি থেকে মহাপরিচালক জনাব মোঃ জাহিদ হোসেন গত ২১/১২/২০১৯ তারিখে, সহকারী পরিচালক জনাব আবদুল্লাহ আল মাসুদ গত ১৩/০৭/২০১৪ তারিখে, পরিচালক জনাব কাজী দেলোয়ার হোসেন গত ২৬/০১/২০১৭ তারিখে এবং মহাপরিচালক জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম এবং উপ-পরিচালক জনাব মশিউর রহমান গত ০২/০৩/২০১৮ তারিখে সরজমিনে পরিদর্শন করেছেন।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ অন্যান্য জনবল রাজউকের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ কারণে এ প্রকল্পে কোন জনবল নিয়োগ করার প্রয়োজন হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/ খন্ডকালীন	সময়কাল
১।	জনাব এ.এস.এম রায়হানুল ফেরদৌস	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	০১/০১/২০১০ থেকে ২৯/০৮/২০১৩ পর্যন্ত
২।	জনাব মোঃ এমদাদুল ইসলাম	প্রধান প্রকৌশলী	পূর্ণকালীন	২৯/০৮/২০১৩ থেকে ২৭/১১/২০১৩ পর্যন্ত
৩।	জনাব মোঃ আরেফুর রহমান	প্রকল্প পরিচালক, হাতিরঝিল	পূর্ণকালীন	২৭/১১/২০১৩ থেকে ২১/০৯/২০১৪ পর্যন্ত
৪।	জনাব মোঃ জামাল আক্তার ভূঞা	প্রকল্প পরিচালক, হাতিরঝিল	পূর্ণকালীন	২১/০৯/২০১৪ থেকে ৩০/০১/২০১৯ পর্যন্ত
৫।	জনাব এ.এস.এম রায়হানুল ফেরদৌস	প্রধান প্রকৌশলী	পূর্ণকালীন	৩০/০১/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত

১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম (পিসিআর অনুসারে):

পিসিআর অনুযায়ী অঙ্গের বিবরণ	দরপত্র/প্রস্তাবিত মূল্য (লক্ষ টাকায়)		দরপত্র/প্রস্তাবিত মূল্য/প্রপোসাল		চুক্তি অনুযায়ী কাজ সমাপ্তির তারিখ	
	ডিপিপি অনুযায়ী	প্রকৃত	ইনোভেশন ডেট	চুক্তির তারিখ	চুক্তি অনুযায়ী	প্রকৃত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
কন্সালটেন্সি (ইউ-লুপ, ড্যাপ এবং পার্কিং বিল্ডিং)	৩০০.০০	৩০০.০০	২১ নভে: ১১	৯ মে ২০১২	৮ মে ২০১৩	৩০ জুন ২০১৮
পার্ট-সি (ডিডব্লিউএএসএ)						
কন্সালটেন্সি	২০০.০০	২০০.০০	০১ জানু: ০৮	৩১ মার্চ, ০৮	৩১ জুন, ১৬	৩১ জুন, ১৬
পার্ট-ডি (এলজিইডি)						
কন্সালটেন্সি ইন ডিটেইলড ডিজাইন, চেকিং অফ ডিজাইন, টপ সুপারভিশন এন্ড কোয়ালিটি কন্ট্রোল	৬৭৫.১৮	৬৭৫.১৮	০১ জানু: ০৮	৩১ মার্চ, ০৮	৩০ জুন, ১৪	৩১ জুন, ১৬
সাইট প্রটেকশন	২৮০০.৩৬	২৮০০.৩৬	২২ মার্চ, ১০	২৫ মে, ১০	৩০ জুন, ১২	৩০ জুন, ১৩
প্রিসারভিশন এন্ড ম্যানেজমেন্ট ইউনিট ভিল্ডিং	৬১৮৪.০০	৬১৮৪.০০	১৫ জানু: ১৬	২০ মার্চ, ১৬	৩১ ডিসে: ১৬	৩০ সেপ্টে: ১৯
কন্সট্রাকশন অফ ২× গ্রেড সেপারেটেড ইউলুপ	৭৫১৯.৯৯	৭৫১৯.৯৯	৫ আগস্ট, ১২	১০ ডিসে: ১২	২৮ জুলাই, ১৮	২৮ জুলাই, ১৮
বাউন্ডারী ওয়াল	৩৫৭.৪৮	৩৫৭.৪৮	৮ এপ্রিল, ১৪	২৪ এপ্রিল ১৪	৩০ জুন, ১৫	৩০ জুন, ১৫
মেন ডাইভারশন স্যুয়ার	১১৮১৮.৮৫	১১৮১৮.৮৫	৭ মে, ০৮	৩১ আগস্ট, ০৮	৩০ জুন, ১৪	২০ জুন, ১৪
ফিজিক্যাল ওয়ার্ক অফ মেইন ডাইভারশন স্যুয়ার লাইন	৪০০০.০০	৪০০০.০০	১০ নভে: ১৬	২৩ জানু: ১৭	২২ মে, ১৭	৩১ জানু: ১৮
কন্সট্রাকশন অফ স্পেসাল ডাইভারশন স্ট্রাকচার	২১১৬.০০	২১১৬.০০	০১ ডিসে: ১০	২০ জানু: ১১	২২ জুলাই, ১১	৩০ এপ্রিল, ১৫
ইমপ্রুভমেন্ট অফ ওয়াটার কোয়ালিটি	৫১০.০০	৫১০.০০	১৫ মে, ১৩	২৫ আগস্ট, ১৩	৩০ জুন, ১৪	৩০ এপ্রিল, ১৫
লোকাল ডাইভারশন স্যুয়ার	১৫৭৩.৫০	১৫৭৩.৫০	৭ মে, ০৮	২২ মে, ০৮	৮ জুলাই, ১২	৮ জুলাই, ১২
ফাউনটেইন ও এ্যারেটর	১৯১০.০০	১৫০০.০০	১৮ মে, ১৬	৭ জুন, ১৬	৩০ নভে: ১৬	৩০ নভে: ১৬
কন্সট্রাকশন অফ রোড	১১৯২০.০০	১১৯২০.০০	২৮ ফেব: ০৮	১৬ মার্চ, ০৮	২২ নভে: ১২	২৯ জুন, ১৬
কন্সট্রাকশন অফ ব্রীজ	৭০০০.০০	৭০০০.০০	৩ ফেব: ১০	৫ এপ্রিল, ১০	২৪ সেপ্টে: ১১	২৮ জুন, ১২
ফুটপাথ	৩৩৯.৩৩	৩৩৯.৩৩	১ জানু: ০৮	৩১ মার্চ, ০৮	৩০ জুন, ১২	৩০ জুন, ১৬
ওভারপাস এট মেইন রোড ক্রসিং	৪৩৫৬.৪১	৪৩৫৬.৪১	১৮ জুলাই, ১০	২০ অক্টো: ১০	২৫ জানু: ১২	২৫ জানু: ১২
ভায়াডাক্ট	২৮০৮.০০	২৮০৮.০০	১২ জানু: ১০	২১ মার্চ, ১০	১০ ডিসে: ১০	২৮ জুন, ১২

লাইটিং, রোড মার্কিং এন্ড রোড সাইন এন্ড সিগনাল	৩০৫৯.০০	৩০৫৯.০০	১২ মার্চ, ০৯	১৯ ডিসে: ১২	১৫ জানু:১৬	১৫ জানু: ১৬
ওয়াকওয়ে	৪৩২.৪৯	৪৩২.৪৯	১ জানু: ০৮	৩১ মার্চ, ০৮	৩১ ডিসে: ১২	৩১ ডিসে: ১২
ল্যান্ডস্ক্যাপিং, গার্ডেনিং, পার্ক/সেন্ট্রাল আইসল্যান্ড এন্ড স্ট্রিট ফার্নিচার	২১৮৫.৬০	২১৮৫.৬০	১০ জুলাই, ০৯	৩০ সেপ্টে: ০৯	৩০ জুন, ১৪	৩০ জুন, ১৪
অন্যান্য (বাস স্টপ, ফুট ওভার ব্রীজ, পাবলিক টয়লেট)	৩০৮৯.৮৫	৩০৮৯.৮৫	৬ জুন, ১২	১৫ জুন, ১২	৩১ ডিসে: ১৬	১৩ এপ্রিল, ১৭

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

উদ্দেশ্য	অর্জন	পরিদর্শনের আলোকে
ক) প্রকল্প সংশ্লিষ্ট এলাকার স্টর্ম ওয়াটার রিটেনশন ও বন্যা প্রতিরোধকল্পে বেগুনবাড়ি খাল এবং হাতিরঝিল এলাকার মধ্যবর্তী নিম্ন এলাকা খনন ও উন্নয়ন;	পানি সংরক্ষণ এবং বিনোদনমূলক কাজের জন্য অপরিকল্পিত ও ঝুঁকিপূর্ণ অঞ্চলকে একটি পরিকল্পিত অঞ্চলে উন্নয়নের কাজটি সফলভাবে সম্পন্ন হয়েছে।	হাতিরঝিল এলাকার পানি সংরক্ষণ ব্যবস্থা উন্নয়নের মাধ্যমে বন্যা প্রতিরোধসহ এলাকাটি পরিকল্পিতভাবে গড়ে তোলা হয়েছে।
খ) ওয়েষ্ট ওয়াটার ডিসপোজাল ইস্যু বিবেচনায় ড্রেনেজ ও স্যুয়ারেজ ব্যবস্থার উন্নয়নপূর্বক সমগ্র এলাকার পরিবেশ উন্নয়ন।	ওয়েষ্ট ওয়াটার ডিসপোজাল ইস্যু বিবেচনায় জলাবদ্ধতা রোধ ও লেক উন্নয়নসহ লেকের চার পাশে রাস্তা নির্মাণ করা হয়েছে। এছাড়া মেইন ডাইভারশন স্যুয়ার লাইন এবং লোকাল ডাইভারশন স্যুয়ার লাইন নির্মাণ করে প্রকল্পের পাশ্ববর্তী এলাকার জলাবদ্ধতা নিরসনের ব্যবস্থা করা হয়েছে। সর্বোপরি হাতিরঝিল প্রকল্প বাস্তবায়নের ফলে ড্রেনেজ ও স্যুয়ারেজ ব্যবস্থার ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে।	উক্ত এলাকার ড্রেনেজ ও জলাবদ্ধতা ব্যবস্থার প্রভুত উন্নতি সাধিত হয়েছে ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে।
গ) প্রকল্প এলাকার অবৈধ দখল থেকে রক্ষা করা এবং প্রকল্প সন্নিহিত এলাকার যানজট নিরসনকল্পে হাতিরঝিল এলাকার চারিদিকে সড়ক, সেতুসহ ওয়াকওয়ে নির্মাণ।	হাতিরঝিল প্রকল্প নির্মাণের ফলে ঢাকা শহরের মধ্যবর্তি এলাকার যানজট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে করছে।	উক্ত এলাকায় প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের মাধ্যমে যানজট নিরসন ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন সাধন করা হয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:

অডিটের ধরণ	অডিটের অর্থবছর	অডিট আপত্তির শিরোনাম ও অর্থের পরিমান	নিষ্পত্তির পর্যায়
ইন্টার্নাল	২০০৭-০৮ ও ২০০৮-০৯	ক) ক্ষতিপূরণকারীদের ১০% নিলাম মূল্য হিসাবে ৫৭৮.৮৬ লক্ষ টাকা সরকারী তহবিলে জমা দেওয়া হয়নি। খ) ক্ষতিপূরণের বিল থেকে আয়কর বাবদ ২৭০৯.১১ লক্ষ টাকা কর্তন করা হয়নি। গ) ব্যাংক হিসাব হতে অর্জিত লভ্যাংশ ৬৫.৬৪ লক্ষ টাকা সরকারী তহবিলে জমা করা হয়নি। ঘ) কনটিনজেন্সী খাতের ৩৪০৫.৫৫ লক্ষ টাকা সরকারী	অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে

অডিটের ধরণ	অডিটের অর্থবছর	অডিট আপত্তির শিরোনাম ও অর্থের পরিমান	নিষ্পত্তির পর্যায়
		তহবিলে জমা করা হয়নি। ঙ) প্রকল্পের অ্যাকাউন্ট থেকে অনিয়মিতভাবে ২৩.০০ লক্ষ টাকা স্থানান্তরিত হয়েছিল। চ) নিয়মবহির্ভূত ভাবে নির্মাণ সামগ্রী ক্রয় বাবদ ২৪৬০.০০ লক্ষ টাকা দেখানো হয়েছে। ছ) অব্যয়িত ব্যালেন্স ৫৭৮৩.৮৭ লক্ষ টাকা সরকারী তহবিলে জমা করা হয়নি।	
	২০০৯-১০	ক) কোন দরপত্র আহবান না করে নিয়মবহির্ভূতভাবে অফিস সরঞ্জাম ক্রয় করা হয়েছে। খ) ২০০৯-২০১০ অর্থবছরে আরডিপিপির বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা হয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে
	২০০৮-১৩	বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ন শীর্ষক প্রকল্পেব্যয়িত ১,৯২৭.১৮ কোটি টাকার বিল ভাউচার নিরীক্ষায় উপস্থাপন না করা প্রসঙ্গে	অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে
	২০১৭-১৮	বেগুনবাড়ি খালসহ হাতিরঝিল এলাকায় সমন্বিত উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় চক্রাকারের বাস সার্ভিস থেকে প্রাপ্ত আয়ের মধ্যে ১৭,৫৩,৭৫০ (সতের লক্ষ তিপ্পান্ন হাজার সাতশত পঞ্চাশ) টাকার গরমিল।	অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে

১৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

১৮.১। আলোচ্য প্রকল্পটি ১৪৭৩৫৮.৬২ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ৮/১০/২০০৭ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তিতে প্রকল্পটির প্রাক্কলন ১৪৮০৯৮.৭৪ লক্ষ টাকা নির্ধারণ করে গত ২৮/১২/২০০৮ তারিখে ১ম সংশোধনী অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ এক বছর অর্থাৎ জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১০ এর পরিবর্তে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১১ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পরবর্তিতে প্রাক্কলন ১৯৭১৩০.৪৮৫ লক্ষ টাকা নির্ধারণ করে ২য় সংশোধনীর সাথে ২য় দফা ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি অর্থাৎ জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১১ এর পরিবর্তে জুলাই, ২০০৭ থেকে ডিসেম্বর, ২০১২ পর্যন্ত বৃদ্ধি করা হয়। নির্ধারিত মেয়াদে কাজ শেষ না হওয়ার ফলে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর ০৬ (ছয়) মাস অর্থাৎ জুলাই, ২০০৭ থেকে ডিসেম্বর, ২০১২ এর পরিবর্তে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৪ পর্যন্ত বৃদ্ধি করা হয়। প্রকল্পটির প্রাক্কলন ২২৩৬০২.৩৩৫ লক্ষ টাকা নির্ধারণ করে গত ১৩/১১/২০১৩ তারিখে ৩য় সংশোধনী অনুমোদিত হয় এবং পুনরায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৪ এর পরিবর্তে জুলাই, ২০০৭ থেকে জুন, ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তিতে প্রাক্কলন ২২৩৬০২.৩৩৫ লক্ষ টাকা অপরিবর্তিত রেখে প্রকেল্পর মেয়াদ জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৫ এর পরিবর্তে জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৬ নির্ধারণ করে গত ২৫/০৮/২০১৫ তারিখে অনুমোদিত হয়। ৪র্থ সংশোধনী ও ৪র্থ দফা ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করেও কাজ শেষ না হওয়ায় ৫ম ও ৬ষ্ঠ দফায় ব্যয় বৃদ্ধি ব্যাতিরেকে প্রকল্পের মেয়াদ জুলাই, ২০০৭ হতে ডিসেম্বর, ২০১৬ এর পরিবর্তে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৮ ও জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৮ এর পরিবর্তে জুলাই, ২০০৭ হতে জুন, ২০১৯ নির্ধারণ করা হয়, যা গত ৩/৫/২০১৭ ও ৮/৪/২০১৮ তারিখে অনুমোদন হয়। প্রকল্পটির ৪র্থ সংশোধনীর ফলে প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ৭৬২৪৩.৭১৫ লক্ষ বা ৫১.৭৪% এবং ৬ষ্ঠবার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি করায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পায় ৯ বছর বা ৩০০%।

১৮.২। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ বাংলাদেশ সেনাবাহিনীর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে পর্যালোচনা করা হয়েছে। প্রকল্পের মাস্টার প্ল্যান অনুযায়ী ভৌত অবকাঠামো নির্মাণ ও আনুসাঙ্গিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। মূল প্রকল্পটি ২০১৩ সালে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে উক্ত এলাকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হয়েছে ও জনসাধারণের বিনোদনের জন্য প্রয়োজনীয় সুযোগ সুবিধা নিশ্চিত করা হয়েছে। বাংলাদেশ সেনাবাহিনীর এসডব্লিউও প্রকল্পটি “ডেলিগেটেড ওয়ার্ক” হিসেবে বাস্তবায়ন করছে। বর্তমানে প্রকল্পের রক্ষণাবেক্ষণ কার্যক্রম বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক পরিচালনা করা হয়।

১৮.৪। প্রকল্পে নির্মিত অবকাঠামোর গুণগতমান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়। বর্তমানে রাজউকের গৃহীত একটি পৃথক প্রকল্পের মাধ্যমে এসডব্লিউও পানি পরিশোধনের জন্য বেগুনবাড়ী খালে কার্যক্রম গ্রহণ করেছে। এর মাধ্যমে ব্যবস্থা নেয়া হলেও উক্ত এলাকার দূষিত পানিতে দুর্গন্ধ পরিলক্ষিত হয়, যা দূরীকরণের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জানান যে, হাতিরঝিল লেক গুলশান ও বনানী লেকের সাথে সংযুক্ত রয়েছে ও গুলশান, বনানী লেক উন্নয়নের জন্য পৃথক প্রকল্প রয়েছে, যাতে লেক উন্নয়নের জন্য ব্যবস্থা নেয়া হবে। চলমান প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রম সম্পাদিত হলে সামগ্রিকভাবে উক্ত এলাকায় দূষণ হ্রাস ও ভবিষ্যতে লেকের পানির গুণগতমান বৃদ্ধি পাবে বলে আশা করা যায়।

১৮.৪। পরিদর্শনকালে হাতিরঝিলে নির্মিত স্থাপনাসমূহ পরিদর্শন করা হয়। প্রকল্পের আওতায় ইউলুপ নির্মাণের ফলে উক্ত এলাকার যানজট হ্রাস পেয়েছে। আগত দর্শনার্থীদের সুবিধার্থে প্রকল্পের নিকটবর্তী এলাকায় আরও পার্কিং এর জন্য পৃথক অবকাঠামো নির্মাণ করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়েছে। পরিদর্শনকালে প্রকল্পে নির্মিত সড়কের বিভিন্ন অংশে আনডিউলেশন/ডিপ্রেশন পরিলক্ষিত হয়েছে। এক্ষেত্রে নির্মিত সড়কের ন্যাচারাল সেটেলমেন্টের কারণে বিভিন্ন অংশে উঁচু-নীচু হয়েছে, যা সংস্কারপূর্বক স্বাচ্ছন্দে চলাচল উপযোগী করা আবশ্যক। এছাড়া প্রকল্পে নির্মিত ১০ তলা পার্কিং ভবনের অভ্যন্তরীণ ফিনিশিং কাজ, প্রদর্শনী জাদুঘর ও অফিস স্থাপন কাজ চলমান দেখা যায়। এছাড়া, উক্ত ভবন সংলগ্ন ফুট ওভার ব্রীজের নির্মাণ কাজ চলমান রয়েছে, যা দ্রুত শেষ হবে বলে জানানো হয়েছে।

১৮.৫। পরিদর্শনকালে লেকের বিভিন্ন অংশে কচুরিপানা ও সড়কের পাশে বিভিন্ন অংশে ময়লা আবর্জনা পরিলক্ষিত হয়েছে, যা অপসারণপূর্বক এলাকাটি দৃষ্টিনন্দন করা আবশ্যক। প্রকল্পটি বর্তমানে এসডব্লিউও, বাংলাদেশ সেনাবাহিনী কর্তৃক জুন, ২০১৯ সালে সমাপ্তি হলেও তা রাজউকের নিকট হস্তান্তর করা হয়নি। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক রাজস্ব খাতে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানসহ রাজউকের নিকট দ্রুত হস্তান্তরের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এছাড়া, প্রকল্পের সংগৃহীত যানবাহন ও যন্ত্রপাতি বিদ্যমান সরকারি বিধি মোতাবেক পরিবহন পুলে জমা প্রদান করা প্রয়োজন।

১৮.৬। **প্রকল্পের ভৌত কাজ**: প্রকল্পের আওতায় ৪টি ব্রীজ, ৪টি ওভারপাস, ৩টি ভায়াডাক্ট, ১টি ম্যানেজমেন্ট ইউনিট বিল্ডিং, ১টি এ্যাম্ফিথিয়েটার, ২টি ইউলুপ, ৫টি ফুট ওভার ব্রীজ, ১টি মিউজিক্যাল ড্যান্সিং ফাউন্টেইন, ভিউং ডেক, বাস স্টপ সেড, ঘাট, চিলড্রেন পার্ক. সেলিব্রেশন পয়েন্ট, সিটিং বেঞ্চ, ওয়াটার ট্যাক্সি টার্মিণাল, ওয়াটার কোর্ট, এসএসডিএস, মেইন ডাইভারশন স্যুয়ার লাইন, লোকাল ডাইভারশন স্যুয়ার লাইন, ম্যাকানিক্যাল স্ক্রীন, পাম্প হাউজ, পানি সরবরাহের জন্য ডিপ টিউবওয়েল, পাবলিক টয়েলেট, ফুটপাত, ওয়াকওয়ে, স্লোপ প্রোটেকশন এবং রাস্তা ইত্যাদি নির্মাণ করা হয়েছে।

১৮.৭। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে ১টি জিপ গাড়ী (রাজউক অংশ), ১টি পিকআপ ও ৩টি মটর সাইকেল (ওয়াসা অংশ) এবং ২টি পিক আপ ও ৩টি প্লান্ট ইকুইপমেন্ট (এসডব্লিউও অংশ) ক্রয়ের সংস্থান ছিল, যা ক্রয় করা হয়েছিল। প্রকল্প শেষে ক্রয়কৃত যানবাহনগুলো এখনো পরিবহন পুলে জমা করা হয়নি। তবে পরিবহন পুলে জমা করার প্রক্রিয়া চলমান আছে বলে জানানো হয়েছে।

১৮.৮। **অডিট সম্পাদন সংক্রান্ত:** এ প্রকল্পের মেয়াদে ৪টি ইন্টার্নাল অডিটে ১১টি আপত্তি উত্থাপিত হয়েছে হয়েছে বলে পিসিআরে উল্লেখ রয়েছে। উত্থাপিত অডিট আপত্তির রিপোর্টগুলো যাচাই করা হয়েছে। যেখানে দেখা যায় অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি হয়েছে।

১৯। **আইএমইডি'র মতামত/সুপারিশ** :

১৯.১। মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় প্রকল্প বাস্তবায়নে ব্যয় বৃদ্ধি পেয়েছে ৫১.৭৪% ও মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৩০০%। ভবিষ্যতে মূল অনুমোদিত ব্যয় ও মেয়াদের মধ্যে প্রকল্প সম্পাদনের জন্য মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক যথাযথ ব্যবস্থা গ্রহণসহ সংস্থার সক্ষমতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.২। প্রকল্পটি অনুমোদনের পর ৪র্থ বার সংশোধন করা হয়েছে। ভবিষ্যতে এ ধরণের বৃহৎ ও সমন্বিত প্রকল্প গ্রহণের পূর্বে পূর্ণাঙ্গ ও যথাযথভাবে ফিজিবিলিটি স্টাডি করা প্রয়োজন, যাতে প্রকল্পের পুন:পুন সংশোধনের আবশ্যকতা তৈরি না হয়;

১৯.৩। প্রকল্পে সংগৃহীত যানবাহন ও যন্ত্রপাতি বিদ্যমান সরকারি বিধি বিধান অনুযায়ী পরিবহন পুলে জমা দিতে হবে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থা আইএমইডিকে অবহিত করতে হবে;

১৯.৪। নির্মিত ১০ তলা পার্কিং ভবনের অভ্যন্তরীণ অবশিষ্ট কার্যক্রম সম্পাদন করতে হবে ও ফুট ওভারব্রীজের নির্মাণ কাজ দ্রুত সম্পাদনপূর্বক ভবনটিতে উক্ত এলাকার পার্কিং এর ব্যবস্থা নিতে হবে;

১৯.৫। নির্মিত সড়ক ও ব্রীজের এপ্রোচ রোডে পরিলক্ষিত আনডিউলেশন ডিপ্রেশন সংস্কার করতে হবে, যাতে যানবাহন স্বাচ্ছন্দে চলাচল করতে পারে;

১৯.৬। হাতিরঝিলের বিভিন্ন অংশে পরিদর্শনকালে পরিলক্ষিত কচুরীপানা দ্রুত অপসারণ করতে হবে এবং লেকের পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে;

১৯.৭। লেকের পানি পরিশোধনপূর্বক এতে সৃষ্ট দুর্গন্ধ দুরীকরণের জন্য কার্যকরী ব্যবস্থা নিতে হবে, যাতে দর্শনার্থীগণ স্বাচ্ছন্দে উক্ত এলাকা ভ্রমণ করতে পারেন;

১৯.৮। হাতিরঝিলে আগত দর্শনার্থীদের জন্য নিকটবর্তী এলাকার পৃথক পার্কিং এর পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে;

৬৮.৯। প্রকল্পটির মাধ্যমে নির্মিত রক্ষণাবেক্ষন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে রাজউকের নিকট হস্তানতরের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

১৯.১০। উপর্যুক্ত মতামত/সুপারিশ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বঙ্গভবনের অভ্যন্তরে রাষ্ট্রপতির রেসিডেন্স ব্লক সংলগ্ন পূর্বদিকে সুইমিং পুল স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: বঙ্গভবনের অভ্যন্তরে রাষ্ট্রপতির রেসিডেন্স ব্লক সংলগ্ন পূর্বদিকে সুইমিং পুল স্থাপন (১ম সংশোধিত)।

২। প্রকল্পের ধরন: বিনিয়োগ প্রকল্প।

৩.১। অর্থায়নের উৎস: জিওবি অর্থায়ন।

৩.২। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪।

৪.১। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.২। বাস্তবায়নকারী সংস্থা: গণপূর্ত অধিদপ্তর।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	১২৫০.০০	১২৫০.০০		ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৭	১২/১১/১৫	১০০৭.১৭ লক্ষ টাকা (৮০.৫৭%)	২৪ মাস (১২৬%)
১ম সংশোধিত	২২৫৭.৮২	২২৫৭.৮২		ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৮	১১/০৫/১৭		
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম বার)	২২৫৭.৮২	২২৫৭.৮২		ডিসেম্বর, ২০১৫ হতে ডিসেম্বর, ২০১৮			
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য় বার)	২২৫৭.৮২	২২৫৭.৮২		ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৯			
প্রকৃত ব্যয়	২২৫৭.১৭	২২৫৭.১৭					

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১০০৭.১৭ লক্ষ টাকা (৮০.৫৭%)।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ২৪ মাস (১২৬%)।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন:

প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	কাজের অংগ	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
(a) Revenue Component						
1.	Soil investigation		3.80		3.80	100%
2.	Quality Assurance, Material sample collection & testing		0.20		0.20	100%
3.	Advertisement		2.00		2.00	100%
4.	Stationeries for Field office		5.00		5.00	100%
5.	Honorarium		1.00		1.00	100%
6.	Tender Documentation		3.00		2.83	100%

ক্রঃনঃ	কাজের অংগ	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
7.	Architectural design for (Pools & Buildings)		35.00		34.90	100%
8.	Structural design for (Pools & Buildings)		15.00		15.00	100%
9.	Electrical design for (Pools & Buildings)		15.00		15.00	100%
10.	Post construction management Training to the Pool Operators		5.00		5.00	100%
11.	Furnishing & Logistic Items		22.00		22.00	100%
12.	Inauguration and Opening Ceremony		3.00		3.00	100%
	Sub total (a)=		**110.00**		**109.73**	100%
(b) Capital Component:						
1.	Construction cost of Swimming Pool & related buildings.		1120.43		1120.43	100%
2.	Estalishment of temporary Contractor's Office (10 months)		5.34		5.34	100%
3.	Architectural Finishing and asthetification		193.40		193.40	100%
4.	External and Internal Electrification including Normal LT & Emergency LT feeder line, Changeover Switch, cable works, Illumination, Aeration etc.		122.91		122.53	100%
5.	Internal and External Plumbing		48.13		48.13	100%
6.	Internal and External Safety Compliances		5.70		5.70	100%
7.	Pool Water Management Infrastructure: Mechanical and Electro-Mechanical		232.05		232.05	100%
8.	Infrastructure cost for Sauna Equipment		67.80		67.80	100%
9.	Infrastructure cost of Steam Gen-system		0.50		0.50	100%
10.	Musical System		5.00		5.00	100%
11.	Internal and External Security		14.64		14.64	100%
12.	Fire fighting		40.65		40.65	100%
13.	Air Conditioning System (in some selected Areas)		13.50		13.50	100%
14.	Force Ventilation System		9.00		9.00	100%
15.	Pest & insect Control		1.00		1.00	100%
16.	Telephone System including Internet, Wi-Fi System etc.		3.50		3.50	100%
17.	Television Network		2.50		2.50	100%
18.	Suction Cleaning System		2.30		2.30	100%
19.	Landscaping & connecting road with shed		145.90		145.90	100%
20.	Interiors Design Works		48.60		48.60	100%
21.	Lift (1 nos)		44.97		44.97	100%
22.	Arboriculture		20.00		20.00	100%
	Sub-total (b)=		**2147.82**		**2147.44**	100%
	Total (a+b)=		**2257.82**		**2257.17**	100%

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

- প্রকল্পের সংশোধিত ডিপিপি পর্যালোচনা;
- প্রাপ্ত PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;


৯। **প্রকল্পের মূল উদ্দেশ্য:** প্রকল্পের মূল উদ্দেশ্য হলো বংগভবনে অত্যাধুনিক সুইমিং পুল ও অন্যান্য অবকাঠামো নির্মাণের মাধ্যমে আবাসিক সুবিধা বৃদ্ধি করা; এবং বঙ্গভবনের নান্দনিক সৌন্দর্য বৃদ্ধি করা।

৯.১। **প্রকল্পের পটভূমি:** বংগভবন বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির দাপ্তরিক কার্যলয় ও আবাসিক ভবন। এ ভবন হতেই মহামান্য রাষ্ট্রপতির সাংবিধানিক, আইনী ও নির্বাহী কার্যক্রম পরিচালিত হয়। এটি দেশের সর্বোচ্চ সন্মানীয় রাষ্ট্রীয় ভবন। ১৯০৫ সালে প্রতিষ্ঠিত এ ভবনে মহামান্য রাষ্ট্রপতির দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অফিস, আবাসিক বিভিন্ন সুবিধাদি, টেনিস গ্রাউন্ড, স্কোয়াশ কোর্ট ইত্যাদি থাকলেও ইত: পূর্বে কোনো সুইমিং পুল ছিলনা। এ প্রেক্ষিতে বংগভবনে সুইমিং পুল নির্মাণকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** মূল প্রকল্পটি ১২৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ও ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১২/১১/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রথম সংশোধন ও ০২ (দুই) বার ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির মাধ্যমে প্রাক্কলন ২২৫৭.৮২ লক্ষ টাকা ও মেয়াদ নির্ধারণ করা হয় ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৯ পর্যন্ত। প্রকল্পের ১ম সংশোধিত আরডিপিপি ১১/০৫/২০১৭ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

১১। প্রকল্প পরিদর্শন: সমাপ্ত প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পরিচালক আবদুল্লাহ আল মামুন গত ২৪/০৬/২০২১ তারিখে প্রকল্প সরজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।

১১.১। **প্রকল্পের স্থির চিত্র দেয়া হলো:**



চিত্র ১: নির্মিত সুইমিং পুল



চিত্র ২: সুইমিং পুলের ক্যানোপী

	
চিত্র ৩: পুকুরে নির্মিত ঘাটলা	চিত্র ৪: গার্ডেন পাটির স্থান

১২। <u>প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:</u>

সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে ইত:পূর্বে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। আইএমইডি'র উপপরিচালক জনাব মশিউর রহমান গত ২৯/০৫/২০১৮ ও ১৯/০৩/২০১৯ তারিখে প্রকল্পটি পরিদর্শন করেছেন।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** গণপূর্ত অধিদপ্তরের বিদ্যমান জনবল দ্বারা অতিরিক্ত দায়িত্ব প্রদানপূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করা হয়েছে। এ কারণে প্রকল্পে কোন জনবল নিয়োগ করা হয়নি।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব আব্দুল কাদের চৌধুরী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	০৮/০৯/২০১৬ থেকে ২৩/০১/২০১৭ পর্যন্ত
২।	জনাব উৎপল কুমার দে	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	২৩/০১/২০১৭ থেকে ২৭/০৮/২০১৮ পর্যন্ত
৩।	জনাব এ.কে.এম সোহরাওয়ার্দী	তত্ত্বাবধায়ক প্রকৌশলী	খন্ডকালীন	২৭/০৮/২০১৮ থেকে ৩০/০৬/২০১৯ পর্যন্ত

১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম (পিসিআর অনুসারে):

Description of procurement (goods/works/ consultancy)	Tender/Bid/Proposal Cost (in crore taka)		Tender/Bid/Proposal		Date of completion of package	
	As per PP	Contracted value	Invitation date	Contract signing	As per contract	Actual
1	2	3	4	5	6	7
Construction of Swimming pool		12.31 crore taka	19/06/16	08/09/16		20/12/17
Construction of RCC Ghatla, Shore Protection		4.17 crore taka	04/02/18	25/03/18		30/06/19

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত উদ্দেশ্য	উদ্দেশ্য অর্জন
ক) প্রকল্পের মূল উদ্দেশ্য বঙ্গভবনে সুইমিং পুল ও অন্যান্য অবকাঠামো নির্মাণের মাধ্যমে আধুনিক আবাসিক সুবিধা বৃদ্ধি করা; এবং	ক) বংগভবনে সুইমিংপুল ও অন্যান্য অবকাঠামো নির্মাণের মাধ্যমে আবাসিক সুবিধা বৃদ্ধি করা হয়েছে।
খ) বঙ্গভবনের নান্দনিক সৌন্দর্য বৃদ্ধি করা।	খ) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বংগভবনের নান্দনিক সৌন্দর্য আরও বৃদ্ধি পেয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে প্রতীয়মান হয়েছে।

১৭.১। **অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য:**

Internal Audit:

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/objection	Whether objections Resolved or not.
(1)	(2)	(3)	(4)
2 (two) Internal Audits completed, but there was no Audit objection.			

External Audit:

Period of Audit	Date of submission of Audit Report	Major findings/objection	Whether objections Resolved or not.
(1)	(2)	(3)	(4)
2 (two) External Audits completed, but there was no Audit objection.			

১৮। **পরিদর্শনকালীন পর্যবেক্ষণ:**

১৮.১। প্রকল্পটি ১২৫০.০০ লক্ষ টাকা প্রাক্কলনে ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১২/১১/২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির বাস্তবায়নকাল ডিসেম্বর, ২০১৫ হতে জুন, ২০১৮ এবং প্রাক্কলন ২২৫৭.৮২ লক্ষ টাকা নির্ধারণ করে গত ১১/০৫/১৭ তারিখে ১ম সংশোধনী অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় ০২ (দুই) বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১৫ থেকে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়। এছাড়া, পরবর্তীতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক ১ম সংশোধিত ব্যয় অপরিবর্তিত রেখে ১ বার আন্ত:খাত সমন্বয় অনুমোদন করা হয়েছে। ১ম সংশোধনী ও ০২ (দুই) দফা ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করায় প্রকল্পের প্রাক্কলন বৃদ্ধি পায় ১০০৭.১৭ লক্ষ টাকা (৮০.৫৭%) এবং মেয়াদ বৃদ্ধি পায় ২৪ মাস বা ১২৬%।

১৮.২ প্রকল্পটি পরিদর্শনে দেখা যায় যে, প্রকল্পের আওতায় রাষ্ট্রপতির রেসিডেন্স ব্লক সংলগ্ন পূর্বদিকে একটি পূর্ণাংগ সুইমিং পুল কমপ্লেক্স স্থাপন করা হয়েছে। এতে ২টি সুইমিং পুল, জাকুজ্জিসহ সুইমিং পুল সংলগ্ন ১টি ভবন (দোতলা) নির্মাণ করা হয়েছে, যাতে সাওনা, ষ্টিম বাথ, জিমনেসিয়াম, ইনডোর গেমস, লাউঞ্জ এরিয়া, ইত্যাদি সুযোগ-সুবিধা রয়েছে। উক্ত ভবনে ১টি লিফট, জেনারেটর, আসবাবপত্র ও অন্যান্য প্রয়োজনীয় বৈদ্যুতিক সরঞ্জাম/যন্ত্রপাতি প্রকল্পের আওতায় সংগ্রহ করা হয়েছে। মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রকল্পের স্থাপনার নকশা নির্বাচন করা হয়েছে মর্মে পরিদর্শনকালে জানানো হয়। সার্বিকভাবে প্রকল্পের কাজের গুণগতমান সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়েছে। নির্মিত ভবনের বহি:স্থ অংশে নিয়মিতভাবে রং এর কাজসহ রক্ষণাবেক্ষণের জন্য পরিদর্শনকালে মতব্যক্ত করা হয়।

১৮.৩ পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় সুইমিংপুল সংলগ্ন এলাকায় সড়ক নির্মাণ, ওয়াকওয়ে নির্মাণ, ল্যান্ডস্কেপিং-এর কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত অংশে বিভিন্ন অনুষ্ঠান ও গার্ডেন পার্টি আয়োজনের জন্য অতিথিদের বসার ব্যবস্থা, মিউজিক সিস্টেম ও লাইটিং স্থাপন করা হয়েছে। পরিদর্শনকালে উক্ত খোলা অংশে কয়েকটি লাইটিং

ক্ষতিগ্রস্থ দেখা যায়। বানরের আক্রমণে প্রায়ই এগুলো ক্ষতির সম্মুখীন হয় বলে গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান। উক্ত লাইটিং উপকরণ নিয়মিত রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য মত ব্যক্ত করা হয়েছে।

১৮.৪ সুইমিংপুল সংলগ্ন পুকুড় পাড়ে প্রকল্পের আওতায় ঘাটলা নির্মাণ করা হয়েছে ও পুকুড় পাড়ে রিটেইনিং ওয়াল নির্মাণ করা হয়েছে। এ অংশে কাজের মান সন্তোষজনক হয়। প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপিতে প্রকল্পের ক্রয় পরিকল্পনায় ১টি পণ্য ও ৫টি পূর্ত প্যাকেজের উল্লেখ করা হয়। তবে গণপূর্ত অধিদপ্তরের প্রদত্ত তথ্য মোতাবেক প্রকল্পের আওতায় ৬টি পূর্ত প্যাকেজে কর্ম সম্পাদনের জন্য ঠিকাদারি প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের বিষয়ে তথ্য দেয়া হয়েছে। প্রকল্পের আওতায় সুইমিং পুল স্থাপন, পুকুরের আরসিসি ঘাটলা ও তীর সংরক্ষণ কাজ, সুইমিং পুলের বৈদ্যুতিক ও যান্ত্রিক কার্যক্রম, ইন্টেরিয়র ডিজাইন, সাওনা, ষ্টিম বাথ ও হিটার স্থাপন বাবদ মোট ৫টি প্যাকেজের নির্মাণ কাজ সম্পাদন করেছে ঠিকাদারি প্রতিষ্ঠান Technip corporation Ltd. এছাড়া, একটি প্যাকেজের কাজ সম্পন্ন করেছে ঠিকাদারি প্রতিষ্ঠান M/S ABC Corporation. এ পরিপ্রেক্ষিতে ভবিষ্যতে ডিপিপি গ্রহণকালে ক্রয় প্যাকেজসমূহ যথাযথভাবে নির্ধারণের জন্য পরিদর্শনকালে মত ব্যক্ত করা হয়।

১৮.৫ প্রকল্পের আওতায় সুইমিং পুল স্থাপনের মাধ্যমে বংগভবনের আবাসিক সুযোগ সুবিধা আরও বৃদ্ধি পেয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ সুইমিং পুল ব্যবহার করে থাকেন। প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে বঙ্গভবনের অভ্যন্তরে রাষ্ট্রপতির রেসিডেন্স ব্লকসংলগ্ন পূর্বদিকের নান্দনিক সৌন্দর্য আরও বৃদ্ধি পেয়েছে।

১৮.৬। **অডিট সম্পাদন সংক্রান্ত:** এ প্রকল্পের মেয়াদে ২টি ইন্টার্নাল ও ২টি এক্সটার্নাল অডিট হয়েছে। অডিটসমূহে কোন আপত্তি উত্থাপিত হয়নি মর্মে পিসিআরে উল্লেখ করা হয়েছে।

১৯। **আইএমইডি'র মতামত/সুপারিশ** :

১৯.১। প্রকল্প বাস্তবায়নে মূল অনুমোদিত প্রকল্পের তুলনায় ব্যয় ও সময়বৃদ্ধি হয়েছে যথাক্রমে ৮০.৫৭% ও ১২৬%। ভবিষ্যতে মূল প্রকল্পের ব্যয় ও সময়সীমার মধ্যে প্রকল্প বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে;

১৯.২। প্রকল্পের আওতায় স্থাপিত যন্ত্রপাতি ও লাইটিং সরঞ্জাম নিয়মিতভাবে রক্ষণাবেক্ষণ ও মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩। ভবিষ্যতে প্রকল্পের প্রকিউরমেন্ট প্ল্যান যথাযথভাবে প্রণয়ন করতে হবে ও অনুমোদিত ডিপিপি অনুসারে ক্রয় কার্যক্রম সম্পন্নকরণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৪। উপর্যুক্ত মতামত/সুপারিশ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

বেগুনবাড়ি খালসহ হাতিরঝিল এলাকায় সমন্বিত উন্নয়ন শীর্ষক প্রকল্পের ক্ষতিগ্রস্থ আবাসিক ভবন মালিকদের পূনর্বাসন ও বিক্রয়ের লক্ষ্যে এপার্টমেন্ট নির্মাণ শীর্ষক **প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: ডিসেম্বর, ২০১৮)

১। প্রকল্পের নাম: "বেগুনবাড়ি খালসহ হাতিরঝিল এলাকায় সমন্বিত উন্নয়ন শীর্ষক প্রকল্পের ক্ষতিগ্রস্থ আবাসিক ভবন মালিকদের পূনর্বাসন ও বিক্রয়ের লক্ষ্যে এপার্টমেন্ট নির্মাণ" ।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্পসাহায্য/জেডিসিএফ/স্বঅর্থায়ন/অন্যান্য): স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

বিষয়	প্রাক্কলন	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
		মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ
মূল	৫১৭২.২৫	--	--	--	--	জানুয়ারী,২০১০-ডিসেম্বর, ২০১২	০৮/০৮/২০১০		
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	৫১৭২.২৫	--	--	--	--	জানুয়ারী,২০১০-ডিসেম্বর, ২০১৪	১০/০৬/২০১৩	৩২৮৩.২৫ বা ৬৩.৪৭%	৬ বছর ৩০০%
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	৫১৭২.২৫	--	--	--	--	জানুয়ারী,২০১০-ডিসেম্বর, ২০১৭	২৪/০৫/২০১৭		
১ম সংশোধিত	৮৪৫৫.৫০	--	--	--	--	জানুয়ারী,২০১০-ডিসেম্বর, ২০১৮	০৮/০৮/২০১৭		
প্রকৃত ব্যয়	৭৫৩৬.০৬	--	--	--	--	-	-	-	-

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ৬৩.৪৭%।
(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৩০০%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃনঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
A) Revenue Component						
১।	Environment Clearance fee	nos	৫.০০	nos	৫.০০	১০০%
২।	Salary of office staff	nos	০.০০	nos	০.০০	০%
৩।	Testing Materials	no	৫.০০	no	১.০০	২০%
৪।	Consultancy	L.s	১০.০০	L.s	১০.০০	১০০%
	Sub-Total (Revenue Component)		২০.০০		১৬.০০	**০%**

৫।	Land Cost	acre	৯১৫.৪৪	acre	০.০০	
৬।	Civil Cost	Sqm	৫১৫৭.৩০	Sqm	৫১৫৭.৩০	১০০%
৭।	Sub-soil investigation	Nos	১.০০	Nos	১.০০	১০০%
৮।	Cap parking & Sub-station	Nos	৭৯০.১০	Nos	৭৯০.১০	১০০%
৯।	Electrification	Mr/nos	৭৯৬.৪১	Mr/nos	৭৯৬.৪১	১০০%
১০।	Lift Sub-station & generator	Nos	৪৬৯.৩৬	Nos	৪৬৯.৩৬	১০০%
১১।	Fire Hydrant & Fire fighting	Nos	২৯৫.৮৯	Nos	২৯৫.৮৯	১০০%
১২।	Transport & Vehicles	nos	০.০০	nos	০.০০	
১৩।	Computer & office equipment	L.s	৫.০০	L.s	৫.০০	১০০%
Sub-total (Capital Component)			**৮৪৩০.৫০**		**৭৫১৫.০৬**	
C. Contingency		**L.s**	**৫.০০**		**৫.০০**	
Grand Total (A+B+C)			৮৪৫৫.৫০		৭৫৩৬.০৬	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

- ❖ হাতিরঝিল প্রকল্পের ক্ষতিগ্রস্থ ভবন মালিকদের পুনর্বাসনের ব্যবস্থা করা;
- ❖ নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের আবাসন সংকট নিরসন করা;
- ❖ আবাসিক চাহিদা পূরনে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ; এবং
- ❖ এলাকার পরিবেশ ও অর্থনৈতিক ব্যবস্থা উন্নয়ন সাধন।

৯.১। **প্রকল্পের পটভূমি:** "বেগুনবাড়ী খালসহ হাতিরঝিল এলাকার সমন্বিত উন্নয়ণ শীর্ষক" প্রকল্পের জন্য ৩১০.১৪ একর জমি অধিগ্রহণ করা হয়, যার মধ্যে ব্যক্তিমালিকানাধীন জমির পরিমাণ ১৩৯.৯৬ একর। জমি অধিগ্রহণের ফলে প্রকৃত ক্ষতিগ্রস্থ ভূমি ও আবাসিক ভবন মালিকদের উপর্যুক্ত পূনর্বাসন এবং একই সাথে ঢাকা শহরের আবাসন সমস্যা লাঘবের উদ্দেশ্যে জনসাধারণের নিকট এপার্টমেন্ট বিক্রয়ের নিমিত্তে রাজউকের নিজস্ব অর্থায়নে হাতিরঝিল প্রকল্পের বেগুনবাড়ী মৌজায় ০.৯৩ একর (কম-বেশি) অধিগ্রহণকৃত জমিতে এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য ১৯/০১/২০১০ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আন্তঃমন্ত্রণালয়ের সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের আওতায় ১৫ তলা বিশিষ্ট ০২টি এপার্টমেন্ট ভবন (১ টি বেইজমেন্টসহ) যার প্রতি ফ্লোরে ০৪ টি ইউনিট হিসাবে প্রতি ইউনিট নেট এরিয়াঃ১২৮৩.২৭ বঃ ফুঃ (প্রায়), গ্রস এরিয়াঃ ১৫৫৭.৩০ বঃফুঃ (প্রায়) এবং নেট এরিয়াঃ ৮৭৪.৭২ বঃফুঃ, গ্রস এরিয়অঃ ১০৮৮.৮৩ বঃফুঃ (প্রায়) মোট ১১২টি ফ্ল্যাটে নির্মাণ কাজ সম্পদনের পথে। উক্ত ভবনদ্বয় সুপেরিয়র সাইজের ৫৬টি এবং স্ট্যান্ডার্ড সাইজের ৫৬ টি করে মোট ১১২ টি ফ্ল্যাট রয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৫১৭২.২৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি-২০১০ থেকে ডিসেম্বর -২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ০৮/০৮/২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৪৫৫.৫০ এবং বাস্তবায়ন মেয়াদ ৬ বছর বৃদ্ধি করে অর্থাৎ জানুয়ারী, ২০১০ থেকে ডিসেম্বর,

২০১৮ পর্যন্ত এর ১ম সংশোধন করা হয় যা ০৮/০৮/২০১৭ তারিখে মাননীয় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১। প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ২১/০৭/২০১৯ তারিখে প্রকল্প এলাকাতে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১১.২। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**

<table>
<tr><td></td><td></td></tr>
<tr><td>প্রকল্পের মাধ্যমে নির্মিত ১৫ তলা ভবনের দৃশ্য</td><td>প্রকল্পের মাধ্যমে নির্মিত ১৫ তলা ভবনের দৃশ্য</td></tr>
<tr><td></td><td></td></tr>
<tr><td>প্রকল্পের ১৫ তলা ভবনের সম্মখভাগের দৃশ্য</td><td>প্রকল্পের ১৫ তলা ভবনের সম্মখভাগের দৃশ্য</td></tr>
</table>

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র কর্মকর্তা আব্দুল্লাহ-আল-মাসুদ, সহকারী পরিচালক ১৮/০৯/২০১৭ তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩। <u>প্রকল্পের জনবল নিয়োগ:</u>

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ জামাল আক্তার ভূইয়া, রাজধানী উন্নয়ন কতৃপক্ষ রাজউকের নিজস্ব জনবল। ১৩ জন কর্মকর্তা ও কর্মচারী প্রেষণে নিয়োগের মাধ্যমে প্রকল্পের কাজে নিয়োজিত ছিলেন এবং উক্ত ১৩ জন কর্মকর্তা ও কর্মচারী রাজউকের ফান্ড হতে বেতন ভাতা গ্রহণ করেছেন কিন্তু প্রকল্প হতে কনো বেতন ভাতা গ্রহন করেনি ।

১৪। প্রকল্প পরিচালক সম্পকির্ত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	এ.এস.এম রায়হানুল ফেরদৌস	প্রকল্প পরিচালক (চীফ ইঞ্জিনিয়ার)	খন্ডকালীন	১/১/২০১০ হতে ২৯/৮/২০১৩ পর্যন্ত
২।	মোঃ এমদাদুল ইসলাম	চীফ ইঞ্জিনিয়ার	খন্ডকালীন	২৯/৮/২০১৩ হতে ২৭/১১/২০১৩ পর্যন্ত
৩।	মোঃ আরেফুর রহমান	প্রকল্প পরিচালক	খন্ডকালীন	২৭/১১/২০১৩ হতে ২১/৯/২০১৪ পর্যন্ত
৪।	মোঃ জামাল আক্তার ভূইয়া	প্রকল্প পরিচালক	খন্ডকালীন	২১/৯/২০১৪ থেকে ৩১/১২/২০১৮ পর্যন্ত

১৫| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মূল্যায়ণ, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ৪ টি।

খ. পন্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

ক্রঃ নং	কাজের নাম	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	কার্যাদেশের তারিখ	কাজ সমাপ্তির তারিখ	সমাপ্তির তারিখ	চুক্তির মেয়াদ বৃদ্ধির সংখ্যা/সময়	মন্তব্য
১	১২৫০ বর্গফুট ভবন নির্মাণ	৩০৬৯.১৯	০৯/০৬/১১	২৯/০১/১২	২৮/০১/১৪	২৭/১২/১৫	সময় বৃদ্ধির সংখ্যা ৩ বার ২৮/০৬/১৪- ২৯/১০/১৪ ২৯/১০/১৪-২৮/০১/১৫ ২৯/০১/১৫-২৮/১২/১৫ ১ বছর ৬ মাস	
২	৮৫০ ব:ফু: ভবন নির্মাণ	২৩৩৬.৭৬	০৫/০৬/১১	০৫/১০/১১	০৪/১০/১৩	৩০/০৬/১৫	সময় বৃদ্ধির সংখ্যা ২ বার ০৫/১০/১৩ - ৩০/০৬/১৪ ০১/০৭/১৪-৩০/০৬/১৫ ১ বছর ৭ মাস	
৩	৮৫০ বর্গফুট ভবন নির্মাণ	৯৪৭.৬৪	রি-টেন্ডার ০২/১১/১৬	১৩/০২/১৭	১২/১১/১৭	২৭/০৫/১৮	সময় বৃদ্ধির সংখ্যা ২ বার ১৩/১১/১৭ - ১২/০২/১৮ ১৩/০২/১৮-২৭/০৫/১৮ ৭ মাস	
৪	কার পাকিং ভবন নির্মাণ	৭৮৫.২৮	০৫/০৫/১৭	১৯/১০/১৭	১৯/১০/১৮	১৭/১২/১৮	সময় বৃদ্ধির সংখ্যা ১ বার ১৯/১০/১৮ - ১৭/১২/১৮ ২ মাস	

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
(ক) হাতিরঝিল প্রকল্পের ক্ষতিগ্রস্থ ভবন মালিকদের পুনর্বাসনের ব্যবস্থা করা;	(ক) হাতিরঝিল প্রকল্পের ক্ষতিগ্রস্থ ভবন মালিকদের পুনর্বাসনের লক্ষ্যে প্রকল্পের আওতায় ১৫ তলা বিশিষ্ট ০১টি এপার্টমেন্ট ভবন (১ টি বেইজমেন্টসহ) যার প্রতি ফ্লোরে ০৪ টি ইউনিট করে ৫৬ টি ফ্ল্যাট রয়েছে যার নেট এরিয়াঃ ৮৭৪.০০ বঃফুঃ, গ্রস এরিয়াঃ ১০৯০.০০ বঃফুঃ (প্রায়)	(ক) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, হাতিরঝিল প্রকল্পের ক্ষতিগ্রস্থ ভবন মালিকদের পুনর্বাসনের জন্য ১৫ তলা বিশিষ্ট ০১টি এপার্টমেন্ট ভবনে ৫৬ টি ফ্ল্যাট নির্মাণ করে ক্ষতিগ্রস্থদের নামে বরাদ্দ দেয়া হয়েছে।
(খ) নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের আবাসন সংকট নিরসন করা;	(খ) নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের আবাসন সংকট নিরসনের লক্ষ্যে প্রকল্পের আওতায় ১৫ তলা বিশিষ্ট ০১টি এপার্টমেন্ট ভবন (১ টি বেইজমেন্টসহ) যার প্রতি ফ্লোরে ০৪ টি ইউনিট করে ৫৬ টি ফ্ল্যাট রয়েছে যার প্রতি ইউনিট নেট এরিয়াঃ১২৮৩.২৭ বঃ ফুঃ (প্রায়), গ্রস এরিয়াঃ ১৫৫৭.৩০ বঃফুঃ (প্রায়) ।	(খ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, এ প্রকল্পের মাধ্যমে নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের জন্য ১৫ তলা বিশিষ্ট ০১টি এপার্টমেন্ট ভবনে ৫৬ টি ফ্ল্যাট প্রস্তুত করা হয়েছে।
(গ) আবাসিক চাহিদা পূরনে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ ।	(গ) আবাসিক চাহিদা পূরনে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।	(গ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, এ প্রকল্পের মাধ্যমে ১৫ তলা বিশিষ্ট ২ টি ভবনে ১১২টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে যার মাধ্যমে ১১২ টি পরিবারের আবাসিক চাহিদা পূরণ হবে।
(ঘ) এলাকার পরিবেশ ও অর্থনৈতিক ব্যবস্থা উন্নয়ন সাধন।	(ঘ) এলাকার পরিবেশ ও অর্থনৈতিক ব্যবস্থা উন্নয়ন সাধন করা হয়েছে ।	(ঘ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পটির বাস্তবায়নের ফলে হাতিরঝিলে প্রকল্প এলাকায় যারা বিচ্ছিন্নভাবে বসবাস করত, তাদের নবনির্মিত ভবনে আবাসনের ব্যবস্থা করা হয়েছে। এর ফলে হাতিরঝিল এলাকায় পরিবেশ ও অর্থনৈতিক অবস্থার উন্নয়ন হবে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত**: পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের অভ্যন্তরীন কোন অডিট হয় নাই। তবে ইন্টারনাল দুইটি অডিট সম্পন্ন হয়েছে, কোন অডিট আপত্তি নাই।

১৮। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১। **Time & cost over run**: প্রকল্পটির মূল ডিপিপি ৫১৭২.২৫ লক্ষ টাকা প্রাক্কলনে ২ বছর মেয়াদকালে জানুয়ারি ২০১০ হতে ডিসেম্বর ২০১২ মেয়াদে গত ০৮/০৮/২০১০ তারিখে অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীতে ৮৪৮৫.৫০ লক্ষ টাকা প্রাক্কলনে জানুয়ারি ২০১০ হতে ডিসেম্বর ২০১৮ মেয়াদে অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ৬ (ছয়) বছর বা ৩০০% এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৩২৮৩.২৫ লক্ষ টাকা বা ৬৩.৪৭% । উল্লেখ্য যে, জেলা প্রসাশক ঢাকা কর্তৃক হাতিরঝিল প্রকল্পের জমি দখল ও গ্রহনে বিলম্ব ঘটায় আলোচ্য এ্যাপাটমেন্ট ভবন নির্মান স্থানে কাজ শুরু করতে প্রায় দেড় বছর সময় বিলম্ব হয় এ ছাড়া প্রস্তাবিত এ্যাপাটমেন্ট ভবন নির্মান স্থানে বিদ্যমান দুইটি ২য় তলা ভবনসহ অন্যান্য স্থাপনা বিদ্যমান থাকায় অপসারনে বিলম্বঘটে ।

১৮.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ১৩টি অঙ্গ ছিল, পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের যথাযথ ব্যয় হয়েছে। কোন অঙ্গের ব্যয় ডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৮৪৫৫.৫০ লক্ষ টাকা, ব্যয় হয়েছে ৭৫৩৬.০৬ লক্ষ টাকা বা ৮৯.১২%। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় হয়নি, এ কারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি।

১৮.৩। **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত** : প্রকল্পের মাধ্যমে ১৫ তলা বিশিষ্ট ২ টি ভবন নির্মাণ করা হয়েছে। ভবন দুটিতে সুপেরিয়র সাইজের (বিক্রয়র জন্য) ৫৬ টি এবং ষ্ট্যান্ডার্ড সাইজের (ক্ষতিগ্রস্থদের জন্য) ৫৬ টি করে মোট ১১২ টি ফ্ল্যাট রয়েছে । সুপেরিয়র সাইজের প্রতি ইউনিট এর নেট এরিয়াঃ ১২৮৪.০০ বঃ ফুঃ (প্রায়), গ্রস এরিয়াঃ ১৬০০.০০ বঃফুঃ (প্রায়) এবং ষ্ট্যান্ডার্ড সাইজের নেট এরিয়াঃ ৮৭৪.০০ বঃফুঃ, গ্রস এরিয়াঃ ১০৯০.০০ বঃফুঃ (প্রায়) । ক্ষতিগ্রস্থদের জন্য সংরক্ষিত ভবনের প্লিন্থ এরিয়া ৪৩৫৬ বর্গফুট ও নিম্ন ও মধ্যবিত্তদের মধ্যে বিক্রয়ের জন্য ভবনের প্লিন্থ এরিয়া ৬৩৯২ ব:ফু: এবং প্রতি ফ্লোরে ০৪ টি করে ইউনিট রয়েছে। উক্ত ভবনের গ্রাউন্ড ফ্লোরে রিসিপশন রুম, ষ্টোর রুম, লবি ও ০২ (দুই) টি সাব স্টেশন নির্মাণ করা হয়েছে। সাব স্টেশন দুইটি ৫০০ ও ৬৩০ KVA ক্ষমতা সম্পন্ন এবং অভ্যন্তরীন রাস্তা, মাষ্টার ড্রেন, এবং পার্কিং সুবিধার জন্য ০১ টি বেজমেন্ট সহ ০১ তলা বিশিষ্ট ১০৫০০ ব:ফ: কার পার্কিং ভবন নির্মাণ করা হয়েছে। ভবন দ্বয়ের বেজমেন্ট ফ্লোরে নামাজের রুম, কমিউনিটি স্পেস, প্লে গ্রাউন্ট, ড্রইভার দের বসার রুমের ব্যবস্থা করা হয়েছ । প্রতিটি ভবনে ৮ জন ধারণ ক্ষমতা সম্বলিত ২টি করে লিফট দেয়া আছে এবং সেগুলো চলমান। ২টি ভবনের মধ্যে ১ টি ভবনের ৫৬টি ইউনিট ক্ষতিগ্রস্থদের জন্য এবং অন্য ১টি ভবনের ৫৬টি ইউনিট নিম্ন ও মধ্যবিত্তদের মধ্যে বিক্রয়ের জন্য। বিক্রয়ের জন্য ভবনের ৫৬ টি ফ্ল্যাট রয়েছে, প্রতি বর্গফুটের বিক্রয় মূল্য ধরা হয়েছে ৮,০০০/-টাকা এবং প্রতিটি ফ্ল্যাটের মূল্য ১,৩৪,০০,০০০/- টাকা। ১১২ টি ফ্ল্যাটের মধ্যে ১১২টি বরাদ্দপ্রাপ্তদের মধ্যে হস্তান্তর করা হয়েছে।

১৮.৪। **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত নির্মাণ সামগ্রী বুয়েটের ল্যাবরেটরিতে টেস্ট করে নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান এবং টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। সর্বোপরি, দৃশ্যমান প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৮.৫। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের ক্ষতিগ্রস্থ ভবন মালিকদের পুনর্বাসন, নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের আবাসন সংকট নিরসন, আবাসিক চাহিদা পূরনে সর্বোচ্চ ব্যবস্থা গ্রহণ এবং এলাকার পরিবেশ ও অর্থনৈতিক ব্যবস্থা উন্নয়ন সাধন এই ০৪ টি উদ্দেশ্য ছিল । উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রকল্পের মাধ্যমে ক্ষতিগ্রস্থ ভবন মালিকদের পুনর্বাসনের জন্য ১৫ তলা বিশিষ্ট ০১টি এপার্টমেন্ট ভবনে ৫৬ টি ফ্ল্যাট নির্মাণ করে ক্ষতিগ্রস্থদের নামে বরাদ্দ দেয়া হয়েছে। নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের মধ্যে বিক্রয়ের জন্য ১৫ তলা বিশিষ্ট ০১টি এপার্টমেন্ট ভবনে ৫৬ টি ফ্ল্যাট প্রস্তুত করা হয়েছে। ১৫ তলা বিশিষ্ট ২ টি ভবনে ১১২টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে যার মাধ্যমে ১১২ টি পরিবারের আবাসিক চাহিদা পূরণ হবে। প্রকল্পটির বাস্তবায়নের ফলে হাতিরঝিলে প্রকল্প এলাকায় যারা বিচ্ছিন্নভাবে বসবাস করত, তাদের নবনির্মিত ভবনে আবাসনের ব্যবস্থা করা হয়েছে। এর ফলে হাতিরঝিল এলাকায় পরিবেশ ও অর্থনৈতিক অবস্থার উন্নয়ন হবে। প্রকল্পের এসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের ১, ৩ ও ৪ নং উদ্দেশ্য অর্জন হয়েছে। প্রকল্পের বিক্রয়ের জন্য ফ্ল্যাটের মূল্য ধরা হয়েছে ১,৩৪,০০,০০০/- টাকা, যা নিম্ন ও মধ্যবিত্তের ক্রয় ক্ষমতার বাইরে এবং নিম্ন ও মধ্যবিত্ত আয়ের কেউ ফ্ল্যাট ক্রয় করতে পারেননি। এ কারণে প্রকল্পের ২য় উদ্দেশ্য পূরণ হয়নি বলে প্রতীয়মান হয়।

১৮.৬। **৩৩০০০ ভোল্টের পাওয়ার স্টেশন :** প্রকল্পের মাধ্যমে নির্মিত ভবনের বাউন্ডারীর পাশে ৩৩০০০ ভোল্টের পাওয়ার স্টেশন রয়েছে। হাই ভৌল্টেজ পাওয়ার স্টেশনের পাশে আবাসিক ভবন নিরাপদ নয়। প্রকল্পটি নেয়ার পূর্বেই বিষয়টি বিবেচনা করা উচিত ছিল। পরিদর্শনের সময় উপস্থিত প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, পাওয়ার স্টেশনটি অন্যত্র স্থানান্তর করা হবে। কিন্তু এখনো সেটি স্থানান্তরের কোন ব্যবস্থা নেয়া হয়নি। ইতোমধ্যে নির্মিত ভবনে বরাদ্দ প্রাপ্তরা বসবাস শুরু করেছেন। বসবাসকারীদের স্বাস্থ্যের কথা বিবেচনা করে পাওয়ার স্টেশনটি দ্রুত অন্যত্র স্থানান্তর করা প্রয়োজন।

১৮.৭। **প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা**: প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, পণ্য ক্রয়ের জন্য ০১ টি, কার্যের জন্য ০৫টি এবং সেবার জন্য ০১টিসহ মোট ০৭ টি প্যাকেজ রয়েছে। ০৭টি প্যাকেজের মধ্যে ০৭ প্যাকেজেরই দরপত্র আহ্বান করে কার্যক্রম সমাপ্ত হয়েছে। এই প্রকল্পের ক্ষেত্রে প্যাকেজগুলোর দরপত্র আহ্বান কার্যক্রম ডিপিপি/আরডিপিপি'র সিডিউল অনুযায়ী করা হয়নি এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ শেষ হয়নি, একাধিকবার মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। কার্যের ১নং প্যাকেজের চুক্তির মেয়াদ ৩ বারে ১বৎসর ৬ মাস বৃদ্ধি করা হয়েছে, কার্যের ২ নং প্যাকেজের চুক্তির মেয়াদ ২বারে ১বৎসর ৭ মাস

বৃদ্ধি করা হয়েছে, কার্যের ৩ নং প্যাকেজের চুক্তির মেয়াদ ১বারে ২মাস বৃদ্ধি করা হয়েছে।নির্ধারিত সময়ে দরপত্র আহবান না করা এবং বারবার চুক্তির মেয়াদ বৃদ্ধির কারনে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি হয়েছে বলে প্রতীয়মান হয়। এ ছাড়াও এ্যাপাটমেন্ট ভবন নং ২ এর কাজে নিয়োজিত ঠিকাদার প্রতিষ্ঠান "মের্সাস ছিদ্দিক এন্ড কোম্পানী" যথা সময়ে কাজটি সম্পাদনে ব্যর্থ হওয়ায় চুক্তিপত্রের G.C.C clause no- 89. i (b) (i) অনুযায়ী Fundamental Breach of Contract লঙ্ঘন হওয়ায় কাজটি বাতিল করা হয় এবং কর্তপক্ষের সিদ্ধান্ত মোতাবেক অবশিষ্ট কাজের ১৮.৩৫% টা: ১,৯৬,৪৫,০২৬/- Penalty নির্ধারন করা হয়।

১৮.৮। **সম্পদ রেজিষ্টার সংরক্ষণ:** এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশি বিভিন্ন প্রকার মালামাল নির্মাণ কাজে ব্যবহার করা হয়েছে । এসব মালামাল রেজিষ্টারে লিপিবদ্ধ করা হয়েছে । পরিদর্শনের সময় প্রকল্পটির সম্পদ রেজিষ্টার যাচাই করে মালামাল সঠিক পাওয়া গেছে।

১৮.৯। **ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন এবং একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্ব পালন:** এ প্রকল্প বাস্তবায়নকালীন ৪ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন, প্রত্যেকেই অতিরিক্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দিতে হয়। এ প্রকল্পটির প্রাক্কলন ছিল ৮৪৫৫.৫০ লক্ষ টাকা বা ৫০ কোটি টাকার উর্ধ্বে, কিন্তু পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ দেয়া হয়নি। উপরন্ত তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। নিয়মিত প্রকল্প পরিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘিত হয়েছে এবং প্রকল্পের কার্যক্রম দীর্ঘায়িত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৮.১০। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে একটি পিক আপ ও দুইটি মটর সাইকেল ক্রয়ের সংস্থান ছিল, কিন্তু প্রকল্পের আওতায় কোন যানবাহন ক্রয় করা হয়নি।

১৯। **সুপারিশ/মতামত** :

১৯.১। প্রকল্পটি প্রাক্কলিত ব্যয় ও মেয়াদে শেষ হয়নি, প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ৩২৮৩.২৫ লক্ষ টাকা বা ৬৩.৪৭% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ৬ বছর বা ৩০০%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনের মধ্যে বাস্তবায়নের জন্য দৃষ্টি আকর্ষণ করা হল।

১৯.২। প্রকল্পের ২ নং উদ্দেশ্য ছিল নিম্ন ও মধ্যবিত্ত আয়ের লোকদের আবাসন সংকট নিরসন করা। বিক্রয়ের জন্য প্রতি বর্গফুট ৮,০০০/-টাকা হিসেবে প্রতিটি ফ্ল্যাটের মূল্য ধার্য করা হয়েছিল ১,৩৪,০০,০০০/- টাকা, যা নিম্ন ও মধ্যবিত্তের ক্রয় ক্ষমতার বাইরে। এ কারণে প্রকল্পের ২য় উদ্দেশ্য পূরণ হয়নি বলে প্রতীয়মান হয়। মন্ত্রণালয় ও বাস্তাবায়নকারী সংস্থার নতুন প্রকল্পে উদ্দেশ্য বাস্তবতার নিরীক্ষে করতে হবে যাতে সে উদ্দেশ্য বাস্তবায়ন করা সম্ভব হয়।

১৯.৩। নির্মিত আবাসিক ভবনের বাউন্ডারীর পাশে ৩৩০০০ ভোল্টের পাওয়ার স্টেশন রয়েছে। হাই ভৌল্টেজ পাওয়ার স্টেশনের পাশে আবাসিক ভবন নিরাপদ নয়। আবাসিক ভবনে বসবাসকারীদের স্বাস্থ্য ও নিরাপত্তার কথা বিবেচনা করে পাওয়ার স্টেশনটি দ্রুত অন্যত্র স্থানান্তর বিষয়ে বা ভবিষ্যতে দূর্ঘটনা রোধে পূর্বব্যবস্থা নিতে পারে।

১৯.৪। এ প্রকল্পে ৪ জন প্রকল্প পরিচালক দায়িত্ব পালন করেছেন,তারা দাপ্তরিক দায়িত্বসহ একাধিক প্রকল্পের অতিরিক্ত দায়িত্বে ছিলেন। পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে কমিটির মাধ্যমে নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ এবং জরুরী প্রয়োজন না হলে পরিবর্তন না করার নির্দেশনা রয়েছে। নিয়মিত প্রকল্প পরিচালক পদায়ন না করায় পরিপত্রের বিধান লংঘিত হয়েছে বলে প্রতীয়মান হয়। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে উক্ত পরিপত্রের বিধান অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগের ব্যবস্থা গ্রহণ বাঞ্ছনীয় হবে ।

১৯.৫। এ প্রকল্পের ক্রয়কার্যক্রমে ডিপিপি'র সিডিউল অনুসরণ করা হয়নি এবং ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তির মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন হয়নি। একাধিক বার চুক্তি মেয়াদ বৃদ্ধি করা হয়েছে কিন্তু বিলম্বের কারণে কোন পেনাল্টি করা হয়নি। ডিপিপি'র সিডিউল অনুসরণ না করা এবং বারবার চুক্তি মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্রয়কার্যক্রমে যথাসম্ভব ডিপিপি'র সিডিউল অনুসরণ করতে হবে এবং চুক্তি মেয়াদের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে।

১৯.৬। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।